S. K GHOSH.

আহ্নিকতত্ত্বমালা।

(বিশুদ্ধহিন্দুসৎকর্ম্মপ্রয়োগঃ)

স্বধর্ম্মপরায়ণ

শ্রীযুক্ত পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়েন

সঙ্কলিতা যুক্তিপ্রমাণাদিভিরলঙ্কৃতা চ।

যদ্যত্র বহবো দোষা গুণলেশোঽপি কুত্রচিৎ।
অনুগৃহ্ণন্তু গৃহ্ণন্তু সন্তো গুণকণং মম॥

সিমুলিয়াসংস্কৃতবিদ্যালয়াধ্যাপকেন

শ্রীআশুতোষ শিরোরত্ন ভট্টাচার্য্যেণ

সংশোধিতা।

বিডনষ্ট্রীটস্থ দ্বাবিংশতিসংখ্যকভবনাৎ

শ্রীপ্রভাতচন্দ্র মুখোপাধ্যায়েন

প্রকাশিতা।

নিবেদন।

আজকাল অনেকেই নিত্যকর্ম্মপদ্ধতি প্রকাশ করিতে-ছেন। কেহ এক খণ্ডে, কেহ বা খণ্ডে খণ্ডে প্রকাশ করিতে-ছেন। যাঁহারা এক খণ্ডে প্রকাশ করিয়াছেন তাঁহারা স্থানে স্থানে এরূপ অস্পষ্ট ভাবে এবং সংক্ষেপে লিখিয়াছেন যে সে পুস্তক দেখিয়া কার্য্য করিলে বিশেষ অসুবিধা হয়। যাঁহারা খণ্ড খণ্ড করিয়া প্রকাশ করিয়াছেন, তাঁহারা এরূপ ভাবে লিখিয়াছেন যে সমুদয় খণ্ডগুলি একত্র না করিলে কোন কার্য্য করিতে পারা যায় না। নিত্যকর্ম্মপদ্ধতি মুদ্রিত হওয়ায় সাধারণের উপকার নিশ্চয়ই হইয়াছে, কিন্তু পর্য্যায়ক্রমে না হওয়ায় অনেক অসুবিধাও হইয়াছে। এই অসুবিধা দূর করি-বার জন্য ও কতিপয় বন্ধুর অনুরোধে বিশেষ যত্ন ও পরিশ্রম করিয়া এই পুস্তক প্রকাশ করিতে কৃতসঙ্কল্প হইয়াছি, যত্ন ও শ্রম সফল হইলে কৃতার্থ বোধ করিব। পূর্ব্বপ্রকাশকেরা যেন কদাচ মনে না করেন যে তাঁহাদিগের অপেক্ষা আমি পণ্ডিত ও শাস্ত্রজ্ঞ এবং আমি যাহা লিখিলাম তাহা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ; আমার অভিপ্রায় এই যে একখণ্ডে পর্য্যায়ক্রমে প্রাতঃকাল হইতে সায়ংকাল পর্য্যন্ত ব্রাহ্মণাদির কোন্ কোন্ কার্য্য কর্ত্তব্য তাহাই প্রকাশ করা। ইহাতে পাণ্ডিত্য দেখাই-বার কিছুই নাই, কারণ, তাঁহারা যেরূপ শাস্ত্রাদি হইতে সংগ্রহ করিয়াছেন আমি ও সেইরূপ অনেক শাস্ত্র হইতে সংগ্রহ করিয়া সংকলন করিয়াছি।

এই পুস্তক প্রকাশসম্বন্ধে আমার আর একটী বিশেষ বক্তব্য আছে। আমি শ্যামবাজার পল্লীস্থ কোন আত্মীয়ের বাটীতে কোন কার্য্যবশতঃ প্রাতঃকালে উপস্থিত হইয়াছিলাম। বাটীর কর্ত্তা তখন স্থানান্তরে থাকায় আমি তাঁহার জন্য অপেক্ষা করিতেছিলাম। দেখিলাম বাটীর কর্ত্রী একটী বৃদ্ধ ব্রাহ্মণকে লইয়া বাটী প্রবেশ করিতে করিতে বলিতেছেন, "বাপরে! কি সময় উপস্থিত হইল! আজ আমার ৮।৯ টী ছেলে থাকিতে বাটীতে শালগ্রামশিলার পূজা হয় না; তাহার জন্য একঘণ্টা কাল অনুসন্ধান করিয়া পল্লী হইতে ব্রাহ্মণ আনিয়া পূজা করাইতে হইল! কি দুঃখের বিষয়!" কিয়ৎক্ষণ পরে বাটীর কর্ত্তা প্রত্যাগমন করিলেন। অন্যান্য কথাবার্ত্তার পর আমি কর্ত্রীর মুখ হইতে যাহা শুনিয়াছিলাম তাহা আনুপূর্ব্বিক বলিলাম, তাহাতে তিনি নিতান্ত দুঃখের সহিত বলিলেন যে "এখনকার ছেলেরা ইংরাজের মত হুট্‌হাট্ করিয়া বেড়ায়, ইংরাজি লেখাপড়ায় যত্নবান বটে, কিন্তু ব্রাহ্মণের নিয়ম কিছু মাত্র রাখে না। তাহাদিগকে অনেক রকম নিত্যকর্ম্মপদ্ধতি পুস্তক দিয়াছি, কিন্তু কোন পুস্তকই পর্য্যায়ক্রমে লিখিত হয় নাই বলিয়া তাহারাও সন্ধ্যা বা পূজাদি করিতে নিতান্ত অসুবিধা মনে করে।" পরে তিনিও আমাকে পর্য্যায়ক্রমে নিত্যকার্য্যাদি লিখিতে অনুরোধ করেন।

আর একটী ব্যাপার দেখিতেছি, যত পুস্তক প্রকাশিত হইয়াছে, কাহার সহিত কাহারও ঐক্য নাই। যিনি যাহা মনে করিয়াছেন তাহাই লিখিয়াছেন, বিশেষতঃ ত্রিবেদীয়সন্ধ্যা প্রত্যেকেই ভিন্ন ভিন্ন ভাবে লিখিয়াছেন। সামবেদীয় ও

যজুর্ব্বেদীয়সন্ধ্যা পণ্ডিতেরা অনেক অনুসন্ধান করিয়া ঠিক করিয়াছেন, কিন্তু ঋগ্বেদীয়সন্ধ্যার আজ পর্য্যন্ত কিছুই ঠিক হয় নাই, সুতরাং সকলেই ভিন্ন ভিন্ন ভাবে সন্ধ্যা করিয়া থাকেন। আমি এই ঋগ্বেদীয়সন্ধ্যা শাস্ত্রসম্মত করিবার জন্য বোম্বাই হইতে বেদশাস্ত্র প্রভৃতি আনাইয়া অনেক যত্নসহকারে যতদূর পারা যায় ঠিক করিয়াছি, আশা করি ইহাতে সাধারণের বিশেষ সুবিধা হইবে। অনেকেই সন্ধ্যা প্রভৃতির বঙ্গানুবাদ প্রকাশ করিয়াছেন, সেই জন্য অনুবাদ না করিয়া যাহা যাহা নিত্যকর্ম্মে প্রয়োজনীয় তাহাই প্রকাশ করিলাম। এই পুস্তকে "নিষ্কাম সাধনা" দেওয়া হইয়াছে, ইহা একটী অপূর্ব্ব স্তোত্র। সাধারণের বিশেষ পাঠোপযোগী করিবার জন্য ইহা যতদূর বিশুদ্ধ করিতে পারা যায় তাহা করা হইয়াছে। এক্ষণে আমার কেবল মাত্র এই প্রার্থনা যে আমার এই "আহ্নিকতত্ত্বমালা" সাধারণের বিশেষতঃ যুবক-বৃন্দের নিত্যকর্ম্মের উপযোগী হয়।

সাধারণের সুবিধার জন্য এই পুস্তকে ৺ সত্যনারায়ণ পূজা-পদ্ধতি ও তাহার ব্রতকথা স্কন্দপুরাণান্তর্গত রেবাখণ্ডের ৪ অধ্যায় প্রকাশিত হইল। স্ত্রীলোক ও অপরসাধারণের বোধগম্যের জন্য উক্ত ব্রতকথা বাঙ্গালায় প্রকাশিত হইল। আশা করি ইহাতে সকলেরই সুবিধা হইবে।

আমি বিশেষরূপে চেষ্টা করিয়াছিলাম যাহাতে এই পুস্তক বিশুদ্ধ ভাবে ছাপা হয়, কিন্তু দুর্ভাগ্যবশতঃ ছাপাখানার লোকের অসাবধানতাপ্রযুক্ত স্থানে স্থানে অশুদ্ধ হইয়াছে। কতিপয় বিদেশীয় গ্রাহকের এই পুস্তক নিতান্ত শীঘ্র আবশ্যক

হওয়াতে ভ্রম সংশোধন করিতে সময় পাইলাম না, তাহার জন্ত পাঠকবর্গ আমাকে ক্ষমা করিবেন। দ্বিতীয় সংস্করণে বিশুদ্ধভাবে ছাপাইতে বিশেষরূপে যত্নবান হইব।

পরিশেষে কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি যে স্মৃতিশাস্ত্র বিশারদ পণ্ডিত শ্রীযুক্ত আশুতোষ শিরোরত্ন মহাশয় অনেক পরিশ্রম ও যত্ন-সহকারে আমার এই"আহ্নিকতত্ত্বমালা" সংশোধন করিয়াছেন, তজ্জন্ত আমি তাঁহার নিকট কৃতজ্ঞতাপাশে বদ্ধ রহিলাম।

২২ নং বিডনষ্ট্রীট, কলিকাতা।
আষাঢ় ১৩১২ সাল।

শ্রীপূর্ণচন্দ্র দেবশর্ম্মণঃ
মুখোপাধ্যায়স্ত।

সূচিপত্রং।

আহ্নিকতত্ত্বমালা।

কৃত্যবিধানম্।

প্রভাতে জাগরিত হইয়া যথানিয়মে প্রাতঃস্মরণীয় মন্ত্রাদি পাঠ করিবে। পরে মলমূত্রত্যাগ, শৌচাদি ও দন্তধাবনক্রিয়া সমাপন করিয়া, শুচি হইয়া, রাত্রিপরিধেয়বস্ত্র ত্যাগ করিবে। তৎপরে সমর্থ হইলে প্রাতঃস্নান করিয়া তর্পণ ও প্রাতঃসন্ধ্যা করিবে। প্রাতঃস্নান করিতে অসমর্থ হইলে প্রাতঃসন্ধ্যাদি সমাপন করিয়া পুষ্পচয়ন করিবে। তদনন্তর ক্ষৌরাদিকর্ম্ম সমাপন করিয়া তৈলমর্দ্দনপূর্ব্বক গঙ্গাস্নান বা সন্নিকটস্থ নদীতে অথবা পুষ্করিণীতে স্নান করিবে। পরে শিখাবন্ধন, তিলকধারণ, মধ্যাহ্ন-সন্ধ্যা, ও তর্পণাদি করিয়া গণেশাদি পঞ্চ দেবতার পূজাপূর্ব্বক নারায়ণাদি পূজা করিবে। তৎপরে ভোগ দিয়া স্তব ও কবচাদি পাঠ করিবে। তদনন্তর ভোজন ইত্যাদি ও সায়ংকালের কার্য্য পর্য্যায়ক্রমে করিতে হইবে। এই সমস্ত কার্য্য নিত্যকর্ম্ম, ইহা যথাপূর্ব্বক না করিলে পাপ হয়, এবং সেই পাপজনিতফল স্বরূপ নানারোগ ভোগ করিতে হয়। অতএব ধর্ম্মও শরীর রক্ষার্থে এই সমস্তকর্ম্ম বিধিপূর্ব্বক করিবার জন্য তাহার অনুষ্ঠান-প্রকরণ পর্য্যায়ক্রমে প্রকাশিত হইল।

নিদ্রাভঙ্গবিধিঃ।

ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় ধর্ম্মমর্থঞ্চ চিন্তয়েৎ।

অর্থাৎ চারিদণ্ড রাত্রি থাকিতে জাগরিত হইয়া গাত্রোত্থান পূর্ব্বক ধর্ম্ম ও অর্থ চিন্তা করিবে।

প্রাতঃস্মরণীয়মন্ত্রাঃ।

ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী,
ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনি-রাহু-কেতূ
কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতং।
লোকেশ চৈতন্যময়াধিদেব
শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং
সংসারযাত্রা-মনুবর্ত্তয়িষ্যে॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি॥
প্রাতঃ শিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুং।
প্রসন্নবদনং শান্তং স্মরেত্তন্নামপূর্ব্বকং॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনং॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।

যোঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যাৎ নষ্টঞ্চ লভতে পুনঃ॥
প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গাদুর্গাক্ষরদ্বয়ং।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥

শয্যা হইতে গাত্রোত্থান করিয়া "ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ" বলিয়া পৃথিবীকে প্রণাম করিবে এবং পুরুষ অগ্রে দক্ষিণ পদ এবং স্ত্রীজাতি অগ্রে বামপদ ভূমিতে নিক্ষেপ করিবে।

মলমূত্রত্যাগশৌচবিধিঃ।

প্রাতে মলমূত্রত্যাগ করা শারীরিকস্বাস্থ্য লাভের প্রধান উপায়। সেই দারুণ ঘৃণাকর অমেধ্য বস্তুর কণামাত্র যতক্ষণ শরীরে সংলগ্ন থাকে ততক্ষণ পবিত্রতা বা বুদ্ধি একেবারে তিরোহিত হয়। শয়ন, উপবেশন, দেবার্চ্চনা, ভোজনাদি কোন কর্ম্মে প্রবৃত্তি হয় না, এবং ইহা হইতে ক্রমে ক্রমে এক ভয়ানক পীড়া হইবার সম্ভাবনা। যাহাতে মলমূত্রত্যাগের কোন রূপ ব্যাঘাত না জন্মে, সাধারণের এইরূপ অবশ্য কর্ত্তব্য। কদাচ মলমূত্রের বেগসম্বরণ করিবে না। মলমূত্রের বেগ ধারণ করিলে, দুঃসাধ্যরোগাক্রান্ত হইয়া, অকালে মৃত্যুমুখে পতিত হইতে হয়। যাঁহারা যথাসময়ে মলমূত্রত্যাগ করেন তাঁহাদের ব্রহ্মানুষ্ঠান, ধর্ম্মাচরণ ও স্বাস্থ্যরক্ষার নিয়মাদি যথাবিধি প্রতিপালন করিতে কদাপি কষ্ট হয় না। মলমূত্রত্যাগকালীন যজ্ঞোপবীত

দক্ষিণকর্ণে সংলগ্ন করিয়া রাখিবে, কথা কহিবে না, এবং জুতা পায়ে দিয়া মলত্যাগ করিবেনা। জলপাত্র ধারণ করিয়া মলমূত্র ত্যাগ নিষিদ্ধ। পথে, জলে, ভস্মে, পর্ব্বতে, গোষ্ঠে, ক্ষেত্রে, উই-ঢিপিতে, চিতায়, বা দেবালয়ে, দাঁড়াইয়া, বা চলিতে চলিতে, মলমূত্রত্যাগ করিবে না। মলমূত্রত্যাগের পর জলদ্বারা শৌচ-কার্য্যাদি সম্পন্ন করিবে। বামহস্ত দ্বারা মলদ্বার তিনবার ও মূত্রদ্বার একবার মৃত্তিকা দিয়া লেপন করা বিধেয়। অনন্তর উভয় স্থান নয় বার ধৌত করিবে। এইরূপ মলমূত্রদ্বারের শৌচসাধন করিয়া বাম হস্তে দশবার মৃত্তিকা লেপন করিবে। বাম হস্তের পশ্চাৎভাগে দুইবার ও তৎপরে বাম ও দক্ষিণ উভয়হস্তে সাত-বার এবং দুই পদতলে তিন তিন বার মৃত্তিকা লেপন করিবে। মৃত্তিকালেপনের পর জলদ্বারা ধৌত করিলেই শৌচকর্ম্ম সম্পন্ন হয়। মূত্রত্যাগ সময়ে কাছা খুলিতে হয় ও জলদ্বারা শৌচ করা বিধেয়।

মুখপ্রক্ষালনবিধিঃ।

মলমূত্রত্যাগের পর মুখপ্রক্ষালন কর্ত্তব্য। পূর্ব্বরাত্রির ভুক্ত-বস্তুর অতি সূক্ষ্ম কণামাত্র দন্তমূলে বা মুখের ভিতর কোথাও সংলগ্ন থাকিলে শৌচ হইবে না, এবং বৈধকার্য্যে অধিকার জন্মিবে না। দন্তকাষ্ঠ, মঞ্জন বা চূর্ণক দিয়া দন্তমার্জ্জন করিয়া মুখপ্রক্ষালন করিবে। কদম্ব, করঞ্জ, বট, নিম্ব, বিল্ব, আকন্দ, তেঁতুল, বাঁস, আম্র, যজ্ঞডম্বুর ইত্যাদি কাষ্ঠ দ্বারা দন্তধাবন প্রশস্ত। প্রতিপদ, ষষ্ঠী, অষ্টমী, নবমী, চতুর্দ্দশী, অমাবস্যা,

পূর্ণিমা, সংক্রান্তি, জন্মদিন, বিবাহদিন শ্রাদ্ধদিন, ব্রতদিন ও উপবাস দিনে দন্তকাষ্ঠ ব্যবহার নিষেধ। যে দিন দন্তকাষ্ঠ ব্যবহার নিষিদ্ধ, এবং যে দিনে দন্তকাষ্ঠের অভাব হইবে সেই দিন কেবল মাত্র বারটি কুল্লি করিলেই মুখশুদ্ধি হইবে। দন্তধাবন অতিসাবধানে করা কর্ত্তব্য, কারণ দন্ত হইতে কোন রূপে রক্তপাত হইলে ক্ষতাশৌচ হয়। ক্ষতাশৌচে কাম্য কার্য্য নিষিদ্ধ। দন্তসংলগ্ন বস্তু যাহা অনায়াসে বাহির না হইবে তাহাকে দন্তবৎ জানিতে হইবে। তৈলমর্দ্দন করিয়া দন্তধাবন করিবে না। অনন্তর জিহ্বা-নির্লেপন, (চাঁচিয়া) তাহার সংস্কার করিবে। তর্জ্জনীদ্বারা দন্তমার্জ্জন নিষিদ্ধ।

প্রাতঃসন্ধ্যা।

দন্তধাবন ও মুখপ্রক্ষালনের পর পরিধেয়বস্ত্র পরিত্যাগ করিয়া প্রাতঃসন্ধ্যা করিবে পরে দীক্ষিতব্রাহ্মণ তান্ত্রিকসন্ধ্যা করিবে। (প্রাতঃসন্ধ্যাদি পরে দ্রষ্টব্য।)

প্রাতঃস্নায়ী ব্যক্তি প্রাতঃস্নান করিয়া প্রাতঃসন্ধ্যা করিবেন। কিন্তু প্রাতঃসন্ধ্যার কাল অতীত হইবার আশঙ্কা না থাকিলে স্নানান্তে তর্পণ করিয়া সন্ধ্যাদি সমাপন করিবেন। যদ্যপি কালাতিপাতের আশঙ্কা ঘটে তাহা হইলে স্নানান্তে প্রাতঃসন্ধ্যা করিয়া তর্পণ করিবেন।

পুষ্পচয়নবিধিঃ।

প্রাতঃকালে পুষ্পচয়ন করা অবশ্য কর্ত্তব্য। ইহাতে প্রাতঃ ভ্রমণের ফল শরীরের বিশেষ উপকার হয়। প্রাতঃসমীরণসেবন

ও প্রাতঃকালীন প্রকৃতির শোভা সন্দর্শন কেবল যে আনন্দকর তাহা নহে, ইহা অতিস্বাস্থ্যপ্রদ। এই প্রাতঃসমীরণ সেবনে অনেক অমোঘ বলকারক ঔষধে যাহা না করিতে পারে, তাহা সম্পন্ন হইয়া থাকে। নির্ম্মল প্রাতঃসমীরণস্পর্শে ও প্রাতঃকালীনপ্রকৃতির অপূর্ব্বশোভাসন্দর্শনে চিত্তের অতিশয় প্রসন্নতা জন্মে এবং হৃদয় ঈশ্বরাভিমুখীন হয়। দেবদেবীরপূজার্থে বামহস্তে কদাচ পুষ্পচয়ন করিবে না। বিল্বপত্র ও তুলসী বৃন্তসংযুক্ত তুলিবে। উগ্রগন্ধ বা নির্গন্ধ পুষ্প দেবদেবীপূজায় ব্যবহার করিবে না। শুষ্ক, বাসি, কীটযুক্ত ও আঘ্রাত পুষ্পে পূজা নিষেধ। তুলসী, বিল্বপত্র, দূর্ব্বা, চম্পক, বকুল, এবং পদ্ম প্রভৃতি পুষ্প বাসি হইলে ও পূজাতে ব্যবহার করা যায়। শ্রাদ্ধে ও শিবপূজাতে দূর্ব্বার মধ্যস্থিতদল ফেলিয়া ব্যবহার করিবে। সাধারণ পূজায় দূর্ব্বা ও বিল্বপত্র ত্রিপত্র রাখিবে।

তুলসীচয়নবিধিঃ।

ওঁ তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

এই মন্ত্রপাঠ করিয়া তুলসীচয়ন করিবে।

সংক্রান্তি, দ্বাদশী, অমাবস্যা, পূর্ণিমা, সায়ংকাল, রাত্রিকাল এবং শাখার সহিত তুলসীচয়ন নিষিদ্ধ।

বিল্বপত্রচয়নমন্ত্রঃ।

ওঁ অমৃতোদ্ভব শ্রীবৃক্ষ শঙ্করস্য সদা প্রিয়।
ক্ষমস্ব শিবপূজার্থং তব পত্রং হরাম্যহম্॥

এই মন্ত্রপাঠ করিয়া বিল্বপত্রচয়ন করিবে।

যজ্ঞসূত্রধারণবিধিঃ।

যজ্ঞসূত্র জীর্ণ হইলে বা অশৌচান্তে গ্রন্থি দিয়া ধারণ করিতে হয়। গ্রন্থি কি প্রকারে দিতে হয় তাহারই বিধান নিম্নে প্রকাশিত হইল।

গ্রন্থিবিধানম্।

প্রথমতঃ পূর্ব্বাভিমুখ হইয়া বসিবে। পরে দুই হাঁটু উত্তোলন করিয়া উভয়হাঁটুর মধ্যে কিঞ্চিৎ অধিক এক হাত দীর্ঘে ফাঁক রাখিলে যজ্ঞসূত্রের পরিমাণ নির্ণয় হয়। তৎপরে যজ্ঞসূত্রের একখুঁট বামহস্তে ধরিয়া বামহাঁটু বেষ্টনপূর্ব্বক উভয়হাঁটুর মধ্যস্থলে আনিয়া, বৃদ্ধাঙ্গুলি তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলি দ্বারা ধরিয়া রাখিবে; এবং দক্ষিণহস্ত দ্বারা দক্ষিণদিক হইতে তিন ফের ঘুরাইয়া দুই খুঁট একত্র করিবে। দ্বিতীয় খুঁট্‌টী বাম দিকে একটু অধিক করিয়া লইবে। পরে বৃদ্ধাঙ্গুলির নখের উপর দিয়া দক্ষিণদিকে আনিয়া দক্ষিণহাটুর কাছে টান করিয়া গুঁজিয়া রাখিবে। তৎপরে প্রথমখুঁট দিয়া বৃদ্ধাঙ্গুলির দক্ষিণদিকে যে চার তার সুতা থাকিবে উহাকে স্বীয়প্রবর উল্লেখ করিয়া তিন ফের জড়াইবে এবং দ্বিতীয়খুঁট যাহা হাঁটুর দক্ষিণদিকে টান করিয়া রাখা হইয়াছে, উহা উত্তোলন করিয়া ঐ খুঁটের নিম্ন দিয়া বৃদ্ধাঙ্গুলির নখের উপর যে সুতা আছে উহা নামাইলে একটী ক্ষুদ্র গোলাকার ছিদ্র হইবে, ঐ ছিদ্রের ভিতর প্রথমখুঁট্‌টী দিয়া বাহির করিয়া, বৃদ্ধাঙ্গুলিদ্বারা চাপিয়া রাখিবে, পরে দ্বিতীয়খুঁট্‌টী ধরিয়া টান্ দিলেই গ্রন্থি পড়িবে।

গ্রন্থি পড়িবার সময় বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবঃ শর্ম্মা যজ্ঞোপবীতার্থং যজ্ঞসূত্রগ্রন্থিমহং করিষ্যে। (অপরের গ্রন্থি দিতে হইলে দেবশর্ম্মাপর্য্যন্ত পড়িয়া অমুকগোত্রস্য শ্রীঅমুক-দেবশর্ম্মণঃ পড়িবে, এবং করিষ্যের স্থলে করিষ্যামি হইবে) বলিয়া গায়ত্রী পড়িবে। তৎপরে—"এতৎ যজ্ঞোপবীতার্থ যজ্ঞসূত্রং ওঁ শ্রীবিষ্ণবে অর্পিত মস্তু" বলিয়া ভূমিতে নিক্ষেপ করিবে। ইহাকে সামবেদীয়গ্রন্থি বলে।

গোত্রপ্রবরাঃ।

ভরদ্বাজ গোত্রের—ভরদ্বাজ অঙ্গিরস বার্হস্পত্য প্রবর।

বাৎস্য ও সাবর্ণ গোত্রের—ঔর্ব্ব চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্লুবৎ প্রবর।

শাণ্ডিল্যগোত্রের—শাণ্ডিল্য অসিত দেবল প্রবর।

কাশ্যপ গোত্রের—কাশ্যপ অপসার নৈয়ধ্রুব প্রবর।

ঋগ্বেদী ও যজুর্ব্বেদী ব্রাহ্মণেরা ব্রহ্মগ্রন্থি দিয়া থাকেন।

ঋগ্বেদীয় যজ্ঞসূত্রের পরিমাণ নাভির উর্দ্ধ পর্য্যন্ত এবং যজুর্ব্বেদীয় যজ্ঞসূত্রের পরিমাণ নাভি পর্য্যন্ত হইবে।

যজ্ঞোপবীতধারণমন্ত্রঃ।

(সামবেদীয়)

ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বোপবীতেনোপনেহ্যামি॥

এই মন্ত্রপাঠ করিয়া ধারণ করিবে।

(ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয়)

ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং
প্রজাপতের্যৎ সহজং পুরস্তাৎ।
আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং
যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥

এই মন্ত্রপাঠ করিয়া যজ্ঞোপবীত ধারণ করিবে।

যজ্ঞোপবীত সর্ব্বদা উপবীতীরূপে অর্থাৎ বামস্কন্ধে রাখিবে। পাঠকবর্গের নিকট আমার সবিনয় প্রার্থনা যেন তাঁহারা যজ্ঞোপবীত সর্ব্বদা পরিস্কার রাখেন তাহাতে মনও সর্ব্বদা পরিস্কার থাকিবে।

ক্ষৌরবিধিঃ।

রবিবারে ধনহানি, মঙ্গলবারে আয়ুঃক্ষয়, বৃহস্পতিবারে মানহানি, শুক্রবারে শুক্রহানি, এবং শনিবারে ধনপুত্ত্রাদিনাশ। রাত্রি, সন্ধ্যাকাল, দশমী, পৌর্ণমাসী, দ্বাদশী, এই সকল বারে ও তিথিতে ক্ষৌর হইবে না। কেবল মাত্র সোমবারে ও বুধবারে ক্ষৌর কার্য্য কর্ত্তব্য। জন্মবারে ক্ষৌর নিষিদ্ধ।

তৈলমর্দ্দনম্।

বঙ্গদেশে আবালবৃদ্ধবনিতা সকলেই স্নানের পূর্ব্বে সর্ব্বাঙ্গে তৈলমর্দ্দন করেন। তৈল দ্বারা শরীর স্নিগ্ধ হয়, এবং তদ্দ্বারা লোমকূপের মুখ কিয়ৎপরিমাণ রুদ্ধ থাকে বলিয়া স্নান কালে শরীরমধ্যে অধিকজল প্রবেশ করিতে পারে না, ইহাতে চর্ম্মের পুষ্টি, চিক্কণতা ও মসৃণতা জন্মে এবং অনেক প্রকার চর্ম্মরোগ

হয় না। তৈলমর্দ্দন করিবার পূর্ব্বে কনিষ্ঠা ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা তৈল লইয়া "ওঁ অশ্বত্থাম্নে নমঃ" বলিয়া তিনবার ভূমিতে নিক্ষেপ করিয়া তৈলমর্দ্দন করিবে। ষষ্ঠী, অষ্টমী, নবমী, চতুর্দ্দশী, অমাবস্যা, ও পূর্ণিমাপ্রভৃতি তিথিতে এবং রবিবারে ও শ্রাদ্ধদিনে তৈলমর্দ্দন নিষিদ্ধ। কিন্তু সর্ষপতৈল, পক্কতৈল এবং ফুলেলতৈল নিষিদ্ধ নহে। অগ্রে ব্রাহ্মণ বামপদে, ক্ষত্রিয় দক্ষিণ কর্ণে, বৈশ্য দক্ষিণপদে, এবং শূদ্র মস্তকে তৈলমর্দ্দন করিবে।

স্নানবিধিঃ।

যতরকম স্নান আছে তন্মধ্যে গঙ্গাস্নান প্রশস্ত। তাহার পর নদীস্নান, তাহার পর সরোবরস্নান, তাহার পর তোলা জলে স্নান। গঙ্গার পবিত্রসলিলে অবগাহনস্নান করিলে শরীর পবিত্র হয়, রোগাদি বিনষ্ট হয় এবং দিন দিন শরীরে কান্তি ও তৎসঙ্গে মন পরিষ্কৃত হইয়া ধর্ম্মাচরণে প্রবৃত্তি হয়। ক্রমে সেই সর্ব্বান্তর্যামী ভগবানের ধ্যানধারণায় নিমগ্ন হইয়া মোক্ষপদ লাভ করে। অতএব মানবজাতির প্রাতঃকালে গঙ্গাস্নান করা অবশ্য কর্ত্তব্য, ইহাতে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ চতুবর্গফল লাভ হয়। গঙ্গাস্নানাভাবে নদীজলে স্নান করিবে। স্রোতোজলে স্নান করিলে মন প্রফুল্লিত হয় ও শরীরের রোগাদি বিনষ্ট হয়। নদী অভাবে সরোবরে স্নান ভাল, কিন্তু স্রোতোজলে স্নান করিলে যেরূপ ফললাভ হয়, সরোবরের বদ্ধজলে স্নান করিলে, তদ্রূপ ফল হয় না। কিন্তু তোলা জলে স্নান

অপেক্ষা অনেক স্বাস্থ্যপ্রদ। তোলাজলে স্নান কদাচ কর্ত্তব্য নহে। অন্য উপায় থাকিলে কদাচ তোলাজলে স্নান করিবে না। উহাতে নানাপ্রকার ব্যাধি শরীরে প্রবেশ করে, তাহাতে অকাল মৃত্যুর সম্ভাবনা। শাস্ত্রে একবস্ত্রে স্নান করিতে নিষেধ থাকয়া গামছা থাকা আবশ্যক। পরিহিতবস্ত্রদ্বারা গাত্রমার্জ্জনাদি করিবে না। অসুস্থতানিবন্ধন স্নান করিতে অসমর্থ হইলে সিক্তবস্ত্র দ্বারা গাত্রমার্জ্জন করা বিধেয়।

গঙ্গাস্নানবিধিঃ।

গঙ্গাতীরে উপস্থিত হইয়া এই মন্ত্র পাঠ করিবে।

ওঁ গঙ্গা গঙ্গেতি যো ব্রূয়াৎ যোজোনানাং শতৈরপি।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো বিষ্ণুলোকং স গচ্ছতি।

গঙ্গামৃত্তিকা-লেপনমন্ত্রঃ।

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং॥
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে॥

এই মন্ত্রপাঠ করিয়া গাত্রে গঙ্গামৃত্তিকা লেপন করিবে। স্নানের পূর্ব্বে সর্ব্বাঙ্গে গঙ্গামৃত্তিকা লেপন করিলে শরীরে কোন প্রকার রোগ স্পর্শ করিতে পারে না, দেহ শীতল থাকে এবং মনও পবিত্র হয়। দেখা গিয়াছে অনেক লোক গঙ্গামৃত্তিকা লেপন করিয়া মহাব্যাধি হইতে মুক্তি লাভ করিয়াছে।

সঙ্কল্পবাক্যং।

সঙ্কল্প করিবার পূর্ব্বে একটি ডুব দিয়া আচমন করিবে এবং এক অঞ্জলিজল লইয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি, অমুকে পক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা, শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অস্যাং গঙ্গায়াং স্নানমহং করিষ্যে। *

কটিদেশপর্য্যন্ত জলে ডুবাইয়া আচমন করিবে এবং "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র উচ্চারণ করিয়া চারিদিকে একহস্ত পরিমিত চতুষ্কোণমণ্ডল করিয়া তন্মধ্যে গঙ্গাদিতীর্থের আবাহন করিবে।

আবাহনমন্ত্রঃ।

ওঁ আবাহয়ামি ত্বাং দেবি স্নানার্থমিহ সুন্দরি।
ত্রাহি গঙ্গে নমস্তুভ্যং সর্ব্বতীর্থসমন্বিতে॥
ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥
কুরুক্ষেত্র-গয়া-গঙ্গা-প্রভাস-পুষ্করাণি চ।
পুণ্যান্যেতানি তীর্থানি স্নানকালে ভবন্ত্বিহ॥

স্নানমন্ত্রঃ।

বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি।
ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি॥

---

* নদীতে স্নান করিলে অস্যাং নদ্যাং, পুষ্করিণীতে স্নান করিলে অস্যাং পুষ্করিণ্যাং বলিবে। স্ত্রী ও শূদ্রেরা শ্রীবিষ্ণুর্নমোঽহদ্য বলিবে এবং স্ত্রীলোক অমুকগোত্রা অমুকী দেবী বা দাসী বলিয়া শ্রীবিষ্ণুপ্রীতিকামা বলিবে। শূদ্রেরা অমুকদাসঃ বলিবে।

শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দ্দেবি জাহ্নবি।
অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাং॥

পরে পূর্ব্বমুখ হইয়া স্রোতোঽভিমুখে ডুব দিবে।

স্নানান্তে বস্ত্রপরিত্যাগ না করিয়া শিখাবন্ধনাদি ও তর্পণ করিবে।

শিখাবন্ধনবিধিঃ।

ব্রাহ্মণ কেবল গায়ত্রী জপ করিয়া শিখাবন্ধন করিবেন।

শূদ্রের শিখাবন্ধনের মন্ত্র।—

নমো ব্রহ্মবাণীসহস্রাণি শিববাণীশতানি চ।
বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহং॥

এই মন্ত্র পাঠ করিয়া শূদ্রে শিখাবন্ধনপূর্ব্বক আচমন করিয়া বিষ্ণুস্মরণ করিবে।

তিলকধারণবিধিঃ।

কর্ম্মের আদিতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি জাতিরই তিলক ধারণ করা অবশ্য কর্ত্তব্য। তিলক না করিয়া যদি কোন কার্য্য করে তাহা নিষ্ফল হয়। ব্রাহ্মণ ঊর্দ্ধপুণ্ড্র, ক্ষত্রিয় ত্রিপুণ্ড্র, বৈশ্য অর্দ্ধচন্দ্রের ন্যায়, শূদ্র গোলাকারতিলক করিবে। নাসিকা হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র তিলকের নাম ঊর্দ্ধপুণ্ড্র, ত্রিশূলাকৃতি তিলকের নাম ত্রিপুণ্ড্র। মধ্যমা বা অনামিকা অথবা অঙ্গুষ্ঠ দ্বারা তিলক করিবে। গঙ্গামৃত্তিকা, যজ্ঞভস্ম, বা চন্দন দ্বারা তিলক করিতে হয়, এই সকলের অভাব হইলে কেবল জল

দ্বারাও তিলক করা যায়। তিলকের মধ্যস্থলের ছিদ্র অঙ্গুলী দ্বারা করিবেনা। মস্তকে, ললাটে, কণ্ঠে, বাহুদ্বয়মূলে, হৃদয়ে, নাভিদেশে ও পৃষ্ঠে এক একটী এবং দুই পার্শ্বে দুইটী করিয়া তিলক করিবে।

তিলকধারণমন্ত্রঃ।

কেশবানন্ত গোবিন্দ বরাহ পুরুষোত্তম।
পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু॥

এই মন্ত্র পাঠ করিয়া তিলকধারণ করিবে।

চন্দন দ্বারা তিলকধারণ করিতে হইলে এই মন্ত্র পাঠ করিবে।

কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌখ্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহং॥

বৈষ্ণবপ্রভৃতির তিলকধারণের মন্ত্র।

ললাটে—কেশবায় নমঃ, কণ্ঠে—পুরুষোত্তমায় নমঃ, বামবাহুতে—বাসুদেবায় নমঃ, দক্ষিণবাহুতে—দামোদরায় নমঃ, নাভিতে—নারায়ণায় নমঃ, হৃদয়ে—মাধবায় নমঃ, দক্ষিণ-পার্শ্বে—গোবিন্দায় নমঃ, বামপার্শ্বে—ত্রিবিক্রমায় নমঃ, শিরো—মধ্যে—হৃষীকেশায় নমঃ, পৃষ্ঠে—পদ্মনাভায় নমঃ। তিলক-ধারণের পর হস্তপ্রক্ষালনের জল "বাসুদেবায় নমঃ" বলিয়া মস্তকে দিবে।

তর্পণবিধিঃ।

তর্পণঞ্চ শুচিঃ কুর্য্যাৎ প্রত্যহং স্নাতকো দ্বিজঃ।
দেবেভ্যশ্চ ঋষিভ্যশ্চ পিতৃভ্যশ্চ যথাক্রমং॥
নিত্যং নৈমিত্তিকং কাম্যং ত্রিবিধং স্নানমিষ্যতে।
তর্পণন্তু ভবেত্তস্য অঙ্গত্বেন ব্যবস্থিতং॥

তর্পণ নিত্যকর্ম্মের মধ্যে একটী অত্যন্ত আনন্দসূচক কার্য্য। ইহা যে কেবল প্রথানুসারে করা হয় তাহা নহে। ইহাদ্বারা প্রতিদিন পূর্ব্বপুরুষগণের স্মরণ ও তাঁহাদিগের তৃপ্তি সাধন করা হয়। জগদীশ্বরের সৃষ্ট পদার্থের মধ্যে কোন বস্তুই চিরস্থায়ি নহে কিন্তু ভগবন্মায়া এরূপ বলবতী যে পিতৃমাতৃপ্রভৃতির বিয়োগ-দুঃখ কিছুদিন পরেই তিরোহিত হয়, এমন কি মায়ায় মুগ্ধ হইয়া তাঁহাদিগকে কখন কখন বিস্মৃত হইতে হয়; কিন্তু প্রত্যহ স্নানকালে তাঁহাদিগের তর্পণ করিলে, তাঁহাদিগকে স্মরণ করা হয় এবং তাঁহারাও তথায় উপস্থিত হইয়া জলগণ্ডূষপানে তৃপ্তি-লাভ করিয়া অধস্তনবংশের সুখাভিলাষী হইয়া থাকেন। এই জন্যই তর্পণ করা ব্যবস্থা হইয়াছে অতএব পিতৃহীনব্যক্তি মাত্রেরই তর্পণ করা অবশ্য কর্ত্তব্য।

তর্পণ দ্বিবিধ। প্রধান এবং অঙ্গ। প্রতিদিন সন্ধ্যাদির ন্যায় পিতৃযজ্ঞরূপ যে তর্পণ করা যায় তাহাকে প্রধানতর্পণ বলে; এবং স্নানান্তে যে তর্পণ করা হয় তাহাকে অঙ্গতর্পণ বলে। স্নান তিন প্রকার। নিত্য, নৈমিত্তিক ও কাম্য; অতএব স্নানাঙ্গ তর্পণ ও তিনপ্রকার। স্নানাঙ্গতর্পণ করিলে পৃথক ভাবে প্রধান

তর্পণ করিতে হয় না। এইরূপ তিনপ্রকার স্নানাঙ্গতর্পণের মধ্যে এক প্রকার করিলে অন্য দুই প্রকার তর্পণ আর করিতে হয় না। কিন্তু বিধি আছে এক দিবসে গ্রহণ ও তীর্থাদিনিমিত্তক যতবার স্নান করিবে প্রত্যেক স্নানেই তর্পণ করিতে হইবে। কেবল অস্পৃশ্য দূষিতপদার্থ স্পর্শ করিয়া স্নান করিলে তর্পণ করিবে না।

স্নানান্তেই তর্পণ করা বিধি ; কিন্তু প্রাতঃস্নানের পর যদ্যপি প্রাতঃসন্ধ্যার কাল উপস্থিত হয় তাহা হইলে প্রাতঃসন্ধ্যা করিয়া তর্পণ করিবে। যদ্যপি প্রাতঃসন্ধ্যার কাল উপস্থিত না হয় তাহা হইলে স্নান করিয়া তর্পণ করিবে তাহার পর প্রাতঃসন্ধ্যা করা বিধি। স্নান করিতে অসমর্থ হইলে গৃহে বসিয়া মধ্যাহ্ন-সন্ধ্যার সময় তর্পণ করিবে।

মধ্যাহ্নস্নানের সময়ও এইরূপ তর্পণ বিধি। সামবেদীয়েরা সূর্য্যোপস্থানান্তে "উপদ্রষ্ট্রে নমঃ" বলিয়া জল দিবার পর তর্পণ করিবেন। এবং ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয়েরা ব্রহ্মযজ্ঞের পর ও সূর্য্যো-পস্থানের পূর্ব্বে তর্পণ করিবেন।

এ বিষয় আমার এই বক্তব্য, শাস্ত্রে সন্ধ্যানুষ্ঠানবিদ্যমানে স্নানাঙ্গতর্পণের যদিও সন্ধ্যাবন্দনাদির পর কর্ত্তব্যতা বিধান আছে তাহা হইলেও গঙ্গাদিতে স্নান করিয়া মধ্যাহ্নসন্ধ্যা ও তর্পণ করিতে হইলে অধিকক্ষণ আর্দ্রবস্ত্রে থাকায় অনিষ্টের সম্ভাবনা প্রযুক্ত মধ্যাহ্নসন্ধ্যা না করিয়া তর্পণ করায় বিশেষ দোষ দেখিতে পাই নাই। দেখিয়াছি অনেক স্মৃতিশাস্ত্র-বিশারদপণ্ডিতমহাশয়গণও স্নানের পর গঙ্গাতে কেবল তর্পণ করিয়া তীরে শুষ্কবস্ত্রপরিধানপূর্ব্বক মধ্যাহ্নসন্ধ্যা করিয়া

থাকেন। ইহা যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করা যায়, কারণ আর্দ্রবস্ত্রে ও জলে দাঁড়াইয়া, সন্ধ্যা এবং তর্পণ করিতে হইলে অন্যূনএকঘণ্টা কাল আবশ্যক, তাহা হইলে শরীরে রোগাদি জন্মিবার সম্ভাবনা, তদ্ভিন্ন জলজন্তুকর্ত্তৃক প্রাণনাশ হইবার ও বিশেষ আশঙ্কা। বোধ হয় এই নিমিত্তই পণ্ডিতগণ উক্তরূপে তর্পণ করিয়া থাকেন। বস্তুতঃ বিচার করিয়া দেখিলে ক্রমভঙ্গে বিশেষ দোষ হইবে না ইহা সকলকেই স্বীকার করিতে হইবে।

সংক্রান্তিতে, রাত্রিতে, শ্রাদ্ধদিনে, জন্মতিথিতে, সপ্তমী ও দ্বাদশীতিথিতে, রবিবারে এবং শুক্রবারে তিলতর্পণ নিষিদ্ধ। কিন্তু অয়নসংক্রান্তি ও বিষুবসংক্রান্তিতে এবং গ্রহণে, বৃষোৎসর্গে, যুগাদ্যায়, মৃতাহে, উপাকর্ম্মে ও গঙ্গাতে এবং প্রেতপক্ষে ও তীর্থে নিষিদ্ধদিনেও তিলতর্পণ কর্ত্তব্য। তিলের অভাব হইলে সুবর্ণ ও রজতস্পৃষ্টজল দ্বারা তর্পণ করিবে। তিল বামকরের লোমরহিতস্থানে রাখিবে বস্ত্রে রাখিবে না। বৃষ্টিজল পতিত হইলে আবৃত স্থানে তর্পণ করিবে। গৃহে তর্পণ করিলে তর্পণের জল তাম্রাদিপাত্রে অথবা কুশে নিক্ষেপ করিবে। শুষ্কবস্ত্র পরিধান করিয়া গঙ্গাদিতে তর্পণ করিতে হইলে এক পা জলে ও এক পা স্থলে রাখা উচিত। স্ত্রীলোকের, অনুপনীত দ্বিজাতির, অসংস্কৃত অর্থাৎ যাহাদের কর্ণবেধাদি সংস্কার হয় নাই এরূপ শূদ্রের ও যাহাদের পিতা জীবিত আছে তাহাদের তর্পণে অধিকার নাই। বিধবা স্ত্রীলোক পুত্র পৌত্রের অভাবে স্বামীর ও শ্বশুরের এবং শ্বশুরের পিতার তর্পণ করিতে পারিবে।

সামবেদীয়তর্পণম্।

প্রথমে দুইবার আচমন করিয়া দক্ষিণাভিমুখ হইয়া প্রাচীনাবীতী অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া কৃতাঞ্জলি-পূর্ব্বক এই মন্ত্রপাঠ করিবে।

ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গাপ্রভাসপুষ্করাণি চ।
পুণ্যান্যেতানি তীর্থানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

দেবতর্পণম্।

নাভি মাত্র জলে দাঁড়াইয়া পূর্ব্বমুখে উপবীতী অর্থাৎ যজ্ঞোপবীত বামস্কন্ধে স্থাপন করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জল দৈবতীর্থ দ্বারা অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দিয়া নিক্ষেপ করিবে। *

ওঁ ব্রহ্মাতৃপ্যতাং। ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং। ওঁ রুদ্রস্তৃপ্যতাং ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং।

তৎপরে এই মন্ত্রপাঠ করিয়া এক অঞ্জলি জল দিবে।

ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষা মাপ্যায়নায়ৈতদ্ দীয়তে সলিলং ময়া॥

---

* কোশা দ্বারা তর্পণ করিলে অঞ্জলি মধ্যে কোশা রাখিবে। দেবতর্পণ, মনুষ্যতর্পণ ও ঋষিতর্পণ কালে তিল ব্যবহার না করিয়া যব ব্যবহার করিবে।

মনুষ্যতর্পণম্ ।

তদনন্তর পশ্চিমাভিমুখে নিবীতী অর্থাৎ যজ্ঞোপবীত মালাবৎ ধারণ করিয়া কায়তীর্থ দ্বারা অর্থাৎ কনিষ্ঠাঙ্গুলির মূলপ্রদেশ স্পর্শ পূর্ব্বক ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে।

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

ঋষিতর্পণম্ ।

পূর্ব্বমুখ হইয়া উপবীতী অর্থাৎ বামস্কন্ধে যজ্ঞোপবীত স্থাপন করিয়া দেবতীর্থ অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দিয়া প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে।

ওঁ মরীচিস্তৃপ্যতাং। ওঁ অত্রিস্তৃপ্যতাং। ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং। ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং। ওঁ পুলহস্তৃপ্যতাং। ওঁ ক্রতুস্তৃপ্যতাং। ওঁ প্রচেতাস্তৃপ্যতাং। ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং। ওঁ ভৃগুস্তৃপ্যতাং। ওঁ নারদস্তৃপ্যতাং।

দিব্যপিতৃতর্পণম্ ।

দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া এইমন্ত্র পাঠপূর্ব্বক প্রত্যেককে এক এক অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎসতিল-গঙ্গোদকং * তেভ্যঃ স্বধা।

---

* গঙ্গা ভিন্ন জলে তর্পণ করিলে সতিলগঙ্গোদকং স্থানে সতিলোদকং বলিবেন।

ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।

যমতর্পণম্।

পূর্ব্বেরন্যায় অবস্থান করিয়া এই মন্ত্র তিনবার পাঠপূর্ব্বক তিন অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

পিতৃতর্পণম্।

প্রথমে কৃতাঞ্জলি হইয়া আবাহন করিবে।

ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিং।

তৎপরে এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া অঞ্জলি করিয়া তিনবার তিলসহিত জল দিবে।

"বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতা-মেতৎ সতিলগঙ্গোদকং তস্মৈ স্বধা"। তৎপরে এইরূপে ক্রমে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহদিগের গোত্র

ও নাম উল্লেখ করিয়া উক্তমন্ত্র তিন বার পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে।

অনন্তর "বিষ্ণুরোম্ অমুকগোত্রা মাতা অমুকী দেবী তৃপ্যতা মেতৎ সতিলগঙ্গোদকং তস্যৈ স্বধা" বলিয়া তিনবার জল দিবে। এইরূপে ক্রমে পিতামহী, প্রপিতামহী প্রত্যেকের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে। পরে মাতামহী, প্রমাতামহী এবং বৃদ্ধপ্রমাতামহী প্রত্যেকের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে।

পিতৃব্য, মাতুল, বিমাতা, ভ্রাতা প্রভৃতির তর্পণ করিতে হইলে তাহাদের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্তরূপে মন্ত্র পাঠ-পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে।

ভীষ্মতর্পণম্।

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে তিন অঞ্জলি জল দিবে।

ভীষ্মপ্রণামঃ।

ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভি-রবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং॥

তৎপরে "ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষা মাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া"।

পূর্ব্ববৎ অবস্থানাদি করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক তিন অঞ্জলি জল দিবে।

ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥

এই মন্ত্রপাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে এক অঞ্জলি জল দিবে।

রামতর্পণম্।

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ।
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং॥

তিনবার এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

লক্ষ্মণতর্পণম্।

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু।

তিনবার এই মন্ত্রপাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

বস্ত্রনিষ্পীড়নোদকদানম্।

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং॥

এই মন্ত্র পাঠ করিয়া স্থলে উঠিয়া বস্ত্রনিষ্পীড়নজল ভূমিতে একবার নিক্ষেপ করিবে।

পিতৃস্তুতিঃ।

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

পিতৃপ্রণামঃ ।

পিতৄন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ
স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং
বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু ॥

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া ।

ওঁ মদ্য কৃতৈতত্তর্পণকর্ম্মাচ্ছিদ্রমস্তু । ওমস্ত্বিত্যাদি কৃতে ঽস্মিন্ তর্পণকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ওঁ বিষ্ণু-স্মরণমহং করিষ্যে । পরে দশবার "ওঁ বিষ্ণু" জপ করিয়া ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ । স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সংপূর্ণং স্যাদিতি শ্রুতিঃ । ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ । তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ । ময়া যদিদং কর্ম্ম কৃতং তৎ সর্ব্বং ভগবতি বিষ্ণৌ সমর্পিতমস্তু ।

ইতি সামবেদীয়তর্পণং সমাপ্তম্ ।

ঋগ্বেদীয়তর্পণম্।

প্রথমে দুইবার আচমন করিয়া দক্ষিণাভিমুখ হইয়া প্রাচীনাবীতি অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া কৃতাঞ্জলি পূর্ব্বক এই মন্ত্রপাঠ করিবে।

ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গাপ্রভাসপুষ্করাণি চ।
পুণ্যান্যেতানি তীর্থানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

দেবতর্পণম্।

নাভি মাত্র জলে দাঁড়াইয়া পূর্ব্বমুখে উপবীতী অর্থাৎ যজ্ঞোপবীত বামস্কন্ধে স্থাপন করিয়া এই মন্ত্রপাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জল দৈবতীর্থ দ্বারা অর্থাৎ আঙ্গুলির অগ্রভাগ দিয়া নিক্ষেপ করিবে। *

ওঁ ব্রহ্মাতৃপ্যতাং। ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং। ওঁ রুদ্রস্তৃপ্যতাং। ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং।

তৎপরে এই মন্ত্রপাঠ করিয়া এক অঞ্জলি জল দিবে।

ওঁ দেবা যক্ষাস্তথা-নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষা-মাপ্যায়নায়ৈতদ্ দীয়তে সলিলং ময়া॥

---

* কোশা দ্বারা তর্পণ করিতে হইলে অঞ্জলি মধ্যে কোশা রাখিবে। দেবতর্পণ, মনুষ্যতর্পণ ও ঋষিতর্পণ কালে তিল ব্যবহার না করিয়া যব ব্যবহার করিবে।

মনুষ্যতর্পণম্।

তদনন্তর উত্তরাস্য হইয়া নিবীতী অর্থাৎ যজ্ঞোপবীত মালাবৎ ধারণ করিয়া কায়তীর্থ দ্বারা অর্থাৎ কনিষ্ঠাঙ্গুলির মূলপ্রদেশ স্পর্শপূর্ব্বক ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে।

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বেতে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

ঋষিতর্পণম্।

পূর্ব্বমুখ হইয়া উপবীতী অর্থাৎ বামস্কন্ধে যজ্ঞোপবীত স্থাপন করিয়া দেবতীর্থ অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দিয়া প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে।

ওঁ মরীচিস্তৃপ্যতাং। ওঁ অত্রিস্তৃপ্যতাং। ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং।
ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং। ওঁ পুলহস্তৃপ্যতাং। ওঁ ক্রতুস্তৃপ্যতাং।
ওঁ প্রচেতাস্তৃপ্যতাং। ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং। ওঁ ভৃগুস্তৃপ্যতাং।
ওঁ নারদস্তৃপ্যতাং।

দিব্যপিতৃতর্পণম্।

দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া এই মন্ত্রপাঠপূর্ব্বক প্রত্যেককে এক এক অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎসতিল-গঙ্গোদকং * তেভ্যঃ স্বধা।

---

* গঙ্গাভিন্ন জলে তর্পণ করিলে সতিলগঙ্গোদকং স্থানে সতিলোদকং বলিবেন।

ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তা-মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তা-মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তা-মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।

যমতর্পণম্।

পূর্ব্বরস্থায় অবস্থান করিয়া এই মন্ত্র তিনবার পাঠপূর্ব্বক তিন অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

পিতৃতর্পণম্।

প্রথমে কৃতাঞ্জলি হইয়া আবাহন করিবে।

ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিং।

তৎপরে এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া অঞ্জলি করিয়া তিনবার তিলসহিত জল দিবে।

"বিষ্ণুরোম্ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং এতৎ সতিল গঙ্গোদকং স্বধানমস্তর্পয়ামি"। তৎপরে এইরূপে ক্রমে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহদিগের গোত্র

ও নাম উল্লেখ করিয়া, উক্তমন্ত্র তিনবার পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে।

অনন্তর "বিষ্ণুরোম্ অমুকগোত্রাং মাতরং অমুকীদেবীং এতৎ সতিলগঙ্গোদকং স্বধানমস্তর্পয়ামি" বলিয়া তিন অঞ্জলি জল দিবে। এইরূপে ক্রমে পিতামহী, প্রপিতামহী প্রত্যেকের নাম ও গোত্র উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে। পরে মাতামহী, প্রমাতামহী এবং বৃদ্ধপ্রমাতামহী প্রত্যেকের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে।

পিতৃব্য, মাতুল, বিমাতা, ভ্রাতা প্রভৃতির তর্পণ করিতে হইলে তাহাদের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্তরূপে মন্ত্রপাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে।

ভীষ্মতর্পণম্।

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে তিন অঞ্জলি জল দিবে।

ভীষ্মপ্রণামঃ।

ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভির্বাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং॥

তৎপরে "ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া"।

পূর্ব্ববৎ অবস্থানাদি করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক তিন অঞ্জলি জল দিবে।

ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥

এই মন্ত্রপাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে এক অঞ্জলি জল দিবে।

রামতর্পণম্।

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ।
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং॥

তিনবার এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

লক্ষ্মণতর্পণম্।

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু।

তিনবার এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

বস্ত্রনিষ্পীড়নোদকদানম্।

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং॥

এই মন্ত্র পাঠ করিয়া স্থলে উঠিয়া বস্ত্রনিষ্পীড়নজল ভূমিতে একবার নিক্ষেপ করিবে।

পিতৃস্তুতিঃ।

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

পিতৃপ্রণামঃ।

পিতৃন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ
স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং
বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু॥

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া।

ওমদ্যকৃতৈতত্তর্পণকর্ম্মাচ্ছিদ্রমস্তু। ওমদ্যেত্যাদিকৃতেঽস্মিন্ তর্পণকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ওঁ বিষ্ণুস্মরণমহং করিষ্যে। পরে দশবার "ওঁ বিষ্ণুঃ" জপ করিয়া ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সংপূর্ণং স্যাদিতিশ্রুতিঃ। ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ। ময়া যদিদং কর্ম্ম কৃতং তৎ সর্ব্বং ভগবতি বিষ্ণৌ সমর্পিতমস্তু।

ইতি ঋগ্বেদীয়তর্পণং সমাপ্তম্।

যজুর্ব্বেদীয়তর্পণম্।

প্রথমে দুইবার আচমন করিয়া দক্ষিণাভিমুখ হইয়া প্রাচীনাবীতী অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক এই মন্ত্রপাঠ করিবে।

(ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গাপ্রভাসপুষ্করাণি চ।
পুণ্যান্যেতানি তীর্থানি তর্পণকালে ভবন্তিহ ॥)

দেবতর্পণম্।

নাভি মাত্র জলে দাঁড়াইয়া পূর্ব্বমুখে উপবীতী অর্থাৎ যজ্ঞোপবীত বামস্কন্ধে স্থাপন করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জল দৈবতীর্থ দ্বারা অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দিয়া নিক্ষেপ করিবে। *

ওঁ ব্রহ্মাতৃপ্যতাং। ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং। ওঁ রুদ্রস্তৃপ্যতাং ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং।

তৎপরে এই মন্ত্রপাঠ করিয়া এক অঞ্জলি জল দিবে।

ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষা মাপ্যায়নায়ৈতদ্ দীয়তে সলিলং ময়া ॥

---

* কোশা দ্বারা তর্পণ করিলে অঞ্জলি মধ্যে কোশা রাখিবে। দেবতর্পণ, মনুষ্যতর্পণ ও ঋষিতর্পণকালে তিল ব্যবহার না করিয়া যব ব্যবহার করিবে।

মনুষ্যতর্পণম্ ।

তদনন্তর উত্তরাস্য হইয়া নিবীতী অর্থাৎ যজ্ঞোপবীত মালাবৎ ধারণ করিয়া কায়তীর্থ দ্বারা অর্থাৎ কনিষ্ঠাঙ্গুলির মূলপ্রদেশ স্পর্শপূর্ব্বক ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে।

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

ঋষিতর্পণম্ ।

পূর্ব্বমুখ হইয়া উপবীতী অর্থাৎ বামস্কন্ধে যজ্ঞোপবীত স্থাপন করিয়া দেবতীর্থ অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দিয়া প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে।

ওঁ মরীচিস্তৃপ্যতাং। ওঁ অত্রিস্তৃপ্যতাং। ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং।
ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং। ওঁ পুলহস্তৃপ্যতাং। ওঁ ক্রতুস্তৃপ্যতাং।
ওঁ প্রচেতাস্তৃপ্যতাং। ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং। ওঁ ভৃগুস্তৃপ্যতাং।
ওঁ নারদস্তৃপ্যতাং।

দিব্যপিতৃতর্পণম্ ।

দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী অর্থাৎ যজ্ঞোপবীত দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া এইমন্ত্র পাঠপূর্ব্বক প্রত্যেককে এক এক অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎসতিল-গঙ্গোদকং * তেভ্যঃ স্বধা।

* গঙ্গা ভিন্ন জলে তর্পণ করিলে সতিলগঙ্গোদকং স্থানে সতিলোদকং বলিবেন।

ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তা মেতৎ সতিল-গঙ্গোদকং তেভ্যঃ স্বধা।

যমতর্পণম্।

পূর্ব্বেরন্যায় অবস্থান করিয়া এই মন্ত্র তিনবার পাঠপূর্ব্বক তিন অঞ্জলি সতিলজল দিবে।

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

পিতৃতর্পণম্।

প্রথমে কৃতাঞ্জলি হইয়া আবাহন করিবে।

ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৄন্ হবিষেহত্তবে। ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষাত্তাঃ পথিভির্দ্দেবযানৈরস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্। ওঁ আগচ্ছন্তু মে পিতরঃ ইমং গৃহ্ণন্তু পোঽঞ্জলিং।

ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিশ্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্।

তৎপরে এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠ

ও তর্জ্জনীর মধ্যপ্রদেশ দিয়া অঞ্জলি করিয়া তিনবার তিলসহিত জল দিবে।

"বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্ তৃপ্যস্বৈতত্তে সতিল-গঙ্গোদকং স্বধা"। তৎপরে এইরূপে ক্রমে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহদিগের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্তমন্ত্র তিন বার পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে।

অনন্তর "বিষ্ণুরোম্ অমুকগোত্রে মাতরমুকীদেবি তৃপ্যস্বৈতত্তে সতিলগঙ্গোদকং স্বধা" বলিয়া তিনবার তিলসহিত জল দিবে। এই রূপে ক্রমে পিতামহী, প্রপিতামহী প্রত্যেকের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক তিন তিন অঞ্জলি জল দিবে। পরে মাতামহী, প্রমাতামহী এবং বৃদ্ধপ্রমাতামহী প্রত্যেকের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক এক এক অঞ্জলি সতিল জল দিবে। *

পিতৃব্য, মাতুল, বিমাতা, ভ্রাতা প্রভৃতির তর্পণ করিতে হইলে তাহাদের গোত্র ও নাম উল্লেখ করিয়া উক্তরূপে মন্ত্র পাঠ-পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে।

ভীষ্মতর্পণম্।

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

এই মন্ত্র তিনবার পাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে তিন অঞ্জলি জল দিবে।

---

* ক্ষত্রিয়েরা তর্পণ করিলে দেবশর্ম্মন্ স্থানে ভ্রাতৃবর্ম্মন্ বলিবে, বৈশ্যেরা দত্তভূক্তে বলিবে এবং বৈদ্যেরা সেনগুপ্ত বা দাসগুপ্ত ইত্যাদি বলিবে।

ভীষ্মপ্রণামঃ।

ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভি-রবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং॥

তৎপরে "ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষা মাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া"।

পূর্ব্ববৎ অবস্থানাদি করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক তিন অঞ্জলি জল দিবে।

ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥

এই মন্ত্রপাঠ করিয়া পিতৃতর্পণের রীত্যনুসারে এক অঞ্জলি জল দিবে।

রামতর্পণম্।

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ।
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং॥

তিনবার এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

লক্ষ্মণতর্পণম্।

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু।

তিনবার এই মন্ত্রপাঠ করিয়া পূর্ব্ববৎ তিন অঞ্জলি জল দিবে।

বস্ত্রনিষ্পীড়নোদকদানম্ ।

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং ॥

এই মন্ত্র পাঠ করিয়া স্থলে উঠিয়া বস্ত্রনিষ্পীড়নজল ভূমিতে একবার নিক্ষেপ করিবে ।

পিতৃস্তুতিঃ ।

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ ॥

পিতৃপ্রণামঃ ।

পিতৄন্নমস্তে দিবি যে চ মূর্ত্তাঃ
স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং
বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু ॥

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া ।

ওমদ্যকৃতৈতত্তর্পণকর্ম্মাচ্ছিদ্রমস্তু । ওমস্ত্বিত্যাদিকৃতেঽস্মিন্ তর্পণকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ওঁ বিষ্ণু-স্মরণমহং করিষ্যে । পরে দশবার "ওঁ বিষ্ণুঃ" জপ করিয়া ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ । স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সংপূর্ণং স্যাদিতি শ্রুতিঃ । ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ । তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ । ময়া যদিদং কর্ম্ম কৃতং তৎ সর্ব্বং ভগবতি বিষ্ণৌ সমর্পিতমস্তু ।

ইতি যজুর্ব্বেদীয়তর্পণং সমাপ্তম্ ।

শূদ্রাণাং তর্পণবিধিঃ।

শূদ্রেরা তর্পণ করিতে হইলে যজুর্ব্বেদীয় তর্পণানুসারে করিবে। কিন্তু "প্রণব" (ওঁ) ও "স্বধা" স্থানে "নমঃ" এবং দেবশর্ম্মন্ স্থানে দাস ও দেবি স্থানে দাসি বলিবে। তীর্থের ও পিতৃলোকের বেদোক্ত ও পুরাণোক্ত আবাহনাদি মন্ত্রসকল এবং দেব, ঋষি প্রভৃতি তর্পণের যে সমস্ত পৌরাণিক মন্ত্র আছে তাহা স্বয়ং পাঠ না করিয়া ব্রাহ্মণের দ্বারা পাঠ করাইবে। ভীষ্মতর্পণ পিতৃতর্পণের পূর্ব্বে এবং যম তর্পণের পরে করিবে। সুবিধার জন্ত পিতৃতর্পণের বাক্যরচনা এস্থানে উল্লেখ করিলাম।

"বিষ্ণুর্নমোঽমুকগোত্র পিতরমুকদাস তৃপ্যস্বৈতত্তে সতিলগঙ্গোদকং নমঃ" ইত্যাদি ক্রমে পিতামহ, প্রপিতামহ ও মাতামহ প্রভৃতির তর্পণ করিবে।

পরে বিষ্ণুর্নমোঽমুকগোত্রে মাতরমুকীদাসি তৃপ্যস্বৈতত্তে সতিলগঙ্গোদকং নমঃ। এইরূপে পিতামহী ও প্রপিতামহী প্রভৃতির ও মাতামহী, প্রমাতামহী, এবং বৃদ্ধপ্রমাতামহীর তর্পণ করিবে।

সাধারণবিধিঃ।

ব্রাহ্মণাদির যে সকল তর্পণ লিখিত হইল ইহা করিতে অসমর্থ হইলে কেবল, "আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু" এই মন্ত্র তিনবার পাঠ করিয়া তিন অঞ্জলি জল দিবে। প্রতিদিন ভীষ্মতর্পণ না করিলে দোষ নাই কিন্তু ভীষ্মাষ্টমীতে অর্থাৎ মাঘী শুক্লাষ্টমীতে উহা করা অবশ্য কর্ত্তব্য।

গঙ্গাভিন্ন তীর্থের জলে তর্পণ করিতে হইলে সেই তীর্থের নামেরসহিত "উদকং" এই পদ যোগ করিবে। তিল রহিত তর্পণ করিতে হইলে কেবল "উদকং" বলা কর্ত্তব্য। স্ত্রীজাতি শূদ্রের স্তায় প্রণব ও বেদোক্ত মন্ত্র উচ্চারণ না করিয়া স্বস্ববেদীয় তর্পণ করিবে।

সন্ধ্যাবিধিঃ।

অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি সন্ধ্যোপাসনিকং বিধিং।
অনর্হঃকর্ম্মণাং বিপ্রঃ সন্ধ্যাহীনো যতঃ স্মৃতঃ॥
সর্ব্বাবস্থোঽপি যো বিপ্রঃ সন্ধ্যোপাসনতৎপরঃ।
ব্রাহ্মণ্যাচ্চ ন হীয়েত অন্ত্যজন্মগতোঽপি সন্॥

স্নানাদি কার্য্য সমাপন করিয়া ত্রিকালে সন্ধ্যা করা কর্ত্তব্য। সন্ধ্যা না করিলে কোন বৈধকার্য্যে অধিকার হয় না। যে ব্রাহ্মণ সর্ব্বাবস্থায় অর্থাৎ দারিদ্র্যাদি হীনাবস্থাতেও সন্ধ্যাপাসনায় তৎপর থাকেন সে ব্রাহ্মণ নিকৃষ্টকুলে জন্মগ্রহণ করিলেও ব্রাহ্মণত্ব হইতে পরিত্যক্ত হয় না।

আর্য্যঋষিগণ ত্রিকালে সন্ধ্যার বিধান করিয়া দ্বিজাতির যে কি উপকার করিয়াছেন, তাহা নিবিষ্টচিত্তে চিন্তা করিলে আনন্দরসে শরীর পুলকিত হয়। কলিকালে দ্বিজাতিগণ স্বস্বকর্ত্তব্য বা উদ্দেশ্য অহোরাত্রের মধ্যে একবারও চিন্তা না করিয়া কেবল আত্মার ও আত্মীয়দিগের ক্ষণিক সুখসম্পাদনের জন্য সর্ব্বদা ব্যস্ত থাকিয়া ক্রমশঃ অধঃপতনের চরমসীমায় উপস্থিত হইবেন। সেই অবিবেকী পুরুষগণ যাহাতে অল্পসময়ও পরমেশ্বরের আরাধনায় নিযুক্ত থাকিয়া ক্রমশঃ জ্ঞানলাভ করিতে পারেন্ তাহাই সন্ধ্যোপাসনার অবশ্যকর্ত্তব্যতা বিধানের আবশ্যকতা। সন্ধ্যোপাসনা দ্বারা অবিরত বিনশ্বরবৈষয়িকরসাস্বাদে নিমগ্ন মানবগণ ক্রমশঃ চিত্তের স্থৈর্য্য সম্পাদন করিয়া অনায়াসে নিত্যানন্দময় ব্রহ্মলাভ করিতে সমর্থ হয়।

সংসারিব্যক্তির পক্ষে স্থূলভাবে উপাসনা করাই প্রশস্ত। সেই চিন্ময়, অব্যক্ত, অচিন্ত্য পরব্রহ্মের সূক্ষ্মভাবে উপাসনা করিতে হইলে চিত্তের বৃত্তিনিরোধ একান্ত আবশ্যক, তাহা সংসারিব্যক্তির অসম্ভব, বা দুঃসাধ্য, এইজন্যই প্রাচীন শাস্ত্রকারেরা অনেক স্থানে স্থূলভাবে উপাসনা করিতে উপদেশ দিয়াছেন এবং স্থূলভাবে উপাসনা করিতে করিতে পরিশেষে সূক্ষ্মভাবে উপাসনায় সমর্থ হইবে ইহাও বলিয়াছেন। সন্ধ্যোপাসনাতে জল, অগ্নি, বায়ু, সূর্য্যাদি অনেক দেবতার উল্লেখ আছে, তাহা থাকিলেও সকলেরই প্রতিপাদ্য সেই পরব্রহ্ম।

সন্ধ্যার অন্তর্গত মার্জ্জনদ্বারা বাহ্য ও অন্তঃশুদ্ধি হয়, মার্জ্জন করিতে হইলে জল দ্বারা করিতে হয়, শাস্ত্রে বলিয়াছে, জল সাক্ষাৎ নারায়ণ, জলের পবিত্রতাগুণ থাকায় সৃষ্টিকর্ত্তা আদিতে জলে বীজবপন করিয়া পৃথিব্যাদির সৃজন করিয়াছেন। জলেতে পরমেশ্বরের অংশাধিক্য থাকায় প্রায় সর্ব্বত্র জলদ্বারাই শৌচ কার্য্য হইয়া থাকে। প্রাণায়ামদ্বারা শরীর লঘু হয় এবং চিত্তের স্থিরতা ও প্রসন্নতা জন্মে। সন্ধ্যা না করিলে পাপ হয়, করিলে সঞ্চিত পাপের নাশ হয় এবং অন্তে ব্রহ্মলোক গমন করে।

সন্ধ্যা তিন প্রকার, প্রাতঃসন্ধ্যা, মধ্যাহ্নসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা। প্রাতঃসন্ধ্যার কাল রাত্রির শেষ একদণ্ড ও দিবার প্রথম একদণ্ড। সূর্য্যনক্ষত্রহীন মহূর্ত্তকালমাত্রই প্রাতঃসন্ধ্যার প্রশস্ত কাল। মধ্যাহ্নসন্ধ্যার কাল অষ্টমমুহূর্ত্ত অর্থাৎ পঞ্চদশদণ্ড ও ষোড়শদণ্ড। সায়ংসন্ধ্যার কাল দিবার শেষ একদণ্ড ও রাত্রির প্রথমএকদণ্ড। সন্ধ্যার যথোক্তকাল অতীত হইলে দশবার গায়ত্রী জপদ্বারা

প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যা করিবে। দ্বাদশী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি, শ্রাদ্ধদিনে সায়ংসন্ধ্যা করিবে না এবং জননমরণা-শৌচে কোন সন্ধ্যাই করিবে না। ক্ষতাশৌচে সন্ধ্যা করিতে নিষেধ নাই। পূর্ব্বাস্য হইয়া প্রাতঃসন্ধ্যা ও বায়ুকোণাস্য হইয়া সায়ংসন্ধ্যা করিবে। স্বয়ং অসমর্থ হইলে প্রতিনিধিদ্বারা সন্ধ্যা করাইবে।

সন্ধ্যোপাসনার মধ্যে গায়ত্রীর বিশদভাবে উচ্চারণ ও অর্থজ্ঞান বিশেষ আবশ্যক। দ্বিজাতির গায়ত্রীই প্রধান উপাস্যদেবতা। এমন কি কেবল গায়ত্রীজপদ্বারা পরমপুরুষার্থ লাভ হইতে পারে। অতএব গায়ত্রী ও তদর্থ নিম্নে বিশদভাবে লিখিত হইল।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং। ভর্গোদেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥

গায়ত্রীর আদিতে "ওঁ" শব্দ এবং "ভূঃ ভুবঃ স্বঃ" এই তিন ব্যাহৃতি দিয়া এবং অন্তেও "ওঁ" শব্দ দিয়া গায়ত্রী জপ করিতে হয়।

অ উ ম্ এই তিনবর্ণ দ্বারা "ওঁ" শব্দ উৎপন্ন হইয়াছে। বেদেতে অ শব্দে ব্রহ্মা, উ শব্দে বিষ্ণু, ম শব্দে মহেশ্বর নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা হইলেও "ওঁ" শব্দ ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরস্বরূপ পরব্রহ্ম বাচক জানিতে হইবে। যথা

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রযাতিত্যজন্ দেহং সযাতি পরমাং গতিং॥ গীতা
ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন যজ্ঞাশ্চ বেদাশ্চ বিহিতঃ পুরা॥ স্মৃতিঃ

যে উপাসক "ওঁ" এই ব্রহ্মরূপ মন্ত্র উচ্চারণ করিয়া এবং আমাকে চিন্তা করিয়া দেহ পরিত্যাগ করে সেই উপাসক পরমগতি প্রাপ্ত হইয়া থাকেন।

ওঁ, তৎ, সৎ এই তিনশব্দের দ্বারা ব্রহ্মের নির্দ্দেশ হইয়া থাকে এবং ইহা দ্বারাই ব্রাহ্মণ, যজ্ঞ ও বেদ পূর্ব্বে সৃষ্ট হইয়াছে।

প্রত্যেক মন্ত্রের আদিতে "ওঁ" শব্দ উচ্চারণ করা বিধি। ইহাতে মন্ত্রের ন্যূনতাপ্রভৃতি অঙ্গহানিদোষ হয় না। যথা—

যন্ন্যূনঞ্চাতিরিক্তঞ্চ যচ্ছিদ্রং যদযজ্ঞিয়ং।
যদমেধ্য মশুদ্ধঞ্চ যাতযামঞ্চ যদ্ভবেৎ।
তদোঙ্কারেণ পূর্ব্বেণ মন্ত্রেণাবিকলং ভবেৎ॥ যাজ্ঞবল্ক্যঃ।

ন্যূন, অতিরিক্ত, অযজ্ঞিয় ও অশুদ্ধাদি মন্ত্র "ওঁ" শব্দ পূর্ব্বে দিয়া পাঠ করিলে অবিকল ফল হয়। ভূঃ, ভুবঃ, স্বঃ এই তিনটি মহাব্যাহৃতি অব্যয়ফলদ অর্থাৎ মোক্ষদ। যথা—

ভূরাদ্যাস্তিস্র এবৈতা মহাব্যাহৃতয়োঽব্যয়াঃ। ছন্দোগ-পরিশিষ্টং॥

ভূর্ভুবঃ স্বঃ অর্থাৎ পৃথিবী, অন্তরীক্ষ ও স্বর্গ এই চরাচর-ত্রৈলোক্যই গায়ত্রীর মূর্ত্তি।

গায়ত্রীর অর্থ—

(দেবস্য সবিতুঃ) দীপ্তিযুক্তজগৎপ্রসবকারিসূর্য্যের (ভূর্ভুবঃ স্বঃ) পৃথিবী আকাশ ও স্বর্গ এই স্থাবর জঙ্গমাত্মকত্রৈলোক্যরূপ অর্থাৎ বিরাটশরীর ও (বরেণ্যং) জন্মমৃত্যু হইতে ভীতব্যক্তি কর্ত্তৃক নিয়ত উপাসনীয় (তৎভর্গঃ) সেই পরমব্রহ্মস্বরূপ যে জ্যোতিঃ তাহাকে আমরা "সোঽহমস্মি" অর্থাৎ অভেদজ্ঞানে

(ধীমহি) চিন্তা করি। (যঃ) সর্ব্বান্তর্যামী ব্রহ্মস্বরূপ যে ভর্গ অর্থাৎ জ্যোতিঃ (নঃ) আমাদের (ধিয়ঃ) বুদ্ধিকে অবিরত ধর্ম্মার্থকামমোক্ষরূপচতুর্ব্বর্গে (প্রচোদয়াৎ) প্রেরণ করিতেছেন।

গায়ত্রীর এইরূপ অর্থজ্ঞান করিয়া প্রতিদিন নির্জ্জনে নিবিষ্ট চিত্তে জপ করিলে, ক্রমশঃ বিমলানন্দ অনুভব করিতে সমর্থ হওয়া যায়। পরব্রহ্মের গায়ত্রী নাম হইবার কারণ শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। যথা—

গায়ন্তং ত্রায়তে যস্মাদ্‌গায়ত্রীত্ব মিতি স্মৃতা। স্মৃতিঃ।

অর্থাৎ গানকারি ব্যক্তিকে রক্ষা করেন্ বলিয়া ঋষিগণ তাঁহাকে গায়ত্রী বলিয়া থাকেন্।

সামবেদীয়সন্ধ্যাপ্রয়োগঃ।

প্রথমে দুই বার আচমন করিয়া—

"ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ" উচ্চারণ পূর্ব্বক "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং" এই মন্ত্রে বিষ্ণুস্মরণ করিবে।

অথ মার্জ্জনম্।

এই সকল মন্ত্র পাঠ করিতে করিতে মস্তকে জল ক্ষেপন করিবে।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ।
শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ॥
ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব।
পূতং পবিত্রেণেবাজ্য মাপঃ শুন্ধন্তু মৈনসঃ॥
ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন।
মহে রণায় চক্ষসে॥
ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ।
উশতীরিব মাতরঃ॥
ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বত।
আপো জনয়থা চ নঃ॥
ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত।
ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ॥
সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরোঽজায়ত।
অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী॥

সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্ব মকল্পয়ৎ।
দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ ॥

অনন্তর কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রটি কেবল প্রাতঃ-সন্ধ্যার সময় পাঠ করিবে।

ওঁ নত্বাতু পুণ্ডরীকাক্ষ মুপাত্তাঘপ্রশান্তয়ে।
ব্রহ্মবর্চ্চসকামার্থং প্রাতঃসন্ধ্যামুপাস্মহে ॥*

অথ প্রাণায়ামঃ।

এই সমস্ত পাঠ করিতে করিতে মস্তকে জল বেষ্টন করিবে।

ওঁ কারস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনি-য়োগঃ।

সপ্তব্যাহৃতীনাং প্রজাপতির্ঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতীপংক্তি ত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি অগ্নিবায়ুসূর্য্যবরুণবৃহস্পতীন্দ্রবিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ।

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ।

গায়ত্রীশিরসঃ প্রজাপতির্ঋষি-র্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্মবায়ুগ্নিসূর্য্যা-শ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ।

অনন্তর দক্ষিণবৃদ্ধাঙ্গুলিদ্বারা দক্ষিণনাসিকা ধারণপূর্ব্বক বামনাসাদ্বারা বায়ু আকর্ষণ করিয়া—

নাভৌ রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্রকমণ্ডলুকরং

* এই মন্ত্রটি সকল পদ্ধতিতে নাই।

হংসবাহনস্থং ব্রহ্মাণং নাভিদেশে ধ্যায়ন্। ব্রহ্মা আমার নাভিদেশে আছেন, এইরূপ চিন্তা করিতে করিতে—

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্। পাঠ করিবে।

পরে দক্ষিণ নাসিকা পূর্ব্ববৎ চাপিয়া রাখিয়া, অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলিদ্বারা বামনাসিকা চাপিয়া শ্বাসরোধরূপ কুম্ভকপূর্ব্বক—

হৃদি নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মধরং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন্। বিষ্ণু আমার হৃদয়ে আছেন, এইরূপ ভাবনা করিতে করিতে—

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্। পাঠ করিবে।

অনন্তর দক্ষিণ নাসিকা হইতে বৃদ্ধাঙ্গুলি পরিত্যাগ করিয়া ধীরে ধীরে বায়ুত্যাগপূর্ব্বক—

ললাটে শ্বেতং দ্বিভুজং ত্রিশূলডমরুকরং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। মহেশ্বর আমার ললাটে আছেন, এইরূপ ভাবনা করিতে করিতে—

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্। পাঠ করিবে।

ইতি প্রাণায়ামঃ।

অথাচমনম্।

প্রাতরাচমনমন্ত্রঃ।

দক্ষিণকরে জল লইয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক আচমন করিবে।

সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ।

ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যা মুদরেণ শিশ্নাহস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি। ইদমহমা-পোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা।

মধ্যাহ্নাচমনমন্ত্রঃ।

দক্ষিণকরে জল লইয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক আচমন করিবে।

আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুর্ঋষি রনুষ্টুপ্ ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বী পূতা পুনাতু মাং। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাং॥ যদু-চ্ছিষ্ট মভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপোঽ-সতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা।

সায়মাচমনমন্ত্রঃ।

দক্ষিণকরে জল লইয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক আচমন করিবে।

অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্র ঋষিঃপ্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যু-কৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদহ্না পাপ মকার্ষং মনসা বাচা

হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি। ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥

পুনর্মার্জ্জনম্।

এই সকল মন্ত্র পাঠ করিয়া তিনবার মস্তকে জল প্রক্ষেপ করিবে।

দৈবতীর্থং।

অঙ্গুলির অগ্রদেশকে দৈবতীর্থ বলে।

কায়তীর্থং।

কনিষ্ঠাঙ্গুলিদ্বয়ের মূলভাগকে কায়তীর্থ বলে।

পিতৃতীর্থং।

অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থানকে পিতৃতীর্থ বলে।

মুদ্রাপ্রকরণং।

"দেবতাপ্রীতিজনিকাঙ্গুলিরচনা মুদ্রা"

মোদানাৎ সর্ব্বদেবানাং দ্রাবণাৎ পাপসন্ততেঃ।

তস্মান্মুদ্রেতি সা খ্যাতা সর্ব্বকামার্থসাধনী॥

পূজ্যদেবতার প্রীতিজনক অঙ্গুলিসকলের রচনাবিশেষের নাম মুদ্রা। ইহা দর্শন করিলে দেবতাসকলের প্রীতি জন্মে এবং ইহা দ্বারা পাপসমূহ বিদূরিত হয় ও এইরূপ অঙ্গুলি সকলের রচনা করিলে সকল কার্য্য সিদ্ধ হয় বলিয়া মুদ্রা নাম হইয়াছে। মুদ্রাদ্বারা শারীরিক স্থৈর্য্যতা লাভ হয়।

যথা—

"মুদ্রয়া স্থিরতা চৈব আসনেন ভবেদ্দৃঢ়ং"।

শারীরিকস্থৈর্য্যতা লাভ হইলে তৎসঙ্গে মানসিকস্থৈর্য্যতাও জন্মে; কারণ শরীরের সঙ্গে মনের নৈকট্য সম্বন্ধ। উপাসনা-কার্য্যে মানসিকস্থিরতা বিশেষ আবশ্যক, একাগ্রমনে যে উপাসনা করা যায় তাহা দ্বারা দেবতার প্রীতি জন্মায়, অতএব যে মানসিকস্থৈর্য্যদ্বারা দেবতার প্রীতি সম্পাদিত হইয়া থাকে সেই শারিরিক ও মানসিক স্থৈর্য্য যদি মুদ্রাদ্বারা প্রাদুর্ভূত হয় তাহা হইলে মুদ্রা যে দেবতার প্রীতিদায়িনী তাহার সন্দেহ নাই। এজন্য পূজাকার্য্যে স্থান বিশেষে মুদ্রা দেখান আবশ্যক। পূজা, জপ, ধ্যান, শঙ্খস্থাপন, প্রতিষ্ঠা, উপচাররক্ষা ও নৈবেদ্যদানাদিতে মুদ্রা দেখাইতে হয়। এই পুস্তকে যে যে মুদ্রা দেখাইতে বলা হইয়াছে সেই সকল মুদ্রাই প্রদর্শিত হইল।

অঙ্কুশমুদ্রা।

দক্ষিণকরের মধ্যমাঙ্গুলিকে সিধা করিয়া তর্জ্জনীর মধ্যপর্ব্ব পর্য্যন্ত সংমিলিত করিবে এবং তর্জ্জনীর শেষভাগকে (শেষ পর্ব্বকে) বাঁকাইবে ইহার নাম অঙ্কুশমুদ্রা।

ধেনুমুদ্রা।

দক্ষিণকরের তর্জ্জনী ও অনামিকা, বামকরের মধ্যমা ও কনিষ্ঠাতে সংযোগ করিবে এবং বাম হস্তের তর্জ্জনী ও অনামিকা, দক্ষিণ করের মধ্যমা ও কনিষ্ঠাতে সংযোগ করিবে। ইহার নাম ধেনুমুদ্রা।

মৎস্যমুদ্রা।

দক্ষিণ করের পৃষ্ঠদেশে বাম করতল স্থাপনপূর্ব্বক প্রসারিত অঙ্গুষ্ঠদ্বয়কে পরিচালিত করিলেই মৎস্যমুদ্রা হইল।

গন্ধমুদ্রা।

দক্ষিণহস্তের কনিষ্ঠাঙ্গুলিতে গন্ধ লইয়া বৃদ্ধাঙ্গুলিসংযুক্ত করিলে গন্ধমুদ্রা হয়। এইরূপে দেবতাকে গন্ধ দিবে।

পুষ্পমুদ্রা।

দক্ষিণ হস্তের তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ যোগ করিলেই পুষ্পমুদ্রা হয়। দেবতাকে উক্ত অঙ্গুলিদ্বয়দ্বারা পুষ্প দিবে।

ধূপমুদ্রা।

তর্জ্জনীর সহিত অঙ্গুষ্ঠ যোগ করিলে ধূপমুদ্রা হয়। এই অঙ্গুলিদ্বয়দ্বারা ধূপ দিতে হয়।

দীপমুদ্রা।

মধ্যমার সহিত অঙ্গুষ্ঠ যোগ করিলে দীপ মুদ্রা হয়। ইহা দ্বারা দীপ দিতে হয়।

প্রাণাদিপঞ্চমুদ্রাঃ।

প্রাণমুদ্রা—কনিষ্ঠা ও অনামিকাতে অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

অপানমুদ্রা - তর্জ্জনী ও মধ্যমাতে অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

ব্যানমুদ্রা—মধ্যমা ও অনামাতে অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

উদানমুদ্রা—তর্জ্জনী, মধ্যমা, ও অনামাতে অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

সমানমুদ্রা—সর্ব্বাঙ্গুলিতে অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

চক্রমুদ্রা।

মুষ্টিবদ্ধ হস্তদ্বয়ের বৃদ্ধাঙ্গুলিদ্বয় উক্ত হস্তমধ্যে কনিষ্ঠাঙ্গুলিদ্বয়ের সহিত সংযুক্ত করিবে। হস্ত ভগ্ন হইবেনা ইহাই চক্রমুদ্রা।

* তত্ত্বমুদ্রা।

বাম হস্তের অঙ্গুষ্ঠের অগ্রভাগে অনামার অগ্রভাগ যোগ করিবে। ইহাই তত্ত্বমুদ্রা

নারাচমুদ্রা।

দক্ষিণ করের বৃদ্ধাঙ্গুলির শেষভাগে তর্জ্জনী সংযুক্ত করিয়া মধ্যমা, অনামা, কনিষ্ঠা এই তিনটি অঙ্গুলিকে নিম্নদিকে বাঁকাইয়া করতলের উর্দ্ধরেখার সহিত মিলিত করিতে হইবে তাহা হইলে নারাচমুদ্রা হইবে।

কূর্ম্মমুদ্রা।

দক্ষিণ করের তর্জ্জনীকে বামকরের বৃদ্ধাঙ্গুলিতে ও বামকরের তর্জ্জনীকে দক্ষিণকরের কনিষ্ঠাতে সংযুক্ত করিবে। পরে বাম করের বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনীর মধ্যস্থানে দক্ষিণ করের মধ্যমা ও অনামিকাকে বাঁকাইবে, অনন্তর বামহস্তের মধ্যমা অনাম ও কনিষ্ঠা এই তিনটি অঙ্গুলিকে দক্ষিণ করের পৃষ্ঠদেশে বক্র ভাবে স্থাপন করিবে তাহা হইলে কূর্ম্মমুদ্রা হইবে।

---

* মতান্তরে মধ্যমার অগ্রভাগে অঙ্গুষ্ঠযোগ করিলে তত্ত্বমুদ্রা হয়।

প্রার্থনামুদ্রা।

দক্ষিণ ও বাম করের অঙ্গুলিসকলকে সিধা করিয়া বাম হস্তের উপর দক্ষিণহস্ত উত্তান ভাবে (চিৎকরিয়া) স্থাপন পূর্ব্বক বক্ষঃস্থলে রাখিবে। ইহাই প্রার্থনামুদ্রা।

অবগুণ্ঠনমুদ্রা।

প্রথমে দক্ষিণ হস্ত মুঠ করিবে। পরে তর্জ্জনী অঙ্গুলিকে সিধা ও অধোমুখ করিবে। অনন্তর দক্ষিনাবর্ত্তে উক্ত তর্জ্জনী অঙ্গুলিকে একবার ঘুরাইলেই অবগুণ্ঠন মুদ্রা হইবে।

গোযোনিমুদ্রা।

মুষ্টিবদ্ধ দক্ষিণ হস্তের কনিষ্ঠাঙ্গুলিমূলের সমীপে যে একটি যোনির তুল্য আকার হয় তাহার নাম গোযোনিমুদ্রা। ইহা জপ সমর্পণে আবশ্যক।

সংহারমুদ্রা।

বামকর অধোমুখ করিয়া তাহার পৃষ্ঠদেশে দক্ষিণহস্তের পৃষ্ঠদেশ স্থাপন পূর্ব্বক অঙ্গুলিতে অঙ্গুলিতে বন্ধন করিবে। পরে তাহাকে উল্টাইবে। তাহা হইলে সংহার মুদ্রা হইবে।

এই মুদ্রা দেবতার বিসর্জ্জন কার্য্যে ব্যবহার হইয়া থাকে।

লেলিহানমুদ্রা।

তর্জ্জনী, মধ্যমা ও অনামা এই তিন অঙ্গুলিকে ক্রমে পরস্পর মিলিত করিয়া কিঞ্চিৎ অধোমুখ করিবে। পরে অঙ্গুষ্ঠের অগ্রভাগ অনামার অগ্রভাগে মিলিত করিয়া কনিষ্ঠাঙ্গুলিকে সোজা রাখিবে।

আবাহনাদি পঞ্চমুদ্রাঃ।

আবাহনী—

কৃতাঞ্জলি হইয়া হস্তদ্বয়ের অনামিকার প্রথমপর্ব্বে দুই অঙ্গুষ্ঠ স্থাপন করিবে।

সংস্থাপনী—

পূর্ব্বোক্ত তাদৃশ বদ্ধাঞ্জলিকে অধোমুখ করিবে।

সন্নিধাপনী—

বৃদ্ধাঙ্গুলি ভিন্ন অন্য অঙ্গুলি সকলকে মুষ্টিবদ্ধ করিয়া বৃদ্ধাঙ্গুলিকে উচ্ছ্রিত রাখিবে।

সংবোধিনী—

পূর্ব্বোক্ত তাদৃশ মুষ্টিবদ্ধ অঙ্গুলি সকলের মধ্যে বৃদ্ধাঙ্গুলিদ্বয়কে প্রবিষ্ট করিবে।

সংমুখীকরণী—

পূর্ব্বোক্ত তাদৃশ মুষ্টিদ্বয়কে উত্তান ভাবে (চিৎকরিয়া) স্থাপন করিবে।

এই পাঁচমুদ্রা দেবতার আবাহন কার্য্যে আবশ্যক। সাধক যথাবিধি এই পঞ্চমুদ্রা দেখাইয়া আবাহন করিবে।

হবিষ্যান্নং।

হৈমন্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গা স্তিলা যবাঃ।
কলায়কঙ্গুনীবারা বাস্তুকং হিলমোচিকা॥
ষষ্টিকা কালশাকঞ্চ মূলকং কেমুকেতরৎ।
লবণে সৈন্ধবসামুদ্রে গব্যে চ দধিসর্পিষী॥

পয়োঽমূদ্ক্তসারঞ্চ পনসাম্রহরীতকী।
তিন্তিড়ী জীরকঞ্চৈব নাগরঙ্গঞ্চ পিপ্পলী ॥
কদলী লবণী ধাত্রী ফলান্যগুড়মৈক্ষবং।
অতৈলপক্কং মুনয়ো হবিষ্যান্নং বিদুর্ব্বুধাঃ ॥

শুভ্রবর্ণ অস্বিন্ন (সিদ্ধ না করা) হৈমন্তিকধান্যের আতপ তণ্ডুল, মুগ, তিল, যব, কলাই (মটর,) কঙ্গু (কঁউ ধান্য,) নীবার (তৃণধান্যাকার,) বাস্তূক (বেথোশাক,) হিলমোচিকা (হিলিঞ্চ্যা,) ষষ্টিকা (ধান্যবিশেষ্য,) কালশাক (কুলথশাক,) কেমুক (অর্থাৎ কেউ ভিন্ন সমস্ত মূল,) সৈন্ধবলবণ ও সামুদ্রিক লবণ, কাঁঠাল, আম্র, হরিতকী, তেঁতুল, জীরা, কামরাঙ্গা, পেপুল, কলা, লবণী (নোড়,) আমলকী, গুড়ভিন্ন ইক্ষু হইতে উৎপন্ন যাবতীয় মিষ্টদ্রব্য, তৈলপক্ক দ্রব্য ভিন্ন ঘৃতপক্ক দ্রব্য, গব্য ও সরতুলা নহে এরূপ দুগ্ধ, গব্যদধি, গব্যঘৃত, নারিকেল, ফুটি, এতদ্ভিন্ন ব্রতবিশেষে যাহা বিহিত আছে তাহাও হবিষ্যান্নে বিহিত জানিতে হইবে।

ইতি সাধারণবিধিঃ সমাপ্তঃ।

পরিশিষ্টং।

সাধারণের সুবিধার জন্য প্রচলিত কতিপয় দেবদেবীর ধ্যান, পূজামন্ত্র, বীজ, গায়ত্রী ও প্রণামমন্ত্র এবং কতিপয় দেবদেবীর ব্রত ও তৎকথা প্রদর্শিত হইল।

গণেশস্য।

ধ্যানং।

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদং॥

মন্ত্রঃ—ওঁ গণেশায় নমঃ। বীজং—গাং।

প্রণামমন্ত্রঃ।

একদন্তং মহাকায়ং লম্বোদরগজাননম্।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

সূর্য্যস্য।

ধ্যানং

রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

মন্ত্রঃ—ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। বীজং—হ্রাং।

গায়ত্রী।

ওঁ আদিত্যায় বিদ্মহে মার্ত্তণ্ডায় ধীমহি তন্নঃ সূর্য্যঃ প্রচোদয়াৎ ওঁ।

অর্ঘ্যদানমন্ত্রঃ।

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥
ইদমর্ঘ্যং ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ।

প্রণামমন্ত্রঃ।

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

নারায়ণস্য।

ধ্যানং।

ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরিটী
হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

মন্ত্রঃ—ওঁ নারায়ণায় নমঃ। বীজং—নাং।

গায়ত্রী।

ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

বিষ্ণোঃ।

ধ্যানং।

উদ্যৎকোটিদিবাকরাভমনিশং শঙ্খং গদাং পঙ্কজং
চক্রং বিভ্রতমিন্দিরাবসুমতীসংশোভিপার্শ্বদ্বয়ম্।
কোটীরাঙ্গদহারকুণ্ডলধরং পীতাম্বরং কৌস্তভো-
দ্দীপ্তং বিশ্বধরং স্ববক্ষসি লসৎশ্রীবৎসচিহ্নং ভজে॥

মন্ত্রঃ—ওঁ বিষ্ণবে নমঃ। বীজং—ওঁ।

গায়ত্রী।

ওঁ ত্রৈলোক্যমোহনায় বিদ্মহে কামদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

শ্রীকৃষ্ণস্য।

ধ্যানং।

স্মরেদ্ বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনারতম্।
গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ॥
আত্মনো বদনাম্ভোজে প্রেরিতাক্ষিমধুব্রতাঃ।
পীড়িতাঃ কামবাণেন চিরমাশ্লেষণোৎসুকাঃ॥
মুক্তাহারলসৎপীনতুঙ্গস্তনভরানতাঃ।
স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিতভাষণাঃ॥

মৃত্যুঞ্জয়শিবস্য।

ধ্যানং।

চন্দ্রার্কাগ্নিবিলোচনং স্মিতমুখং পদ্মদ্বয়ান্তঃস্থিতং
মুদ্রাপাশমৃগাক্ষসূত্রবিলসৎপাণিং হিমাংশুপ্রভম্।
কোটীরেন্দুগলৎসুধাপ্লুততনুং হারাদিভূষোজ্জ্বলং
কান্ত্যা বিশ্ববিমোহনং পশুপতিং মৃত্যুঞ্জয়ং ভাবয়েৎ॥

মন্ত্রঃ—ওঁ মৃত্যুঞ্জয়শিবায় নমঃ। বীজং—ওঁ জুং সঃ।

প্রণামমন্ত্রঃ।

নমস্তুভ্যং বিরূপাক্ষ ইত্যাদি।

মহামৃত্যুঞ্জয়শিবস্য।

ধ্যানং।

শিবং শান্তং মহাদেবং লোকানুগ্রহকারকম্।
শুদ্ধস্ফটিসঙ্কাশং সহস্রাদিত্যবর্চ্চসম্।
খড়্গশূলবরাভীতিং পঞ্চবক্ত্রং সুশোভনম্।
সর্ব্বরোগবিনাশার্থং ভজেহহং ভুবনেশ্বরম্॥

মন্ত্রঃ—ওঁ মহামৃত্যুঞ্জয়শিবায় নমঃ। বীজং—হ্রূং।

প্রণামমন্ত্রঃ।

নমস্তুভ্যং বিরূপাক্ষ ইত্যাদি।

বাণেশ্বরশিবস্য।

ধ্যানং।

প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভং।
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমং।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরং॥

মন্ত্রঃ—ওঁ বাণেশ্বরশিবায় নমঃ। বীজং—ঐং।

প্রণামমন্ত্রঃ।

ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারকায়
জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায়
দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়॥

ব্রহ্মণঃ।

ধ্যানং।

পদ্মাসনস্থো জটিলো ব্রহ্মা ধ্যেয়শ্চতুর্ভুজঃ।
অক্ষমালাং স্রুবং বিভ্রৎ পুস্তকঞ্চ কমণ্ডলুম্।
বাসঃ কৃষ্ণাজিনং তস্য পার্শ্বে হংসস্তথৈব চ॥

মন্ত্রঃ—ওঁ ব্রহ্মণে নমঃ।

প্রণামমন্ত্রঃ।

বেদাধারায় বেদ্যায় জ্ঞানগম্যায় সূরয়ে।
কমণ্ডল্বক্ষমালা-স্রক্ স্রুবহস্তায় তে নমঃ॥

গুরোঃ।

ধ্যানং।

ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুং।
শ্বেতাম্বরপরীধানং শ্বেতমাল্যানুলেপনং।
বরাভয়করং শান্তং করুণাময়বিগ্রহং।
বামোনোৎপলধারিণ্যা শক্ত্যালিঙ্গিতবিগ্রহং।
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কং॥

দন্তপঙ্‌ক্তিপ্রভোদ্ভাসিস্পন্দমানাধরাঞ্চিতাঃ।
বিলোভয়ন্তীর্বিবিধৈর্বিভ্রমৈর্ভাবগর্ব্বিতৈঃ॥
ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদ্রারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরং।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসংঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥

মন্ত্রঃ—ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ। বীজং—ক্লীঁ।

গায়ত্রী।

ওঁ কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ

কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥
হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে।
গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত নমোঽস্তু তে॥

রামস্য।

ধ্যানং।

কালাম্ভোধরকান্তিকান্তমনিশং বীরাসনাধ্যাসিনং
মুদ্রাং জ্ঞানময়ীং দধানমপরং হস্তাম্বুজং জানুনি।
সীতাং পার্শ্বগতাং সরোরুহকরাং বিদ্যুন্নিভাং রাঘবং
পশ্যন্তং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গং ভজেৎ॥

মন্ত্রঃ—ওঁ শ্রীরামচন্দ্রায় নমঃ। বীজং—রাং

গায়ত্রী।

ওঁ দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

রামায় রামভদ্রায় রামচন্দ্রায় বেধসে।
রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

শিবস্থ।

ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

মন্ত্রঃ—ওঁ নমঃ শিবায় নমঃ। বীজং—হৌং।

গায়ত্রী

ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নোরুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

নমস্তুভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ॥
নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ॥
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥

মন্ত্রঃ—ওঁ শ্রীগুরবে নমঃ। বীজং—ঐং।

প্রণামমন্ত্রঃ।

অখণ্ড-মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

কার্ত্তিকস্য।

ধ্যানং।

কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরিসংস্থিতং।
তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বরপ্রদং॥
দ্বিভুজং শক্রহন্তারং নানালঙ্কারভূষিতং।
ষণ্মুখং তুঙ্গনেত্রঞ্চ সর্ব্বসৈন্যপুরস্কৃতং॥
মন্ত্রঃ—ওঁ কার্ত্তিকায় নমঃ। বীজং—কাং।

প্রণামমন্ত্রঃ।

ওঁ কার্ত্তিকেয়ং নমস্যামি গৌরীপুত্রংশুভপ্রদং।
ষড়াননং মহাভাগং দৈত্যদর্পনিসূদনং॥

বিশ্বকর্ম্মণঃ।

দংশপাল মহাবীর সুচিত্রকর্ম্মকারক।
বিশ্বধৃক্ ত্বঞ্চ দেবেশ বাসনামানদণ্ডধৃক্॥
মন্ত্রঃ—ওঁ বিশ্বকর্ম্মণে নমঃ।

প্রণামমন্ত্রঃ।

দেবশিল্পিন্ মহাভাগ দেবানাং কার্য্যসাধক।
বিশ্বকর্ম্মন্নমস্তুভ্যং সর্ব্বাভীষ্টফলপ্রদ॥

দুর্গায়াঃ।

ধ্যানং।

সিংহস্থা শশিশেখরা মরকতপ্রখ্যা চতুর্ভির্ভুজৈঃ
শঙ্খং চক্রধনুঃশরাংশ্চ দধতী নেত্রৈস্ত্রিভিঃ শোভিতা।
আমুক্তাঙ্গদহারকঙ্কণরণৎকাঞ্চীকণন্নূপুরা
দুর্গা দুর্গতিহারিণী ভবতু বো রত্নোল্লসৎকুণ্ডলা॥

মন্ত্রঃ—ওঁ দুর্গায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ দুঁ।

গায়ত্রী।

ওঁ মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

জয়দুর্গায়াঃ।

ধ্যানং।

কালাভ্রাভাং কটাক্ষৈ রিপুকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

মন্ত্রঃ—ওঁ দুর্গায়ৈ নমঃ। বীজং—হ্রীং।

গায়ত্রী।

ওঁ মহাদেব্যৈ বিদ্মহে ইত্যাদি।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

দশভুজদুর্গয়াঃ ।

ধ্যানং।

জটাজূটসমাযুক্তা-মর্দ্ধেন্দুকৃতশেখরাং।
লোচনত্রয়সংযুক্তাংপূর্ণেন্দুসদৃশাননাং॥
তপ্তকাঞ্চনবর্ণাভাং সুপ্রতিষ্ঠাং সুলোচনাং।
নবযৌবনসম্পন্নাং সর্ব্বাভরণভূষিতাং॥
সুচারুদশনাং দেবীং পীনোন্নতপয়োধরাং।
ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দ্দিনীং॥
মৃণালায়তসংস্পর্শদশবাহুসমন্বিতাং।
ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়্গং চক্রং ক্রমাদধঃ।
তীক্ষ্ণবাণং তথা শক্তিং দক্ষিণে সন্নিবেশয়েৎ।
খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমেব চ॥
ঘণ্টাং বা পরশুং বাপি বামতঃ সন্নিবেশয়েৎ
অধস্তান্মহিষং তদ্বদ্ বিশিরস্কং প্রদর্শয়েৎ॥
শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ্ দানবং খড়্গপাণিনং।
হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্রবিভূষিতং॥
রক্তারক্তীকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফুরিতেক্ষণং।
বেষ্টিতং নাগপাশেন ভ্রূকুটীভীষণাননং॥
সপাশ-বামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া।
বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ॥

দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরিস্থিতং।
কিঞ্চিদূর্দ্ধং তথা বাম-মঙ্গুষ্ঠং মহিষোপরি॥
স্তূয়মানঞ্চ তদ্রূপ মমরৈঃ সন্নিবেশয়েৎ।
উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা॥
চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা।
অষ্টাভিঃ শক্তিভিস্তাভিঃ সততং পরিবেষ্টিতাং॥
চিন্তয়েজ্জগতাং ধাত্রীং ধর্ম্মকামার্থমোক্ষদাং॥

মন্ত্রঃ—ওঁ দুর্গায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ।

গায়ত্রী।

ওঁ মহাদেব্যৈ বিদ্মহে ইত্যাদি।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

জগদ্ধাত্রীদুর্গায়াঃ।

ধ্যানং।

সিংহস্কন্ধাধিসংরূঢ়াং নানালঙ্কারভূষিতাম্।
চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্॥
শঙ্খশার্ঙ্গসমাযুক্তবামপাণিদ্বয়ান্বিতাম্।
চক্রঞ্চ পঞ্চবাণাংশ্চ ধারয়ন্তীঞ্চ দক্ষিণে॥
রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীতনুম্।
নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীম্॥
ত্রিবলীবলয়োপেতাং নাভিনালমৃণালিনীম্।
রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমন্বিতে॥
প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীম্॥

মন্ত্রঃ—ওঁ জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ। বীজং—দূঁ।

গায়ত্রী।

ওঁ মহাদেব্যৈ বিদ্মহে সিংহবাহিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

অন্নপূর্ণায়াঃ।

ধ্যানং।

রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়া
মন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাং।
নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য
হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীং।

মন্ত্রঃ—ওঁ অন্নপূর্ণায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ।

গায়ত্রী।

ওঁ ভগবত্যৈ বিদ্মহে মাহেশ্বর্য্যৈ ধীমহি তন্নোঽন্নপূর্ণে প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

অন্নপূর্ণে সদা পূর্ণে শঙ্করপ্রাণবল্লভে।
জ্ঞানবৈরাগ্যসিদ্ধ্যর্থং ভিক্ষাং দেহি নমোঽস্তু তে॥

কাত্যায়ন্যাঃ।

ধ্যানং।

চণ্ডী কাত্যায়নী দেবী বরদা বিন্ধ্যবাসিনী।
নিশুম্ভশুম্ভমথনী মহিষাসুরঘাতিনী॥

মন্ত্রঃ—ওঁ কাত্যায়ন্যৈ নমঃ। বীজং—হ্রীঁ শ্রীঁ।

প্রণামমন্ত্রঃ।

কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্।
প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্॥

চণ্ডিকায়াঃ।

ধ্যানং।

বন্ধূক কুসুমাভাসাং পঞ্চমুণ্ডাধিবাসিনীম্।
স্ফুরচ্চন্দ্রকলারত্নমুকুটাং মুণ্ডমালিনীম্॥
ত্রিনেত্রাং রক্তবসনাং পীনোন্নতঘটস্তনীম্।
পুস্তকঞ্চাক্ষমালাঞ্চ বরঞ্চাভয়কং ক্রমাৎ॥
দধতীং সংস্মরেন্নিত্যমুত্তরাম্নায়মানিতাম্॥

মন্ত্রঃ—ওঁ চণ্ডিকায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

মঙ্গলচণ্ডিকায়াঃ।

ধ্যানং।

যৈষা ললিতকান্তাখ্যা দেবী মঙ্গলচণ্ডিকা।
বরদাভয়হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা॥
রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বলমণ্ডিতা।
রক্তকৌষেয়বসনা স্মিতবক্ত্রা শুভাননা॥
নবযৌবনসম্পন্না চার্ব্বঙ্গী ললিতপ্রভা॥

মন্ত্রঃ—ওঁ মঙ্গলচণ্ডিকায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ।

প্রণামমন্ত্রঃ ।

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি ।

দক্ষিণকালিকায়াঃ ।

ধ্যানং ।

করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাং ।
কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালাবিভূষিতাং ॥
সদ্যশ্ছিন্নশিরঃ-খড়্গ-বামাধোর্দ্ধকরাম্বুজাং ।
অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধপাণিকাং ॥
মহামেঘপ্রভাং শ্যামাং তথাচৈব দিগম্বরীং ।
কণ্ঠাবসক্তমুণ্ডালী-গলদ্রুধির-চর্চ্চিতাং ॥
কর্ণাবতংসতানীত-শব-(শর)-যুগ্ম-ভয়ানকাং ।
ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নতপয়োধরাং ॥
শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীং ।
সৃক্কদ্বয়গলদ্রক্তধারা-বিস্ফুরিতাননাং ॥
ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়বাসিনীং ।
বালার্ক-মণ্ডলাকার-লোচনত্রিতয়ান্বিতাং ॥
দন্তুরাং দক্ষিণব্যাপি-লম্বমান-কচোচ্চয়াং ।
শবরূপমহাদেব-হৃদয়োপরি সংস্থিতাং ॥
শিবাভির্ঘোররাবাভি-শ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাং ।
মহাকালেন চ সমং বিপরীত-রতাতুরাং ॥
সুখপ্রসন্নবদনাং স্মেরানন-সরোরুহাং ।
এবং সঞ্চিন্তয়েৎ কালীং ধর্ম্মকামার্থমোক্ষদাং ॥

মন্ত্রঃ—ওঁ দক্ষিণকালিকায়ৈ নমঃ। বীজং ক্রীঁ।

গায়ত্রী।

ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

তারায়াঃ।

ধ্যানং।

প্রত্যালীঢ়পদাং ঘোরাং মুণ্ডমালাবিভূষিতাং।
খর্ব্বাং লম্বোদরীং ভীমাং ব্যাঘ্রচর্ম্মাবৃতাং কটৌ॥
নবযৌবনসম্পন্নাং পঞ্চমুদ্রাবিভূষিতাং।
চতুর্ভুজাং লোলজিহ্বাং মহাভীমাং বরপ্রদাং॥
খড়্গাকর্ত্তৃ-সমাযুক্ত-সব্যেতর-ভুজদ্বয়াং।
কপালোৎপলসংযুক্ত-সব্যপাণিযুগান্বিতাং॥
পিঙ্গোগ্রৈকজটাং ধ্যায়েন্মৌলাবক্ষোভ্যভূষিতাং।
জ্বলচ্চিতামধ্যগতাং ঘোরদংষ্ট্রাং করালিনীং॥
স্বাবেশস্মেরবদনাং স্ত্র্যলঙ্কারবিভূষিতাম্।
বিশ্বব্যাপকতোয়ান্তঃশ্বেতপদ্মোপরি স্থিতাম্॥

মন্ত্রঃ—ওঁ তারায়ৈ নমঃ। বীজং—হ্রীঁ স্ত্রীঁ হুঁ ফট্।

গায়ত্রী।

ওঁ তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

ভুবনেশ্বরীদেব্যাঃ।

ধ্যানং।

উদ্যদ্দিনকরদ্যুতিমিন্দুকিরীটাং তুঙ্গকুচাং নয়ন ত্রয়সংযুক্তাম্।
স্মেরমুখীং বরাঙ্কুশপাশাভীতিকরাং প্রভজেদ্ ভুবনেশ্বরীম্॥

মন্ত্রঃ—ওঁ ভুবনেশ্বর্য্যৈ নমঃ। বীজং—হ্রীঁ।

গায়ত্রী।

ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভুবনেশ্বর্য্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

বগলামুখীদেব্যাঃ।

ধ্যানং।

মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদী-
সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্।
পীতাম্বরাভরণমাল্যবিভূষিতাঙ্গীং
দেবীং স্মরামি ধৃতমুদ্গরবৈরিজিহ্বাম্॥
জিহ্বাগ্রমাদায় করেণ দেবীং
বামেন শত্রূন্ পরিপীড়য়ন্তীম্।
গদাভিঘাতেন চ দক্ষিণেন
পীতাম্বরাঢ্যাং দ্বিভুজাং নমামি॥

মন্ত্রঃ—ওঁ বগলামুখ্যৈ নমঃ। বীজং—

ওঁ হ্লীঁ বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীঁ ওঁ স্বাহা।

প্রণামমন্ত্রঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

গঙ্গায়াঃ।

ধ্যানং

সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাং।
চামরৈর্বীজ্যমানাস্তু শ্বেতছত্রোপশোভিতাং॥
সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাং।
সুধাপ্লাবিতভূপৃষ্ঠামার্দ্রগন্ধানুলেপনাং॥
ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাং॥

মন্ত্রঃ—ওঁ গাং গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ শান্তিপ্রদায়িন্যৈ নারায়ণ্যৈ নমো নমঃ।—বীজং—গাং।

প্রণামমন্ত্রঃ।

সদ্যঃ পাতকসংহন্ত্রী সদ্যো দুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

* লক্ষ্মীদেব্যাঃ।

ধ্যানং।

পাশাক্ষমালিকাম্ভোজ-সৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরং॥

* লক্ষ্মী পূজায় ঘণ্টা বাদ্য নিষিদ্ধ।

গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাং।
রৌক্মপদ্ম-ব্যগ্রকরাংবরদাং দক্ষিণেন তু॥

মন্ত্রঃ—ওঁ লক্ষ্মীদেব্যৈ নমঃ। বীজং—শ্রীঁ।

গায়ত্রী।

ওঁ মহালক্ষ্ম্যৈ বিদ্মহে মহাশ্রিয়ৈ ধীমহি তন্নঃ শ্রীঃ প্রচোদয়াৎ ওঁ।

প্রণামমন্ত্রঃ।

বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে॥

* সরস্বতী।

ধ্যানং।

তরুণশকলমিন্দোর্ব্বিভ্রতী শুভ্রকান্তিঃ
কুচভরনমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে।
নিজকরকমলোদ্যল্লেখনীপুস্তকশ্রীঃ
সকলবিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।

মন্ত্রঃ—ওঁ সরস্বত্যৈ নমঃ। বীজং—ঐং।

গায়ত্রী।

ওঁ বাগ্দেব্যৈ বিদ্মহে কামরাজায় ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

---

* শ্রীপঞ্চমীতে সরস্বতীপূজায় লক্ষ্মী, নারায়ণ, দোয়াত, কলম ও পুস্তক পূজা করিয়া পুষ্পাঞ্জলি দিবে।
মন্ত্রঃ— ওঁ লক্ষ্ম্যৈ নমঃ। ওঁ নারায়ণায় নমঃ। ওঁ মস্যাধারেভ্যো নমঃ। ওঁ লেখনীভ্যো নমঃ। ওঁ পুস্তকেভ্যো নমঃ।

পুষ্পাঞ্জলিমন্ত্রঃ।

ওঁ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ।
বেদবেদাঙ্গবেদান্তবিদ্যাস্থানেভ্য এব চ স্বাহা॥

প্রণামমন্ত্রঃ।

ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে॥

শীতলায়াঃ।

ধ্যানং।

সূর্পালঙ্কৃতমস্তকাং সুরগণৈঃ সংস্তূয়মানাং মুদা
বামে কুম্ভধরাং পয়োদবদনাং বন্দে খরস্থাং সদা।
দিগ্বাসামুরুহাসসুন্দরমুখীং সম্মার্জ্জনীং দক্ষিণে
পাণৌ তাং দধতীং ভবার্ত্তিশমনীং সংসারবিদ্রাবিণীম্॥

মন্ত্র—ওঁ শীতলাদেব্যৈ নমঃ। বীজং—শাং।

প্রণামমন্ত্রঃ।

ওঁ নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীম্।
মার্জ্জনীকলসোপেতাং সূর্পালঙ্কৃতমস্তকাম্॥

* মনসায়াঃ।

ধ্যানং

দেবীমম্বা মহীনাং শশধরবদনাং চারুকান্তিং বদান্যাং
হংসারূঢ়ামুদারাং সুললিতবসনাং সেবিতাং সিদ্ধিকামৈঃ।

---

* মনসাপূজায় ধুনা দিবেনা। মনসায় পূজা করিয়া অষ্টনাগের পূজা করিবে। অষ্টনাগ যথা ওঁ অনন্তায় নমঃ। ওঁ বাসুকয়ে নমঃ। ওঁ পদ্মায় নমঃ। ওঁ মহাপদ্মায় নমঃ। ওঁ তক্ষকায় নমঃ। ওঁ কুলীরায় নমঃ। ওঁ কর্কটায় নমঃ। ওঁ শঙ্খায় নমঃ।

স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কনকমণিগণৈর্নাগরত্নৈরনেকৈ-
র্বন্দেঽহং সাষ্টনাগামুরুকুচযুগলাং ভোগিনীং কামরূপাম্ ॥

মন্ত্র—ওঁ মনসাদেব্যৈ নমঃ। বীজং—মাং।

প্রণামমন্ত্রঃ।

আস্তিকস্য মুনের্মাতা ভগিনী বাসুকেস্তথা।
জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে ॥

ষষ্ঠীদেব্যাঃ।

ধ্যানং।

দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাং।
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাং ॥
পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাং।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠী মম্বুজস্থাং বিচিন্তয়েৎ ॥

মন্ত্রঃ—ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ। বীজং—ষাং।

প্রণামমন্ত্রঃ।

জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবিকে ॥

কুমারীদেব্যাঃ।

ধ্যানং

বালরূপাঞ্চ ত্রৈলোক্যসুন্দরীং বরবর্ণিনীং।
নানালঙ্কারনম্রাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীং ॥
চারুহাস্যাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাং ॥

মন্ত্রঃ—ওঁ কুমার্য্যৈ নমঃ। বীজং—ঐঁ হ্রীঁ শ্রীঁ হ্সৌঃ।

অথ জন্মাষ্টমীব্রতং।

উপবাসপূর্ব্বদিনে সংযম (হবিষ্যান্নভক্ষণাদি) করিয়া উপবাসদিনে প্রাতঃকৃত্যাদিকার্য্য সমাপনপূর্ব্বক স্নান করিবে। পরে শুচি হইয়া বিহিতাসনে উপবেশনানন্তর * দুইবার আচমন, সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি, ও গণেশাদি পূজা করিয়া স্বস্তিবাচন * করিবে। স্বস্তিবাচনে "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীকৃষ্ণ জন্মাষ্টমীব্রতকর্ম্মণি" ইত্যাদি উল্লেখ করিবে। স্বস্তিবাচন করিয়া স্বস্তিসূক্ত পাঠ করা বিধি।

অনন্তর—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃক্ষপা।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহসন্নিধিং॥

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদাপশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং॥ ওঁ তৎসৎ।

এই সকল মন্ত্র পাঠ করিয়া তাম্রাদিপাত্রে (কোশাদিতে) দর্ভত্রয় (ত্রিপত্র,) ফল, পুষ্প, তিল ও জল লইয়া, উত্তরাভিমুখে উপবেশনপূর্ব্বক সংকল্প করিবে।

যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য ভাদ্রে মাসি কৃষ্ণে পক্ষে অষ্টম্যাং তিথৌ

* সাধারণ বিধিতে দ্রষ্টব্য।

অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীকৃষ্ণপ্রীতিকামঃ শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকর্ম্মাহং করিষ্যে। *

এই সকল পাঠ করিয়া পাত্রস্থিতজল অন্যপাত্রে ক্ষেপণ করিবে। পরে বামহস্তে ঘণ্টা বাদ্য করিতে করিতে সংকল্প সূক্ত † পাঠ করিবে। উপবাস দিনে প্রাতঃকালে সপ্তমী থাকিলে "অষ্টম্যাং তিথৌ" স্থলে "সপ্তম্যাং তিথাবারভ্য" বলিবে।

সংকল্প করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করা বিধি। যথা—

ওঁ ধর্ম্মায় ধর্ম্মেশ্বরায় ধর্ম্মপতয়ে ধর্ম্মসম্ভবায়
গোবিন্দায় নমো নমঃ।

বাসুদেবং সমুদ্দিশ্য সর্ব্বপাপপ্রশান্তয়ে।
উপবাসং করিষ্যামি কৃষ্ণাষ্টম্যাং নভস্যহং॥
অদ্য কৃষ্ণাষ্টমীং দেবীং নভশ্চন্দ্রসরোহিণীং।
অর্চ্চায়িত্বোপবাসেন ভোক্ষ্যেঽহমপরেঽহনি॥
এনসো মোক্ষকামোঽস্মি যদ্গোবিন্দত্রিযোনিজং।
তন্মে মুঞ্চতু মাং ত্রাহি পতিতং শোকসাগরে॥

---

* স্ত্রীলোক সংকল্প করিলে "অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী শ্রীকৃষ্ণপ্রীতিকামা" বলিবে। এইরূপ দেবশর্ম্মা এবং দেবী স্থানে শূদ্র ও শূদ্রানী ক্রমে দাসঃ ও দাসী বলিবে এবং যে স্থানে ওঁ আছে সে স্থানে নমঃ বলিবে, ব্রাহ্মণী ও ওঁ স্থানে নমঃ বলিবে।

† সামবেদী। ওঁ দেবোবো দ্রবিণোদা পূর্ণাং বিবষ্টাসিচং মুদ্বাসিঞ্চধ্বমুপবা পৃণুধ্ব মাদিদ্বো দেবো ও হতে।

যজুর্ব্বেদী। ওঁ যজ্জাগ্রতো দূর মুদৈতিদৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্প মস্তু।

ঋগ্বেদী। ওঁ যা গুঙ্গু যা সিনীবালী যাচ রাকাসরস্বতী ইত্যাদি।

আজন্মমরণং যাবদ্যন্ময়া দুষ্কৃতং কৃতং।
তৎপ্রণাশয় গোবিন্দ প্রসীদ পুরুষোত্তম॥

প্রাতঃকালে এইরূপে সংকল্পাদি করিয়া সমস্ত দিন সংযত হইয়া অবস্থান করিবে। তৎপরে অর্দ্ধরাত্রিতে বিহিতাসনে উপবেশন করিয়া দুইবার আচমন, সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, করশুদ্ধি, দশদিগ্বন্ধন, ভূতাপসারণ, দ্বার-দেবতাপূজা, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসাদি করিয়া ঋষ্যাদিন্যাস ও প্রাণায়াম করিবে। পরে কূর্ম্ম মুদ্রাদ্বারা পুষ্প গ্রহণপূর্ব্বক শ্রীকৃষ্ণের ধ্যান মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ মাঞ্চাপি বালকং সুপ্তং পর্য্যঙ্কে স্তনপায়িনং।
শ্রীবৎসবক্ষঃপূর্ণাঙ্গং নীলোৎপলদলচ্ছবিং॥

এই ধ্যান মন্ত্র পাঠ করিয়া মস্তকে উক্ত পুষ্প স্থাপনপূর্ব্বক মানসপূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। পরে গণেশাদি পঞ্চদেবতা, সূর্য্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, ও গুর্ব্বাদি পূজা করিবে।

অনন্তর—

ষোড়শোপচারাদি দ্বারা "ইদমাসনং ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ" ইত্যাদিক্রমে পূজা করিবে।

অর্ঘ্যদানের সময়—

"ওঁ যজ্ঞায় যজ্ঞেশ্বরায় যজ্ঞপতয়ে যজ্ঞসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ"। এই মন্ত্র পাঠ করিবে।

স্নানীয়জলদানের সময়—

"ওঁ যোগায় যোগেশ্বরায় যোগপতয়ে যোগসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ"। এই মন্ত্র পাঠ করিবে।

নৈবেদ্যদানের সময়—

"ওঁ বিশ্বায় বিশ্বেশ্বরায় বিশ্বপতয়ে বিশ্বসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ"। এই মন্ত্র পাঠ করিবে।

পূজা সমাপন করিয়া ক্লীঁ বীজদ্বারা অঙ্গন্যাস, করন্যাস, ও প্রাণায়াম করতঃ "ওঁ ক্লীঁ কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র যথাসাধ্য জপ করিবে। জপান্তে পুনর্ব্বার অঙ্গন্যাসাদি করিয়া জপ সমর্পণ * করিবে। পরে "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া প্রণাম করিবে। তৎপরে নিম্নোক্ত ধ্যান মন্ত্র পাঠপূর্ব্বক লক্ষ্মীর পূজা করিবে। যথা—

ওঁ পাদাবমুঞ্চয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে।
নিষণ্ণা পঙ্কজে পূজ্যা নমোদেব্যৈ শ্রিয়া ইতি॥

"এতে গন্ধপুষ্পে ওঁ দেব্যৈ শ্রিয়ৈ নমঃ" ইত্যাদিক্রমে ধূপ, দীপ, নৈবেদ্যাদিদ্বারা পূজা করিবে।

পরে গুড় ও ঘৃতদ্বারা ভিত্তিতে (দেয়ালে) বসুধারা দিয়া শ্রীকৃষ্ণের নাড়ীচ্ছেদন মনে মনে চিন্তা করিবে।

তদনন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ ষষ্ঠ্যৈ নমঃ" ইত্যাদিক্রমে পঞ্চোপচারদ্বারা ষষ্ঠীর এবং "এতে গন্ধপুষ্পে ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ" ইত্যাদিক্রমে পঞ্চোপচারদ্বারা মার্কণ্ডেয়ের পূজা করিয়া, শ্রীকৃষ্ণের

* সাধারণবিধিতে দ্রষ্টব্য।

নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন ও উদ্বাহাদি সংস্কার করা হইল, এইরূপ চিন্তা করিবে।

অনন্তর নিম্নোক্ত দেবকী ও বসুদেবপ্রভৃতির পঞ্চোপচার দ্বারা পূজা করিবে। যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ দেবকৈ্য নমঃ"। "এষ ধূপঃ ওঁ দেবকৈ্য নমঃ"। "এষ দীপঃ ওঁ দেবকৈ্য নমঃ"। "এতন্নৈবেদ্যং ওঁ দেবকৈ্য নমঃ" ইত্যাদি ক্রমে পূজা করিতে হইবে।

বসুদেবপ্রভৃতি। যথা—

ওঁ বসুদেবায় নমঃ। ওঁ নন্দায় নমঃ। ওঁ উপনন্দায় নমঃ। ওঁ সুনন্দায় নমঃ। ওঁ রোহিণ্যৈ নমঃ। ওঁ চণ্ডিকায়ৈ নমঃ। ওঁ বলদেবায় নমঃ। ওঁ যশোদায়ৈ নমঃ। ওঁ দক্ষায় নমঃ। ওঁ গর্গায় নমঃ। ওঁ চতুর্ম্মুখায় নমঃ। ওঁ অক্রূরায় নমঃ। ওঁ উদ্ধবায় নমঃ। ওঁ যাদবেভ্যো নমঃ। ওঁ সপ্তচিরজীবিভ্যো নমঃ ওঁ শ্রীদামাদিভ্যো নমঃ। ওঁ গোপবালকেভ্যো নমঃ। ওঁ দুর্গায়ৈ নমঃ। ওঁ শিবায় নমঃ। ওঁ যমুনায়ৈ নমঃ। ওঁ গঙ্গায়ৈ নমঃ।

পরে শঙ্খে পুষ্প, দূর্ব্বা, আতপতণ্ডুল, চন্দন ও কুশ এবং জল লইয়া ভূমিতে জানুদ্বয়কে স্থাপন করতঃ নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া চন্দ্রকে অর্ঘ্য প্রদান করিবে।

ওঁ ক্ষীরোদার্ণসংভূত অত্রিনেত্রসমুদ্ভব।
গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদং রোহিণ্যা সহিতো মম॥
ইদমর্ঘ্যং * ওঁ চন্দ্রায় নমঃ।

---

* যজুর্ব্বেদীয়েরা "এষঃ অর্ঘ্যঃ" বলিবে।

তৎপরে নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিয়া চন্দ্রকে প্রণাম করিবে।

ওঁ জ্যোৎস্নায়াঃ পতয়ে তুভ্যং জ্যোতিষাং পতয়ে নমঃ।
নমস্তে রোহিণীকান্ত সুধাবাস নমোঽস্তুতে॥
নভোমণ্ডলদীপ্তায় শিরোরত্নায় ধূর্জ্জটেঃ।
কলাভির্বর্দ্ধমানায় নমশ্চন্দ্রায় চারবে॥

পরে নিম্নোক্ত মন্ত্র সকল পাঠ করিয়া শ্রীকৃষ্ণের নাম সঙ্কীর্ত্তন করিবে।

ওঁ অনঘং বামনং শৌরিং বৈকুণ্ঠং পুরুষোত্তমং।
বাসুদেবং হৃষীকেশং মাধবং মধুসূদনং॥
বরাহং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনং।
দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজং॥
গোবিন্দমচ্যুতং দেব মনন্তমপরাজিতং।
অধোক্ষজং জগদ্বীজং স্বর্গস্থিত্যন্তকারণং॥
অনাদিনিধনং বিষ্ণুং প্রপন্নেশং ত্রিবিক্রমং।
নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরং॥
পীতাম্বরধরং নিত্যং বনমালাবিভূষিতং।
শ্রীবৎসাঙ্কং জগৎসেতুং শ্রীকৃষ্ণং শ্রীধরং হরিং॥
প্রপদ্যেঽহং সদা দেবং সর্ব্বকামপ্রসিদ্ধয়ে।
প্রণমামি সদা দেবং বাসুদেবং জগৎপতিং॥

অনন্তর নিম্নোক্ত মন্ত্র সকল পাঠ করিয়া প্রার্থনা করিবে।

ওঁ ত্রাহি মাং সর্ব্বলোকেশ হরে সংসারসাগরাৎ।
ত্রাহি মাং সর্ব্বপাপঘ্ন দুঃখশোকার্ণবাদ্ধরে॥

সর্ব্বলোকেশ্বর ত্রাহি পতিতং মাং ভবার্ণবে।
দেবকীনন্দন শ্রীশ হরে সংসারসাগরাৎ॥
ত্রাহি মাং সর্ব্বদুঃখঘ্ন রোগশোকার্ণবাদ্ধরে।
দুর্গতাং স্ত্রায়সে বিষ্ণো যে স্মরন্তি সকৃৎ সকৃৎ॥
সোঽহং দেবাতিদুর্ব্বৃত্ত স্ত্রাহি মাং শোকসাগরাৎ।
পুষ্করাক্ষ নিমগ্নোঽহং মায়াবিজ্ঞানসাগরে॥
ত্রাহি মাং দেবদেবেশ ত্বত্তোনান্যোঽস্তি রক্ষিতা।
যদ্বাল্যে যচ্চ কৌমারে বার্দ্ধক্যে যচ্চ যৌবনে॥
তৎপুণ্যং বৃদ্ধিমাপ্নোতু পাপং হর হলায়ুধ॥

তৎপরে অন্যান্য শ্রীকৃষ্ণের স্তব * পাঠ করিয়া ব্রতকথা শ্রবণ করিবে।

অথ শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকথা।—

একদা শ্রীকুলাচার্য্যং বশিষ্ঠমৃষিসত্তমং।
রাজা দিলীপঃ পপ্রচ্ছ বিনয়াবনতঃ সুধীঃ॥

দিলীপ উবাচ।

ভাদ্রে মাস্যসিতে পক্ষে যস্যাং জাতো জনার্দ্দনঃ।
তৎকথাং শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥
কথং বা ভগবান্ জাতঃ শঙ্খচক্রগদাধরঃ।
দেবকীজঠরে বিষ্ণুঃ কিং কর্ত্তুং কেন হেতুনা॥

বশিষ্ঠ উবাচ।

শৃণু রাজন্ প্রবক্ষ্যামি যস্মাজ্জাতো জনার্দ্দনঃ।
পৃথিব্যাং ত্রিদিবং ত্যক্ত্বা ভবতে কথয়াম্যহং॥

* স্তবকবচমালায় দ্রষ্টব্য।

পুরা বসুন্ধরা হ্যাসীৎ কংসারাধনতৎপরা।
স্বাধিকারপ্রমত্তেন কংসদূতেন তাড়িতা॥
ক্রন্দন্তী লজ্জিতা সাপি যযৌ ঘূর্ণিতলোচনা।
যত্র তিষ্ঠতি দেবেশ উমাকান্তো বৃষধ্বজঃ॥
কংসেন তাড়িতো নাথ ইতি তস্মৈ নিবেদিতং।
বাষ্পধারং প্রবর্ষন্তীং বিবর্ণামপমানিতাং॥
ক্রন্দন্তীং তাং সমালোক্য কোপেন স্ফুরিতাধরঃ।
উময়া সহিতঃ সর্ব্বৈর্দ্দেববৃন্দৈরনুদ্রুতঃ॥
আজগাম মহাদেবো বিধাতুর্ভবনং রুষা।
গত্বা চোবাচ ব্রহ্মাণং কংসধ্বংসনিমিত্তকঃ॥
উপায়ঃ সৃজ্যতাং ব্রহ্মন্ ভবতা বিষ্ণুনা সহ।
ঐশ্বরং তদ্বচঃ শ্রুত্বা গন্তুং প্রাক্রামদাত্মভূঃ॥
ক্ষীরোদে যত্র বৈকুণ্ঠঃ সুপ্তঃ স ভুজগোপরি।
হংসপৃষ্ঠে সমারুহ্য হরেরন্তিকমাযযৌ॥
তত্র গত্বা হরিং ধ্যাত্বা দেববৃন্দৈর্হরাদিভিঃ।
তুষ্টাব ভগবান্ বাগ্‌ভিরর্থ্যাভির্ব্বাগ্মিদাম্বরঃ॥
নমঃ কমলনেত্রায় হরয়ে পরমাত্মনে।
জগতঃ পালয়িত্রে চ লক্ষ্মীকান্ত নমোঽস্তু তে॥
নমঃ কমলকিঞ্জল্কপীতনির্ম্মলবাসসে।
নমঃ সমস্তদেবানামধিপায় মহাত্মনে॥
নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

ইতি তেভ্যঃ স্তুতিং শ্রুত্বা প্রত্যুবাচ জনার্দ্দনঃ।
দেবা মহর্ষয়ঃ সর্ব্বে ভবতামাগমঃ কথং॥

ব্রহ্মোবাচ।

শৃণু দেব জগন্নাথ যস্মাদস্মাকমাগমঃ।
কথয়ামি সুরশ্রেষ্ঠ তদহং লোকতারণং॥
শূলিদত্তবরোন্মত্তঃ কংসরাজো দুরাসদঃ।
বসুধা তাড়িতা তেন পদাঘাতেন মুষ্টিনা॥
বরং দত্ত্বা পুরাপ্যুগ্রো মায়য়া স প্রবঞ্চিতঃ।
ভাগিনেয়ং বিনা রাজন্ শাস্তা ন ভবিতা তব॥
তস্মাদ্গচ্ছ স্বয়ং দেব হন্তুং কংসং দুরাসদং।
দেবকীজঠরে জন্ম লভ গত্বা চ গোকুলং॥
ব্রহ্মণা প্রেষিতো বিষ্ণুঃ প্রত্যুবাচ পশোঃ পতিং।
পার্ব্বতীং দেহি দেবেশ অব্দং স্থিত্বা গমিষ্যতি॥
উময়া রময়া সার্দ্ধং শঙ্খচক্রগদাধরঃ।
উদ্দিশ্য মথুরাং চক্রে প্রয়ানং কংসনাশনং॥
দেবকীজঠরে জন্ম লেভে বিষ্ণুর্গদাধরঃ।
যশোদাকুক্ষিমধ্যে তু সর্ব্বাণী মৃগলোচনা॥
নবমাসাংশ্চ বিশ্রাম্য কুক্ষৌ নবদিনাধিকান্।
ভাদ্রে মাস্যসিতে পক্ষে অষ্টমীসংজ্ঞিতে তিথৌ॥
রোহিণীতারকাযুক্তা রজনী ঘনঘোরিতা।
ধূমযোনৌ তড়িদ্যুক্তে বারি বর্ষতি সর্ব্বদা॥
তস্যাং জাতো জগন্নাথঃ কংসারির্ব্বসুদেবজঃ।
বৈরাটে নন্দপত্নী চ যশোদাহজীজনৎ সুতাং॥

পুত্রং পদ্মকরং পদ্মনাভং পদ্মদলেক্ষণং।
রম্যং চতুর্ভুজং শান্তং শঙ্খচক্রগদাধরং॥
তদা ক্রন্দিতুমারেভে দৃষ্ট্বা চানকদুন্দুভিঃ।
তত্রৈব বাণ্যভূদ্দেবী দেবকীমাত্রগোচরা॥
পুত্রং দত্ত্বা যশোদায়ৈ কন্যাং তস্যাঃ সমানয়।
কংসাসুরভয়াত্তং হি উবাচ দেবকী তদা॥
বৈরাটং গচ্ছ বিপ্রেন্দ্র সুতং প্রত্যর্পিতুং প্রভো।
পুত্রং দত্ত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়॥
তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভায়াং ন হনিষ্যতি।
তস্য বচঃ সমাকর্ণ্য বসুদেবোঽতিদুঃখিতঃ॥
অঙ্কে কুমারমাদায় বৈরাটাভিমুখং যযৌ।
যমুনা জলসংপূর্ণা তৎপথে মধ্যবর্ত্তিনী॥
অতিস্রোতা মহাবীর্য্যা সুতীক্ষ্ণোর্ম্মিভয়াকুলা।
তাং দৃষ্ট্বা তত্তটে স্থিত্বা যমুনামবলোকয়ন্॥
বসুদেবোঽতিদুঃখার্ত্তো বিলোলচেতনোঽভবৎ।
কিং করোমি ক্ব গচ্ছামি বিধিনাত্রাপি বঞ্চিতঃ॥
কথমদ্য গমিষ্যামি বৈরাটে নন্দমন্দিরং।
হরিণা তত্র সানন্দং মায়য়া বঞ্চিতঃ পিতা॥
ক্ষণমাত্রং তটে স্থিত্বা যমুনামপ্যালোকয়ৎ।
তেন দৃষ্টা পুনঃ সাপি ক্ষীণা জানুবহাভবৎ॥
ততঃ সোঽপি পুরো দৃষ্ট্বা যান্তং খলু জম্বুকং।
ক্রোড়ে কৃত্বা সুতং বৈরং গন্তুং পারং প্রচক্রমে॥

তং দৃষ্ট্বা হৃষ্টচিত্তস্তু ভগবান্ যমুনাজলে ।
মায়াং কৃত্বা জগন্নাথো হ্যঙ্কাৎ স পতিতঃ পিতুঃ ॥
তং সুতং পতিতং দৃষ্ট্বা সূর্য্যজাজীবনে দ্বিজঃ ।
তদা ক্রন্দিতুমারেভে ভালে হত্বা করং দৃঢ়ং ॥
বিধিনা বৈরিণা হ্যত্র দুঃখিতোঽহং প্রবঞ্চিতঃ ।
ত্রাহি মাং জগতাং নাথ পুত্রং দেহি সুরোত্তম ॥
জনকং ক্রন্দিতং দৃষ্ট্বা কংসারিঃ কৃপয়া বিভুঃ ।
জলক্রীড়াং সমাচর্য্য পিতুরঙ্কেঽবসৎ পুনঃ ॥
পথা তেন দ্বিজশ্রেষ্ঠো গতবান্নন্দমন্দিরং ।
সুতং দত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়ৎ ॥
সুতামঙ্কে তথা সোঽপি গৃহীত্বানকদুন্দুভিঃ ।
নিজাগারং পুনঃ প্রাপ্য প্রত্যর্প্য তাদৃশীং সুতাং ॥
প্রতিযুজ্য পদে লোহমাসীৎ পূর্ব্ববদাবৃতঃ ।
দেবকী চ প্রসূতেতি বার্ত্তা প্রাপ্তা সুরারিণা ॥
আনেতুং প্রহিতো দূতঃ সুতং দুহিতরঞ্চ বা ।
আগত্য কংসদূতোঽসৌ সুতাং নেতুং প্রচক্রমে ॥
বলাদঙ্কাৎ সমাকৃষ্য দেবকীবসুদেবয়োঃ ।
কংসদূতো গৃহীত্বা তাং কংসায়াদর্শয়ৎ পুনঃ ॥
তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভয়োঽভূদ্দুরাসদঃ ।
শুদ্ধকাঞ্চনবর্ণাভাং পূর্ণেন্দুসদৃশাননাং ॥
দৃষ্ট্বা কংসো বিহস্তন্তীং বিদ্যুৎস্ফুরিতলোচনাং ।
আদিদেশাসুরশ্রেষ্ঠো জহি নীত্বা শিলোপরি ॥

আজ্ঞাং লব্ধা সুরান্তে তু নিশ্চেষ্টং তাং প্রবর্ত্তিতাঃ।
বিদ্যুদ্রূপধরা গৌরী জগাম শঙ্করান্তিকং॥
অন্তরীক্ষে ক্ষণং স্থিত্বা কংসং প্রোবাচ শঙ্করী।
ত্বাং হন্তং গোকুলে জাতঃ পূর্ব্বশত্রুর্ন সংশয়ঃ॥
তত্রাতিষ্ঠজ্জগন্নাথঃ কংসারিঃ সুরকৃত্যকৃৎ।
ক্রীড়িত্বা বালভাবেন কংসধ্বংসে মনো দধৌ॥
প্রাপ্তিমাত্রেণ তং কংসং জঘান জগদীশ্বরঃ।
এতত্তে কথিতং রাজন্ কৃষ্ণজন্মাষ্টমীব্রতং॥
য ইদং কুরুতে রাজন্ যা চ নারী হরের্ব্রতং।
প্রাপ্নোত্যৈশ্বর্য্যমতুলমিহ লোকে যথেপ্সিতং॥
অন্তকালে হরেঃ স্থানং দুর্লভঞ্চ গমিষ্যতি।
একেনৈবোপবাসেন কৃতেন কুরুনন্দন॥
সপ্তজন্মকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ।
বৎসরদ্বাদশে চৈব যৎ পুণ্যং সমুপার্জ্জিতং॥
বিফলং তদ্ভবেৎ সর্ব্বং পুরা ব্যাসেন ভাষিতং।
ন দ্রষ্টব্যং মুখং তেষাং নরাণাং ন চ যোষিতাং॥
জয়ন্তী ন কৃতা যৈস্তু জাগরাদিসমন্বিতা।
শ্বানশ্চৈতে তু বিজ্ঞেয়া জয়ন্তীবিমুখা নরাঃ॥
যোষিতশ্চ ন সন্দেহঃ সত্যোক্তং তব সুব্রত।

ইতি ভবিষ্যপুরাণে বশিষ্ঠদিলীপসংবাদে
শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকথা সমাপ্তা।

পরে নৃত্য, গীত ও বাদ্যদ্বারা অবশিষ্ট রাত্রি যাপন করিয়া পরদিন প্রাতঃকালে ভগবান শ্রীকৃষ্ণের ও দুর্গার পূজা করিয়া মহোৎসব করিবে। পরে ব্রাহ্মণ ভোজন করাইয়া ভুক্ত ব্রাহ্মণ-দিগকে "ওঁ কৃষ্ণো মে প্রীয়তাং" এই বলিয়া যথাসাধ্য দক্ষিণা দিবে।

অনন্তর নিম্নোক্ত মন্ত্র সকল পাঠ করিয়া ব্রাহ্মণদিগকে বিদায় দিবে।

ওঁ যং দেবং দেবকী দেবী বসুদেবাদজীজনৎ।
ভৌমস্য ব্রহ্মণো গুপ্ত্যৈ তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ॥
সুব্রহ্মবাসুদেবায় গোব্রাহ্মণ হিতায় চ।
শান্তিরস্তু শিবঞ্চাস্তু॥

পরে দক্ষিণান্ত করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য ভাদ্রে মাসি কৃষ্ণেপক্ষে অষ্টম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীকৃষ্ণপ্রীতিকামনয়া কৃতৈতৎ শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডং গন্ধাদ্যর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সংপ্রদদে *।

পরে অচ্ছিদ্রাবধারণ করিবে। যথা—

ওঁ কৃতৈতৎ শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

অনন্তর বৈগুণ্যসমাধান করিবে। যথা—

ওঁ অদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকর্ম্মণি যৎকিঞ্চি

---

* অপরের নিমিত্ত হইলে সংপ্রদদানি বলিবে।

বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণ মহং করিষ্যে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ এইরূপ দশবার জপ করিয়া পারণ করিবে। যথা—

পারণমন্ত্রঃ।

দক্ষিণ হস্তে একগণ্ডূষ জল লইয়া "ওঁ সর্ব্বায় সর্ব্বেশ্বরায় সর্ব্বপতয়ে সর্ব্বসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ" এই পারণ মন্ত্র পাঠ করিয়া জল পান করিবে।

পারণের পর নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া ব্রত সমাপন করিবে। যথা—

ওঁ ভূতায় ভূতেশ্বরায় ভূতপতয়ে ভূতসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ॥

ইতি জন্মাষ্টমীব্রতং সমাপ্তং।

অথ সত্যনারায়ণপূজা।

বিহিতাসনে উপবেশন করিয়া হস্তে কুশাঙ্গুরী ধারণপূর্ব্বক দুইবার আচমন ও নারায়ণ স্মরণ করিবে।

যথা—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥

পরে সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, করশুদ্ধি, ভূতাপসারণ, দ্বারদেবতাপূজা * ও ঘটস্থাপন † করিয়া তাহাতে গণেশাদি পঞ্চদেবতার পূজা করিবে পরে কুশিতে আতপতণ্ডুল গ্রহণপূর্ব্বক স্বস্তিবাচন করিবে। যথা—

স্বস্তিবাচনে "ওঁ কর্ত্তব্যোহস্মিন্ সত্যনারায়ণপূজাতৎকথা শ্রবণাদিকর্ম্মণি" ইত্যাদি উল্লেখ করিবে। পরে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ‡ পাঠ করিয়া তাম্রাদিপাত্রে (কোশাদিতে) কুশ, তিল, ফল, জল ও পুষ্পাদি গ্রহণপূর্ব্বক উত্তরমুখে উপবেশন করিয়া নিম্নোক্ত মন্ত্রপাঠপূর্ব্বক সংকল্প করিবে। যথা—

ওঁ সূর্য্যঃ সোমোযমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতি র্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসন মাস্থায় কল্পধ্ব মিহসন্নিধিং॥

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং

---

* সাধারণ বিধিতে দ্রষ্টব্য।
† পরে দ্রষ্টব্য।
‡ সাধারণ বিধিতে দ্রষ্টব্য।

সংকল্পবাক্যং যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকে তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা * শ্রীসত্যনারায়ণপ্রীতি-কামঃ গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বকশ্রীসত্যনারায়ণপূজাতৎকথা শ্রবণাদিকর্ম্মাহং করিষ্যে।

এইরূপ সংকল্প করিয়া তাম্রাদিপাত্রের জল অন্যপাত্রে ফেলিয়া স্বশাখোক্তসংকল্পসূক্ত † পাঠ, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসাদি, ও সাং বীজদ্বারা প্রাণায়াম করিয়া যব ও তিলদ্বারা ঘটে সত্যনারায়ণের আবাহন করিবে। যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ শ্রীসত্যনারায়ণ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। এই মন্ত্র পাঠপূর্ব্বক আবাহ-ন্যাদিমুদ্রা ‡ দেখাইয়া আবাহন করিবে। পরে কূর্ম্মমুদ্রাদ্বারা পুষ্প গ্রহণ করিয়া ধ্যান মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ধ্যায়েৎ সত্যং গুণাতীতং গুণত্রয়সমন্বিতং।
লোকনাথং ত্রিলোকেশং পীতাম্বরধরং হরিং॥

---

* পুরোহিতদ্বারা পূজাদিকরাইলে নিম্নোক্ত ক্রমে সংকল্প করাইতে হইবে। যথা—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (এইস্থানে পুরোহিতের নাম গোত্র হইবে) পরে অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণঃ বলিবে (এইস্থানে কৃতির নাম গোত্র হইবে)। শূদ্রের পূজাদি করিলে "দেবশর্ম্মণঃ" স্থানে "দাসস্য" হইবে। স্ত্রীলোকের নামে সংকল্প করিলে "দেব্যাঃ বা "দাস্যাঃ" হইবে। অন্যের কার্য্য করিলে "করিষ্যে" স্থানে "করিষ্যামি" হইবে।

† জন্মাষ্টমী পূজায় দ্রষ্টব্য।

‡ সাধারণবিধিতে দ্রষ্টব্য।

ইন্দীবরদলশ্যামং শঙ্খচক্রগদাধরং।
নারায়ণং চতুর্ব্বাহুং শ্রীবৎসপদভূষিতং।
গোবিন্দং গোকুলানন্দং জগতঃ পিতরং গুরুং॥

এইরূপ ধ্যানমন্ত্র পাঠ করিয়া হস্তস্থিতপুষ্পকে মস্তকে স্থাপন-পূর্ব্বক প্রার্থনামুদ্রা * করিয়া মানসপূজা করিবে।

অনন্তর বিশেষার্ঘ্য † স্থাপন করিয়া পঞ্চদেবতার পঞ্চোপচার দ্বারা পূজা করিবে। যথা—

এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ এইরূপ ইদং পুষ্পং, এষ ধূপঃ, এষ দীপঃ, এতন্নৈবেদ্যং ইত্যাদি প্রত্যেকদ্রব্য উচ্চারণ করিয়া ওঁ গণেশায় নমঃ বলিয়া দিবে। এইরূপ বিধ্যনুসারে নিম্নোক্ত দেবতা সকলের পূজা করিবে।

ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ সূর্য্যায় নমঃ, ওঁ নমঃ শিবায় নমঃ, ওঁ দুর্গায়ৈ নমঃ, ওঁ নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদিদশদিক্ পালেভ্যো নমঃ, ওঁ লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ আদিপুরুষায় নমঃ, ওঁ অনাদিপুরুষায় নমঃ, ওঁ শ্রীরামচন্দ্রায় নমঃ, ওঁ লক্ষ্মণায় নমঃ।

তৎপরে পুনর্ব্বার ধ্যান মন্ত্র পাঠ করিয়া সত্যনারায়ণের ষোড়শোপচার অথবা দশোপচার কিম্বা পঞ্চোপচারদ্বারা ইদমাসনং ওঁ সাং সত্যনারায়ণ নমঃ, ইত্যাদি ক্রমে পূজা করিবে।

অর্ঘ্যদানের সময়।

ওঁ ব্যক্তাব্যক্ত স্বরূপায় হৃষীকপতয়ে নমঃ।
ময়া নিবেদিতো ভক্ত্যা অর্ঘ্যোঽয়ং প্রতিগৃহ্যতাং॥

---

* সাধারণবিধিতে দ্রষ্টব্য।
† সাধারণবিধিতে দ্রষ্টব্য।

এই মন্ত্র পাঠ করিবে।

নৈবেদ্যদানের সময়।

তদীয়ং বস্তু গোবিন্দ তুভ্য মেব সমর্পিতং।
গৃহাণ সুমুখোভূত্বা প্রসীদ পুরুষোত্তম॥

অনন্তর নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া তিনবার পুষ্পাঞ্জলি দিবে। যথা—

ওঁ নমস্তে বিশ্বরূপায় শঙ্খচক্রধরায় চ।
পদ্মনাভায় দেবায় হৃষীকপতয়ে নমঃ।
নমোঽনন্তস্বরূপায় ত্রিগুণাত্মবিভাষিণে॥

এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ সাং সত্যনারায়ণায় নমঃ।

পরে পুনর্ব্বার সাংবীজদ্বারা অঙ্গন্যাস, করন্যাস, তিনবার প্রাণায়াম করিয়া যথাশক্তি মন্ত্র জপ * করতঃ জপ সমর্পণ করিবে। অনন্তর কৃতাঞ্জলি হইয়া স্তোত্র পাঠ করিবে। যথা—

অচ্যুতং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনং।
হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কং॥
গুণত্রয়ং গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজং।
জনার্দ্দনং জনানন্দং জানকীবল্লভং জয়ং॥
প্রণমামি সদা সত্যনারায়ণমতঃ পরং।
দুর্গমে বিষমে ঘোরে শত্রুভিঃ পরিপীড়িতে॥
বিবিধাপৎসু দুষ্টেষু তথান্যেষ্বপি যত্নয়ং।
নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ॥

---

* জপবিধি ও জপসমর্পণ সাধারণ বিধিতে দ্রষ্টব্য।

সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং শুভং।
লীলয়া চ ততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ॥

এইরূপ স্তবপাঠ করিয়া "ওঁ যদক্ষরং পরিভ্রষ্টমিত্যাদি" পাঠ করিবে। পরে "ওঁ নমো ব্রহ্মণ্য দেবায়" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক প্রণাম করিয়া ব্রতকথা শ্রবণ করিবে।

অথ সত্যনারায়ণকথা।

ওঁ তৎসৎ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততোজয়মুদীরয়েৎ॥

একদা মুনয়ঃ সর্ব্বে সর্ব্বলোকহিতে রতাঃ।
সুরম্যে নৈমিষারণ্যে গোষ্ঠীঞ্চক্রুর্মনোরমাং॥
তত্রান্তরে মহাতেজা ব্যাসশিষ্যো মহাযশাঃ।
সূতঃ শিষ্যগণৈর্যুক্তঃ সমায়াতো হরিং স্মরন্॥
তমায়ান্তং সমালোক্য সূতং শাস্ত্রার্থপারগং।
নেমুঃ সর্ব্বে সমুত্থায় শৌনকাদ্যাস্তপোধনাঃ॥
সোঽপি তান্ সহসা ভক্ত্যা মুনীন্ পরমবৈষ্ণবান্।
ননাম দণ্ডবদ্ভূমৌ সর্ব্বধর্ম্মবিদাম্বরঃ॥
বরাসনে মহাবুদ্ধিস্তৈর্দ্দত্তে মুনিপুঙ্গবৈঃ।
উবাস স সভামধ্যে সর্ব্বৈঃ শিষ্যগণৈর্বৃতঃ॥
তত্রোপবিষ্টং তং সূতং শৌনকো মুনিসত্তমঃ।
বদ্ধাঞ্জলিরিমাম্বাচমুবাচ বিনয়ান্বিতঃ॥

শৌনক উবাচ।

মহর্ষে সূত সর্ব্বজ্ঞ কলিকালে সমাগতে।
কেনোপায়েন ভগবন্ হরিভক্তির্ভবেন্নৃণাং॥
কলৌ সর্ব্বে ভবিষ্যন্তি পাপকর্ম্মপরায়ণাঃ।
বেদবিদ্যাবিহীনাশ্চ তেষাং শ্রেয়ঃ কথং ভবেৎ॥
কলাবন্নগতপ্রাণা লোকাঃ স্বল্পায়ুষস্তথা।
নির্ধনাশ্চ ভবিষ্যন্তি নানাপীড়াপ্রপীড়িতাঃ॥
প্রয়াসসাধ্যং সুকৃতং শাস্ত্রেষু শ্রূয়তে দ্বিজ।
তস্মাৎ কেঽপি করিষ্যন্তি কলৌ ন সুকৃতং জনাঃ॥
সুকৃতেষু বিনষ্টেষু প্রবৃত্তে পাপকর্ম্মণি।
সবংশাঃ প্রলয়ং সর্ব্বে গমিষ্যন্তি দুরাশয়াঃ॥
স্বল্পশ্রমৈরল্পবিত্তৈরল্পকালৈশ্চ সত্তম।
যথা ভবেন্মহাপুণ্যং তথা কথয় সূত নঃ॥
যস্যোপদেশতঃ পুণ্যং পাপং বা কুরুতে জনঃ।
স তদ্ভাগী ভবেন্মর্ত্ত্য ইতি শাস্ত্রেষু নিশ্চিতং॥
পুণ্যোপদেশী সদয়ঃ কৈতবৈশ্চ বিবর্জ্জিতঃ।
পাপায়নবিরোধী চ চত্বারঃ কেশবোপমাঃ॥
জ্ঞানং সংপ্রাপ্য সংসারে যঃ পরেভ্যো ন যচ্ছতি।
জ্ঞানরূপী হরিস্তস্মৈ প্রসন্ন ইব নেক্ষতে॥
জ্ঞানরত্নৈশ্চ রত্নৈশ্চ পরসন্তোষকৃন্নরঃ।
স জ্ঞেয়ঃ সুকৃতৈর্নূনং নররূপধরো হরিঃ॥
ব্রতেন তপসা কিম্বা প্রাপ্যতে বাঞ্ছিতং ফলং।
সর্ব্বং তৎ শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামতে॥

ত্বমেব মুনিশার্দ্দূল বেদবেদাঙ্গপারগঃ।
ত্বদৃতে নহি বক্তান্যো যতস্ত্বং ব্যাসশাসিতঃ॥

সূত উবাচ।

ধন্যোঽসি ত্বং মুনিশ্রেষ্ঠ ত্বমেব বৈষ্ণবাগ্রণীঃ।
যতঃ সমস্তলোকানাং হিতং বাঞ্ছসি সর্ব্বদা।
শৃণু শৌনক বক্ষ্যামি যৎ ত্বয়া শ্রোতুমিষ্যতে॥
নারদেনৈব মুক্তঃ সন্ ভগবান্ কমলাপতিঃ।
সুরর্ষয়ে যথৈবাহস্তৎ শৃণুষ্ব সমাহিতঃ॥
একদা নারদো যোগী পরানুগ্রহকাঙ্ক্ষয়া।
পর্য্যটন্ বিবিধান্ লোকান্ মর্ত্ত্যলোকমুপাগমৎ॥
তত্র দৃষ্ট্বা জনাঃ সর্ব্বে নানাদুঃখসমন্বিতাঃ।
নানাযোনিসমুৎপন্নাঃ ক্লিশ্যন্তে পাপকর্ম্মভিঃ॥
কেনোপায়েন চৈতেষাং দুঃখনাশং ভবেদ্ধ্রুবং।
ইতি সাঞ্চিন্ত্য মনসা বিষ্ণুলোকং গতস্তদা॥
তত্র নারায়ণং দেবং শুক্লবর্ণং চতুর্ভুজং।
শঙ্খচক্রধরং দেবং বনমালাবিভূষিতং॥
দৃষ্ট্বা তং দেবদেবেশং স্তোতুং সমুপচক্রমে॥

নারদ উবাচ।

নমস্তে বাঙ্মনোঽতীতরূপয়ানন্তশক্তয়ে।
আদিমধ্যান্তহীনায় নির্গুণায় গুণাত্মনে॥
সর্ব্বেষামাদিভূতায় ভক্তানামার্ত্তিনাশিনে।
শ্রুত্বা স্তোত্রং ততো বিষ্ণুর্নারদং প্রত্যভাষত॥

শ্রীভগবানুবাচ।

কিমর্থমাগতোঽসি ত্বং কিন্তে মনসি বর্ত্ততে।
কথয়স্ব মহাভাগ তৎ সর্ব্বং কথয়ামি তে॥

নারদ উবাচ।

মর্ত্ত্যলোকে জনাঃ সর্ব্বে নানাশোকসমন্বিতাঃ।
নানাযোনিসমুৎপন্নাঃ পচ্যন্তে পাপকর্ম্মণা॥
তৎ কথং শময়েন্নাথ লঘূপায়েন তদ্বদ।
শ্রোতুমিচ্ছামি তৎসর্ব্বং কৃপাস্তি যদি তে ময়ি॥

শ্রীভগবানুবাচ।

সাধু পৃষ্টং ত্বয়া বৎস লোকানুগ্রহকাম্যয়া।
যৎকৃত্বা মুচ্যতে মোহাৎ তৎ শৃণুষ্ব বদামি তে॥
ব্রতমস্তি মহাপুণ্যং স্বর্গে চ ভুবি দুর্লভং।
তব স্নেহান্ময়া বিপ্র প্রকাশীক্রিয়তেঽধুনা॥
সত্যনারায়ণস্যৈতদ্ব্রতং সম্যগ্বিধানতঃ।
কৃত্বা সদ্যঃ সুখং ভুক্ত্বা পরত্র মোক্ষমাপ্নুয়াৎ॥
তৎশ্রুত্বা ভগবদ্বাক্যং নারদঃ পুনরব্রবীৎ।
কিং ফলং কিং বিধানঞ্চ কৃতং কেনেতি বা শ্রুতং॥
তৎসর্ব্বং বিস্তরাদ্ ব্রূহি কদা কার্য্যং হি তদ্ব্রতং॥

শ্রীভগবানুবাচ।

দুঃখশোকাদিশমনং ধনধান্যবিবর্দ্ধনং।
সৌভাগ্যসন্ততিকরং সর্ব্বত্র বিজয়প্রদং॥
যস্মিন্ কস্মিন্ দিনে মর্ত্ত্যো ভক্তিশ্রদ্ধাসমন্বিতঃ।
সত্যনারায়ণং দেবং যজেত্তুষ্টো নিশামুখে॥

বান্ধবৈর্ব্রাহ্মণৈশ্চৈব সহিতো ধর্ম্মতৎপরঃ।
নৈবেদ্যং ভক্তিতো দদ্যাৎ সপাদং ভক্ষ্যমুত্তমং॥
রম্ভাফলং ঘৃতং ক্ষীরং গোধূমস্য চ চূর্ণকং।
অভাবে শালিচূর্ণম্বা শর্করাম্বা গুড়ং তথা॥
সপাদসর্ব্বভক্ষ্যাণি একীকৃত্য নিবেদয়েৎ।
বিপ্রায় দক্ষিণাং দদ্যাৎ কথাং শ্রুত্বা জনৈঃ সহ॥
ততশ্চ বন্ধুভিঃ সার্দ্ধং বিপ্রেভ্যঃ প্রতিপাদয়ন্।
প্রসাদং ভক্ষয়েৎ ভক্ত্যা নৃত্যগীতাদিকং চরেৎ॥
ততঃ স্বস্থা গৃহং গচ্ছেৎ সত্যনারায়ণং স্মরন্।
এবং কৃতে মনুষ্যাণাং বাঞ্ছাসিদ্ধির্ভবেদ্ধ্রুবং॥
বিশেষতঃ কলিযুগে নান্যোপায়োঽস্তি ভূতলে।
কথামস্য প্রবক্ষ্যামি কৃতকৃত্যো ভবেদ্ দ্বিজঃ॥
কশ্চিৎ কাশীপুরে গ্রামে আসীদ্বিপ্রশ্চ নির্দ্ধনঃ।
ক্ষুধাতৃষ্ণাকুলো ভূত্বা সততং ভ্রমতে মহীং॥
দুঃখিতং ব্রাহ্মণং দৃষ্ট্বা ভগবান্ ব্রাহ্মণপ্রিয়ঃ।
বৃদ্ধব্রাহ্মণরূপঃ সন্ পপ্রচ্ছ দ্বিজমাদরাৎ॥
কিমর্থং ভ্রমসে বিপ্র মহীং কৃৎস্নাঞ্চ দুঃখিতঃ।
তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি কথ্যতাং যদি রোচতে॥

বিপ্র উবাচ।

ব্রাহ্মণোঽতিদরিদ্রোঽহং ভিক্ষার্থং ভ্রমতে মহীং।
উপায়ং যদি জানাসি কৃপয়া কথয় প্রভো॥

বৃদ্ধ উবাচ।

সত্যনারায়ণো দেবো বাঞ্ছিতার্থফলপ্রদঃ।
তস্য ত্বং দ্বিজশার্দ্দূল কুরুষ ব্রতমুত্তমং॥
যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ।
বিধানঞ্চ ব্রতস্যাস্য বিপ্রায়াভাষ্য যত্নতঃ॥
সত্যনারায়ণো বৃদ্ধস্তত্রৈবান্তরধীয়ত।
ততঃ প্রাতঃ করিষ্যামি ব্রতং মনসি চিন্তিতং॥
ইতি সঞ্চিন্ত্য বিপ্রোঽসৌ রাত্রৌ নিদ্রাং ন চালভৎ॥
ততঃ প্রাতঃ সমুত্থায় সত্যনারায়ণব্রতং।
করিষ্যেঽহঞ্চ সঙ্কল্প্য ভিক্ষার্থমগমদ্দ্বিজঃ॥
তস্মিন্নেব দিনে বিপ্রঃ প্রচুরং প্রাপ্তবান্ ধনং।
তেনৈব বন্ধুভিঃ সার্দ্ধং সত্যস্য ব্রতমাচরৎ॥
সর্ব্বদুঃখবিনির্ম্মুক্তঃ সর্ব্বসম্পৎসমন্বিতঃ।
বভূব স দ্বিজশ্রেষ্ঠো ব্রতস্যাস্য প্রভাবতঃ।
ততঃ প্রভৃতি কালঞ্চ মাসি মাসি ব্রতং কৃতং॥

সূত উবাচ।

এবং নরায়ণস্যেদং ব্রতং কৃত্বা দ্বিজোত্তমঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দুর্ল্লভং মোক্ষমাপ্নুয়াৎ॥
ব্রতঞ্চ তদ্ যথা বিপ্র পৃথিব্যাং সঞ্চরিষ্যতি।
তদৈতৎ সর্ব্বদুঃখং হি নরাণাঞ্চ বিনশ্যতি॥
এবং নারায়ণেনোক্তং নারদায় মহাত্মনে।
ময়াপি কথিতং বিপ্র কিমন্যৎ কথয়ামি তে॥
ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণ
বিপ্রসংবাদো নাম প্রথমোঽধ্যায়ঃ॥ * ॥

শৌনক উবাচ।

তস্মাদ্বিপ্র ব্রতং কেন পৃথিব্যাং চরিতং মুনে।
তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি শ্রদ্ধাস্মাকং প্রজায়তে।

সূত উবাচ।

শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে তস্মাদ্ যেন কৃতং ভুবি।
একদা স দ্বিজবরো যথাবিভববিস্তরৈঃ॥
বন্ধুভিঃ স্বজনৈঃ সার্দ্ধং ব্রতং কর্ত্তুং সমুদ্যতঃ।
এতস্মিন্নেব কালে তু কাষ্ঠকেতুঃ সমাগতঃ॥
বহিঃ কাষ্ঠঞ্চ সংস্থাপ্য বিপ্রস্য মন্দিরং যযৌ।
তৃষ্ণয়া পীড়িতাত্মা স বিপ্রং দৃষ্ট্বা তথাবিধং॥
প্রণিপত্য দ্বিজশ্রেষ্ঠং কিমিদং ক্রিয়তে ত্বয়া।
কৃতে কিং ফলমাপ্নোতি বিস্তরাদ্বদ মে প্রভো

বিপ্র উবাচ।

সত্যনারায়ণস্যেদং ব্রতং সর্ব্বেপ্সিতপ্রদং।
দুঃখশোকাদিশমনং সর্ব্বত্র বিজয়প্রদং॥
ধনাদিসন্ততিকরং সর্ব্বেষামীপ্সিতপ্রদং।
যস্য প্রসাদান্মে সর্ব্বং ধনধান্যাদিকং মহৎ॥
ততস্তু স ব্রতং জ্ঞাত্বা কাষ্ঠকর্ত্তাতিহর্ষিতঃ।
পপৌ জলং প্রসাদঞ্চ ভুক্ত্বা তন্নগরং যযৌ॥
সত্যনারায়ণং দেবং চিন্তয়ন্ স্থিরমানসঃ।
কাষ্ঠং বিক্রীয় নগরে প্রাপ্স্যতে চাদ্য যদ্ধনং॥
তেনৈব সত্যদেবস্য ব্রতমস্য করোম্যহং।
ইতি সঞ্চিন্ত্য মনসা কাষ্ঠং কৃত্বা তু মস্তকে॥

জগাম নগরে রম্যে ধনিনাং যত্র সংস্থিতিঃ।
তদ্দিনে কাষ্ঠমূল্যঞ্চ দ্বিগুণং প্রাপ্তবানসৌ॥
ততঃ প্রসন্নহৃদয়ঃ সুপক্ককদলীফলং।
শর্করাঞ্চ ঘৃতং দুগ্ধং গোধূমস্ত চ চূর্ণকং॥
প্রত্যেকস্তু সপাদঞ্চ গৃহীত্বা গৃহমাযযৌ।
ততো বন্ধূন্ সমাহূয় চকার বিধিনা ব্রতং॥
তদ্ ব্রতস্ত প্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ।
ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ॥
ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণকথায়াং
বিপ্রকাষ্ঠকেতুসংবাদো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

সূত উবাচ।

পুনরন্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ।
আসীদুল্কামুখো নাম নৃপতির্ব্বলিনাম্বরঃ॥
জিতেন্দ্রিয়ঃ সত্যবাদী যযৌ দেবালয়ং প্রতি।
দিনে দিনে ধনং দত্ত্বা দ্বিজান্ সন্তোষয়েৎ সুধীঃ॥
ভার্য্যা তস্য প্রমুগ্ধা চ সরোজবদনা সতী।
সুস্মিতাস্যা শারদিন্দুং সকটাক্ষং চ বিভ্রতী॥
কাঞ্চীঞ্চ বিভ্রতী শ্যামা মালতীমাল্যভূষিতা।
ভদ্রশীলা ব্রতং সত্যং সিন্ধুতীরেঽকরোন্মুনে॥
এতস্মিন্নন্তরে তত্র সাধুঃ কোঽপি সমাগতঃ।
বাণিজ্যার্থং বহুধনৈ রত্নাদ্যৈঃ পরিপূরিতঃ॥
নাবং সংস্থাপ্য তত্তীরে জগাম তত্তটং প্রতি।
দৃষ্ট্বা তত্র ব্রতং সম্যক্ পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ॥

সাধুরুবাচ।

কিমিদং কুরুষে রাজন্ ভক্তিযুক্তেন চেতসা।
প্রকাশং কুরু তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি সম্প্রতি।

রাজোবাচ।

পূজনং ক্রিয়তে সাধো বিষ্ণোরতুলতেজসঃ।
ব্রতঞ্চ স্বজনৈঃ সার্দ্ধং পুত্রাদিপ্রাপ্তয়ে ময়া॥
প্রত্যুবাচ ততো নত্বা রাজানং মধুরং বচঃ।
সত্যং কথয় মে রাজন্ ব্রতমেতৎ করোম্যহং॥
মমাপি সন্ততিনাস্তি সত্যমেতৎ স্মৃতব্রতং।
ততো নিবৃত্য বাণিজ্যাৎ সানন্দং গৃহমাগতঃ॥
ভার্য্যায়ৈ কথিতং সর্ব্বং ব্রতঞ্চ সন্ততিপ্রদং।
তদা ব্রতং করিষ্যামি যদা মে সন্ততির্ভবেৎ॥
যৎকিঞ্চিদ্দিবসে তস্য ভার্য্যা লীলাবতী সতী।
গর্ভযুক্তানন্দচিত্তাভবদ্ধর্ম্মপরায়ণা॥
পূর্ণে গর্ভে ততোজ্জাতা বালিকা চাতিনির্ম্মলা।
দিনে দিনে বর্দ্ধমানা শুক্লপক্ষে যথা শশী॥
ততো বণিক্ সুতায়াশ্চ জাতকর্ম্মাদিকঞ্চরন্।
নাম্না কলাবতী চেতি তন্নামকরণং কৃতং॥
ততো লীলাবতী প্রাহ স্বামিনং মধুরং বচঃ।
ন করোষি কিমর্থন্ত্বা পুরা যচ্চ প্রতিশ্রুতং॥
বিবাহসময়েঽপ্যস্যাঃ করিষ্যামি ব্রতং প্রিয়ে।
ইতিভার্য্যাং সমাশ্বাস্য জগাম নগরং প্রতি॥

ততঃ কলাবতী কন্যা বৰ্দ্ধিতা পিতৃবেশ্মনি।
দৃষ্ট্বা কন্যাং ততঃ সাধু র্নগরে বন্ধুভিঃ সহ ॥
মন্ত্রয়িত্বা স তং দূতং প্রেরয়িত্বা স ধর্ম্মবিৎ।
বিবাহার্থঞ্চ কন্যায়া বরং শ্রেষ্ঠং বিচারয়ন্ ॥
তেনাজ্ঞপ্তশ্চ দূতোঽসৌ কাঞ্চনং নগরং যযৌ।
তস্মাদেকং বণিক্‌পুত্রং সমাদায়াগতোহি সঃ ॥
দৃষ্ট্বা তং সুন্দরং বালং বণিক্‌পুত্রং গুণান্বিতং।
জ্ঞাতিভির্বন্ধুভিঃ সার্দ্ধং পরিতুষ্টেন চেতসা ॥
দত্তবান্ সাধুরাহূয় কন্যাং বিধিবিধানতঃ।
ততো ভাগ্যবশাত্তেন বিস্মৃতং ব্রতমুত্তমং ॥
বিবাহসময়েঽপ্যস্যাস্তেন রুষ্টোঽভবদ্বিভুঃ।
ততঃ কালেন কিয়তা নিজধর্ম্মবিশারদঃ ॥
বাণিজ্যার্থং গতঃ শীঘ্রং জামাত্রা সহিতো বণিক্।
রত্নসারপুরে রম্যে গত্বা সিন্ধুসমীপতঃ ॥
বাণিজ্যং কুরুতে সাধুর্জামাত্রা শ্রীমতা সহ।
পুরীং নির্ম্মায় নগরে চন্দ্রকেতোর্নৃপস্য চ ॥
এতস্মিন্নেব কালে তু সত্যনারায়ণঃ প্রভুঃ।
ভ্রষ্টপ্রতিজ্ঞমালোক্য শাপং তস্মৈ প্রদত্তবান্ ॥
অদ্যপ্রভৃতি কালঞ্চ মহাদুঃখং ভবিষ্যতি।
তস্মিন্নেব দিনে রাজ্ঞোধনমাদায় তস্করঃ ॥
তেনৈব বর্ত্মনা যাতঃ পৃষ্ঠদেশং বিলোকয়ন্।
তৎপশ্চাদ্ধাবকান্ দূতান্ দৃষ্ট্বা ভীতেন চেতসা ॥

ধনং সংস্থাপ্য তত্রৈব গতঃ শীঘ্রমলক্ষিতঃ।
ততো দূতাঃ সমায়াতা যত্রাস্তে সজ্জনো বণিক্ ॥
দৃষ্ট্বা নৃপধনং তত্র বদ্ধা দূতা বণিকসুতৌ।
হর্ষযুক্তা ধাবমানা ঊচুর্নৃপসমীপতঃ ॥
তস্করৌ দ্বৌ সমানীতৌ বিলোক্যাজ্ঞাপয় প্রভো।
তে নৃপাজ্ঞাং সমাদায় দৃঢ়ং বদ্ধা তু তাবুভৌ ॥
স্থাপিতৌ দ্বৌ মহাদুর্গে কারাগারেঽবিচারয়ন্ ॥

সূত উবাচ।

মায়য়া সত্যদেবস্য ন শ্রুতঞ্চ তয়োর্বচঃ।
ততস্তয়োর্ধনং যচ্চ গৃহীতং চন্দ্রকেতুনা ॥
তচ্ছাপাচ্চ তয়োর্গেহে ভার্য্যা চ দুঃখিতাভবৎ।
চৌরেণাপহৃতং সর্ব্বং গৃহে যচ্চ স্থিতং ধনং ॥
আধিব্যাধিসমাযুক্তা ক্ষুৎপিপাসার্ত্তিপীড়িতা।
অতিচিন্তাপরা ভূত্বা ভ্রমতে চ গৃহে গহে ॥
ততঃ কলাবতী কন্যা বভ্রাম প্রতিবাসরে।
একস্মিন্ দিবসে রাত্রৌ ক্ষুধার্ত্তা দ্বিজমন্দিরং ॥
গত্বা পশ্যদ্ব্রতং তত্র সত্যনারায়ণস্য সা।
উপবিশ্য কথাং শ্রুত্বা বরং প্রার্থয়তী মুদা ॥
প্রসাদভক্ষণং কৃত্বা যযৌ রাত্রৌ গৃহং প্রতি।
ততো লীলাবতী কন্যাং ভর্ৎসয়ামাস তাং ভৃশং ॥
পুত্রি রাত্রৌ স্থিতা কুত্র কিন্তে মনসি বর্ত্ততে।
দ্বিজালয়ে ব্রতং মাতদৃষ্টং বাঞ্ছিতসিদ্ধিদং ॥

তৎশ্রুত্বা কন্তকাবাক্যং ব্রতং কর্ত্তুং সমুদ্যতা।
সম্মতা সা বণিগ্‌ভার্য্যা সত্যনারায়ণস্য চ॥
ব্রতং চক্রে চ বৈ সাধ্বী বন্ধুভিঃ স্বজনৈঃ সহ।
ভর্ত্তৃজামাতরৌ ক্ষিপ্রমাগচ্ছেতাং মমাশ্রমং॥
ইতি দেবং বরং যাচে সত্যদেবং পুনঃ পুনঃ।
অপরাধন্ত ভর্ত্তুর্শ্মেজামাতুঃ ক্ষন্তমর্হসি॥
ব্রতেন তস্যাস্তুষ্টোঽসৌ সত্যনারায়ণঃ প্রভুঃ।
দর্শয়ামাস স্বপ্নং হি চন্দ্রকেতুং নৃপোত্তমং॥
বন্দিনৌ মোচয় প্রাতর্ব্বণিজৌ নৃপসত্তম।
দেয়ং ধনঞ্চ তৎসর্ব্বং বিধিনা দ্বিগুণীকৃতং॥
নো চেৎ ত্বাং নাশয়িষ্যামি সরাজ্যধনপুত্রকং।
এবমাভাষ্য রাজানং ধ্যানগম্যোঽভবৎ প্রভুঃ॥
ততঃ প্রভাতসময়ে রাজা চ স্বজনৈঃ সহ।
উপবিশ্য সভামধ্যে প্রাহ দূতজনং প্রতি॥
বদ্ধৌ মহাজনৌ শীঘ্রং মোচয়ধ্বং বণিক্‌সুতৌ।
ইতি রাজ্ঞো বচঃ শ্রুত্বা মোচয়িত্বা মহাজনৌ॥
সমানীয় নৃপস্যাগ্রে প্রোচুশ্চ বিনয়ান্বিতাঃ।
আনীতৌ দ্বৌ বণিক্‌পুত্রৌ মুক্তৌ নিগড়বন্ধনাৎ॥
ততো মহাজনৌ নত্বা চন্দ্রকেতুং নৃপোত্তমং।
স্মৃত্বা চ পূর্ব্ববৃত্তান্তং বিস্ময়াত্ত্বয়বিহ্বলৌ॥
রাজা বণিক্‌সুতৌ বীক্ষ্য প্রোবাচ সাদরং বচঃ।
দৈবাৎ প্রাপ্তং মহৎ কষ্টং ইদানীং নাস্তি তে ভয়ং॥

ইদানীমেব মুক্তস্ত্বং ক্ষুরকর্ম্মাদিক কুরু।
ততো নৃপবরঃ শ্রীমান্ স্বর্ণরত্নবিভূষণৈঃ॥
অলঙ্কৃত্য বণিক্‌পুত্রৌ বচসা প্রীণয়ন্ভৃশং।
পুরানীতঞ্চ যদ্দ্রব্যং দ্বিগুণীকৃত্য দত্তবান্॥
প্রোবাচ তৌ ততো রাজা গচ্ছ সাধো নিজাশ্রমং।
রাজানং প্রণিপত্যাহ গন্তব্যং ত্বৎপ্রসাদতঃ॥
যাত্রাং কৃত্বা ততঃ সাধুর্ম্মঙ্গলাচারপূর্ব্বিকাং।
ব্রাহ্মণেভ্যো ধনং দত্ত্বা সহর্ষো নগরং যযৌ॥
কিয়দ্দূরে গতে সাধৌ সত্যনারায়ণঃ প্রভুঃ।
জিজ্ঞাসাং কৃতবান্ সাধো কিমস্তি তরণৌ তব॥
ততো মহাজনো মত্তো হেলয়া চ প্রহস্য চ।
কথং পৃচ্ছসি ভো দণ্ডিন্ মুদ্রাং কিং লব্ধুমিচ্ছসি॥
লতাপত্রাদিকঞ্চৈব বর্ত্ততে তরণৌ মম।
নিষ্ঠুরঞ্চ বচঃ শ্রুত্বা সত্যং ভবতু তে বচঃ॥
এবমুক্ত্বা গতঃ শীঘ্রং দণ্ডী তস্য সমীপতঃ।
কিয়দ্দূরে ততো গত্বা স্থিতঃ সিন্ধুসমীপতঃ॥
গতে দণ্ডিনি সাধুশ্চ কৃতনিত্যক্রিয়স্তদা।
উত্থিত ন্তরণীং দৃষ্ট্বা মূর্চ্ছিতো হ্যপতদ্ভুবি॥
লব্ধসংজ্ঞো বণিকপুত্রস্ততশ্চিন্তাপরোঽভবৎ।
শ্বশুরং দুহিতুঃ কান্তো বচনঞ্চেদমব্রবীৎ॥

জামাতোবাচ।

কিমর্থং কুরুতে শোকং শাপাদেতচ্চ দণ্ডিনঃ।
শক্যতে তেন সর্ব্বং হি কর্ত্তুং হর্ত্তুং ন সংশয়ঃ॥

ততস্তচ্ছরণং যামো বাঞ্ছিতার্থো ভবিষ্যতি।
জামাতুশ্চ বচঃ শ্রুত্বা তৎসকাশং গতস্তদা॥
দৃষ্ট্বা চ দণ্ডিনং ভক্ত্যা নত্বা প্রোবাচ সাদরং।
ক্ষমস্ব চাপরাধং মে যদুক্তং তব সন্নিধৌ॥
ময়া দুরাত্মনা দেব মুগ্ধোঽহং তব মায়য়া।
যদুক্তং তদ্বচো নাথ দুষ্টং মে ক্ষন্তুমর্হসি॥
যতঃ পরকৃতাঃ সর্ব্বে ক্ষমাসারা হি সাধবঃ।
পুনঃ পুনস্ততো নত্বা রুরোদ শোকবিহ্বলঃ॥
তমুবাচ ততো দণ্ডী বিলপন্তং বিলোক্য চ।
মা রোদীঃ শৃণু মে বাক্যং মম পূজাপরাঙ্মুখঃ॥
মামবজ্ঞায় দুর্ব্বুদ্ধে লব্ধং দুঃখং মুহুর্ম্মুহুঃ।
তৎ শ্রুত্বা ভগবদ্বাক্যং স্তুতিং কর্ত্তুং সমুদ্যতঃ॥

সাধুরুবাচ।

ত্বন্মায়ামোহিতাঃ সর্ব্বে ব্রহ্মাদ্যাস্ত্রিদিবৌকসঃ।
ন জানন্তি গুণং রূপং তবাশ্চর্য্যমিদং প্রভো॥
মূঢ়োঽহং ত্বাং কথং জানে মোহিতস্তব মায়য়া।
প্রসীদ পূজয়িষ্যামি যথাবিভববিস্তরৈঃ॥
পুত্রং বিত্তঞ্চ মচ্চিত্তং পাহি মাং শরণাগতং।
শ্রুত্বা ভক্তিযুতং বাক্যং পরিতুষ্টো জনার্দ্দনঃ॥
বরঞ্চ বাঞ্ছিতং দত্ত্বা তত্রৈবান্তরধীয়ত।
ততোঽসৌ নাবমারুহ্য দৃষ্ট্বা রত্নাদিপূরিতাং॥
কৃপয়া সত্যদেবস্য যৎ ফলং বাঞ্ছিতং মম।
ইত্যুক্ত্বা স্বজনৈঃ সার্দ্ধং পূজাং কৃত্বা যথাবিধি॥

হর্ষেণ মহতা সাধুঃ প্রয়াণং চাকরোদ্বিজঃ।
নাবং সংযোজ্য বেগেন স্বদেশমগমত্তদা॥
ততো জামাতরং প্রাহ পশ্য বৎস পুরীং মম।
দূতঞ্চ প্রেরয়ামাস নিজবিত্তস্য রক্ষকং॥
ততোঽসৌ নগরং গত্বা সাধুভার্য্যাং বিলোক্য চ।
উবাচ বাঞ্ছিতং বাক্যং নত্বা বদ্ধাঞ্জলিস্তদা॥
নিকটে নগরস্যৈব জামাত্রা সহিতো বণিক্।
আগতো বন্ধুবর্গৈশ্চ ধনৈর্ব্বহুবিধৈস্তথা॥
শ্রুত্বা দূতমুখাদ্বাক্যং মহাহর্ষবৃতা সতী।
সত্যপূজাং ততঃ কৃত্বা প্রোবাচ তনুজাং প্রতি॥
ব্রজামি শীঘ্রমাগচ্ছ সাধুসন্দর্শনায় চ।
ইতি মাতৃবচঃ শ্রুত্বা ব্রতং কৃত্বা সমাপ্য চ॥
প্রসাদং সংপরিত্যজ্য গতা সা চ পতিং প্রতি।
তেন রুষ্টঃ সত্যদেবো ভর্ত্তারং তরণীস্তথা॥
সংহৃত্য চ ধনৈঃ সার্দ্ধং জলে তস্মিন্ সমর্পয়ৎ।
ততঃ কলাবতী কন্যা নালোক্য বণিজং পতিং॥
শোকেন মহতা তত্র রুদন্তী চাপতদ্ভুবি।
দৃষ্ট্বা তথাবিধাং কন্যাং ন দৃষ্ট্বা তৎপতিং তরিং॥
ভীতেন মহতা সাধুঃ কিমাশ্চর্য্যমিদং মহৎ।
বিচিন্ত্যমানাস্তে সর্ব্বে বভূবুস্তরিবাহকাঃ॥
ততো লীলাবতী সাধ্বী দৃষ্ট্বা তদ্বিহ্বলা সতী।
বিললাপাতিদুঃখেন ভর্ত্তারঞ্চেদমব্রবীৎ॥

ইদানীং নৌকয়া সার্দ্ধমদৃশ্যোহভূদলক্ষিতঃ।
ন জানে কেন দৈবেন হেলয়া বাপহারিতং॥
সত্যদেবস্য মাহাত্ম্যং কিং জ্ঞাতুং নহি শক্যতে।
ইত্যুক্ত্বা বিললাপাথ তত্রস্থা স্বজনৈঃ সহ॥
ততো লীলাবতী কন্যাং ক্রোড়ে কৃত্বা রুরোদ চ।
ততঃ কলাবতী কন্যা নষ্টে স্বামিনি দুঃখিতা॥
গৃহীত্বা পাদুকাং তস্য অনুগন্তুং মনো দধে।
কন্যায়াশ্চরিতং দৃষ্ট্বা সভার্য্যঃ সুজনো বণিক্॥
অতিশোকেন সন্তপ্তশ্চিন্তয়ামাস ধর্ম্মবিৎ।
হৃতো হি সত্যদেবেন জামাতা সত্যমায়য়া॥
সত্যপূজাং করিষ্যামি যথাবিভববিস্তরৈঃ।
ইতি সর্ব্বান্ সমাহূয় কথিতঞ্চ মনোরথং॥
নত্বা চ দণ্ডবদ্ভূমৌ সত্যদেবং পুনঃ পুনঃ।
ততস্তুষ্টঃ সত্যদেবো গগনাদ্বণিজং প্রতি॥
জগাদ বচনঞ্চেদং নৈবেদ্যমবমন্য চ।
আগতা স্বামিনং দ্রষ্টুমতোহদৃশ্যোহভবৎ প্রভুঃ॥
গৃহং গত্বা প্রসাদঞ্চ ভুক্ত্বা চায়াতি সা পুনঃ।
লব্ধভর্ত্তৃসুখা সাধো ভবিষ্যতি ন সংশয়ঃ॥
ততশ্চ প্রাণদং বাক্যং শ্রুত্বা গগনমণ্ডলাৎ।
ক্ষিপ্রং তদা গৃহং গত্বা প্রসাদং প্রতিভুজ্য চ॥
অপশ্যৎ পুনরাগত্য পতিং নাবং জনৈঃ সহ।
ততঃ কলাবতী তুষ্টা জগাদ পিতরং প্রতি॥

এহি তাত গৃহং যামি বিলম্বং কুরুষে কথং।
তৎশ্রুত্বা কন্যকাবাক্যং সন্তুষ্টোঽভূদ্বণিক্‌সুতঃ॥
পূজনং সত্যদেবস্য কৃত্বা বিধিবিধানতঃ।
ধনৈর্ব্বন্ধুগণৈঃ সার্দ্ধং জগাম নিজমন্দিরং॥
পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং পূজাং কৃত্বা যথাবিধি।
ইহ লোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ॥
ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণকথায়াং।
বণিক্‌সাধুমোক্ষবর্ণনো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥

সূত উবাচ।

অথ চান্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ।
আসীদ্বংশধ্বজো রাজা প্রজাপালনতৎপরঃ॥
প্রসাদং সত্যদেবস্য ত্যক্ত্বা দুঃখমবাপ সঃ।
একদা স বনং গত্বা হত্বা চ বিবিধান্ মৃগান্॥
আগত্য বটমূলে চ দৃষ্ট্বা সত্যস্য পূজনং।
গোপাঃ কুর্ব্বন্তি সন্তুষ্টা ভক্তিযুক্তাঃ সবান্ধবাঃ॥
রাজা দৃষ্ট্বা তু দর্পেণ নাগতো ন ননাম সঃ।
ততো গোপগণাঃ সর্ব্বে প্রসাদং নৃপসন্নিধৌ॥
সংস্থাপ্য পুনরাগত্য ভুক্ত্বা সর্ব্বে যথেপ্সিতং।
ততঃ প্রসাদং সংত্যজ্য রাজা দুঃখমবাপ সঃ॥
তস্য পুত্রশতং নষ্টং ধনধান্যাদিকঞ্চ যৎ।
সত্যদেবেন তৎ সর্ব্বং নাশিতং মম নিশ্চিতং॥
অতস্তত্রৈব গচ্ছামি যত্র দেবস্য পূজনং।
মনসেতি বিনিশ্চিত্য যযৌ গোপালসন্নিধিং॥

ততোঽসৌ সত্যদেবস্য পূজাং গোপগণৈঃ সহ।
ভক্তিশ্রদ্ধান্বিতো ভূত্বা চকার বিধিবন্নৃপঃ॥
সত্যদেবপ্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ।
ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে বিষ্ণুপুরং যযৌ॥
য ইদং কুরুতে সত্যব্রতং পরমদুর্লভং।
শৃণোতি চ কথাং পুণ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদাং॥
ধনধান্যাদিকং তস্য ভবেৎ সত্যপ্রসাদতঃ।
দরিদ্রো লভতে বিত্তং বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ॥
ভীতো ভয়াৎ প্রমুচ্যেত সত্যমেতন্ন সংশয়ঃ।
ঈপ্সিতঞ্চ ফলং ভুক্ত্বা চান্তে সত্যপুরং ব্রজেৎ॥
ইতি বঃ কথিতং বিপ্রাঃ সত্যনারায়ণব্রতং।
যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥
বিশেষতঃ কলিযুগে সত্যপূজাকথাফলং।
সত্যনারায়ণং কেচিৎ সত্যদেবং তথাপরে॥
নানারূপধরো ভূত্বা সর্ব্বেষামীপ্সিতপ্রদঃ।
ভবিষ্যতি কলৌ সত্যব্রতরূপী সনাতনঃ॥
য ইদং পঠতে নিত্যং শৃণোতি মুনিসত্তমাঃ।
তস্য নশ্যন্তি পাপানি সত্যদেবপ্রসাদতঃ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণ
ব্রতকথানাম চতুর্থোঽধ্যায়ঃ॥ * ॥

ইতি শ্রীসত্যনারায়ণব্রতকথা সমাপ্তা॥

শ্রীশ্রী৺সত্যনারায়ণব্রতকথা।

(বাঙ্গালা ভাষায় বিরচিত)।

ওঁ তৎসৎ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততোজয়মুদীরয়েৎ॥

প্রথম অধ্যায়।

একদা নৈমিষারণ্যতীর্থে শৌনকাদি ষষ্টিসহস্র ঋষি সমবেত হইয়া শাস্ত্রালোচনা করিতেছেন, এমন সময়ে মুনিপুঙ্গব, পুরাণ-বক্তা, সর্ব্বধর্ম্মজ্ঞ, সর্ব্বলোকহিতৈষী সূত মহাশয় শিষ্যগণ পরিবৃত হইয়া হরিগুণগান করিতে করিতে তথায় উপস্থিত হইলেন। ঋষিগণ সশিষ্য সূত মহাশয়কে সমাগত দেখিয়া সসম্ভ্রমে গাত্রোত্থান করিয়া অভিবাদনপূর্ব্বক আসন প্রদান করিলেন। সূত মহাশয়, সেই পরমবৈষ্ণব ঋষিগণকে দণ্ডবৎ প্রণাম করিয়া সশিষ্য উপ-বেশনপূর্ব্বক পরস্পর স্বাগত কুশলাদি অবগত হইলেন। তৎপরে কুলপতি শৌনক জিজ্ঞাসা করিলেন, হে মুনিপুঙ্গব! কলিকাল সমাগত দেখিয়া আমরা যারপরনাই চিন্তাকুলিত হইয়াছি। তৎকালে লোকে ধর্ম্মচ্যুত হইবে ও নানাবিধ রোগে প্রপীড়িত হইয়া অতিশয় কষ্ট ভোগ করিবে। আপনি অবগত আছেন, যে কলিকালে জীবসকল অন্নগতপ্রাণ, স্বল্পায়ুঃ, স্বধর্ম্মবিবর্জ্জিত, সদা

কুপথগামী, পরশ্রীকাতর, ষড়রিপুপ্রবলপরতন্ত্র, ভক্ষ্যাভক্ষ্যবিচার-রহিত, দেবতা ও ব্রাহ্মণে ভক্তিবিরহিত, সদাচারভ্রষ্ট ও স্ত্রীপরায়ণ হইবে। স্ত্রীলোকগণ পতিভক্তিবিরহিতা, স্বাধীনা, সদাকুপথ-গামিনী, কুটীলা ও স্বার্থপরায়ণা হইবে, তাহাতেক্রমশঃ সৃষ্টিলোপ হইবার সম্ভাবনা। হে মুনিশার্দ্দূল! শাস্ত্রে আছে, যে কলিযুগে যে সকল ব্যক্তি পুণ্য বা পাপ উপদেশ দেয় তাহারাও সেই পাপ পুণ্যের ভাগী হয়। যাঁহারা পুণ্যোপদেশী, সদা কৈতববিবর্জ্জিত এবং পাপাচরণবিরোধী তাঁহারা কলিযুগে কেশবের সমান। যাঁহারা জ্ঞান প্রাপ্ত হইয়া অপরকে জ্ঞানোপদেশ না দিয়া থাকেন, জ্ঞানরূপী হরি তাঁহাদিগকে দর্শন করেন না। যাঁহারা জ্ঞানরত্ন এবং পার্থিবরত্নদ্বারা পরোপকার করেন তাঁহারা নিশ্চয় নররূপী হরির সমান। ব্রত বা তপস্যাদ্বারা যে বাঞ্ছিত ফললাভ হয় সেই সমস্ত আমরা শুনিতে ইচ্ছা করি; আপনি বেদবেদাঙ্গ পারগ, যেহেতু অপনি বেদব্যাসের নিকট শিক্ষা প্রাপ্ত হইয়াছেন, অতএব আপনি ভিন্ন আমরা আর অন্য কোন বক্তা দেখিনা। কোন্ উপায় অবলম্বন করিলে কলিযুগে জীবসকল হরিপরায়ণ ও সৎ-কার্য্যে নিষ্ঠাবান হইবে, তাহা কৃপা করিয়া আমাদিগের নিকট সবিস্তার বর্ণন করুন।

সূত বলিলেন, হে ঋষিশ্রেষ্ঠ! তুমিই ধন্য এবং তুমিই বৈষ্ণব-চূড়ামণি যেহেতু সমস্ত জীবের মঙ্গল কামনা করিয়া এই সমস্ত জিজ্ঞাসা করিতেছ। হে শৌনক! তুমি যাহা শুনিতে ইচ্ছা করিয়াছ তাহা আমি বিস্তারক্রমে বলিতেছি, শ্রবণ কর। দেবর্ষি নারদ কমলাপতিকে এবিষয় যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন,

এবং কমলাপতি তাঁহাকে যাহা বলিয়াছিলেন, তাহা আমি বিশেষ রূপে বর্ণন করিতেছি, তোমরা সমাহিতচিত্তে শ্রবণ কর।

একদা যোগী নারদ জীবের দুঃখমোচন করিবার মানসে সমস্ত লোক পরিভ্রমণ করিয়া পরিশেষে মর্ত্যলোকে উপস্থিত হইয়া দেখিলেন, সমস্ত লোক নানাযোনিতে সমুৎপন্ন এবং নানাপাপ-জনিতফলে অশেষ ক্লেশভোগ করিতেছে। জীবের দুঃখ যাহাতে মোচন হয়, এই চিন্তা করিয়া দেবর্ষি বিষ্ণুলোকে গমন করিলেন। তথায় উপস্থিত হইয়া দেখিলেন, গোলকবিহারী শুক্লবর্ণ, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মধারী, বনমালাবিভূষিত,কমলাপতি নারায়ণ বিরাজ করিতেছেন। দেবর্ষি নারদ বিষ্ণুকে দর্শন করিয়া আপনাকে চরিতার্থ মনে করিলেন, এবং প্রণতিপূর্ব্বক করযোড়ে স্তব করিতে লাগিলেন।

হে দেব! তুমি বাক্য মনের অতীত, তুমি অনন্তশক্তিস্বরূপ, তুমি আদি, মধ্য ও অন্ত বিহীন, তোমাকে নমস্কার করি। তুমি নির্গুণ অথচ গুণাত্মক, তুমি সকলের আদিভূত, ভক্তসকলের দুঃখনাশক, তোমাকে নমস্কার করি। ভগবান, নারদের মুখে এই স্তোত্র শ্রবণ করিয়া সাতিশয় আনন্দপ্রকাশপূর্ব্বক তাঁহাকে আলিঙ্গন করিয়া জিজ্ঞাসা করিলেন। হে মহাভাগ! সর্ব্বত্র কুশল ত? কি নিমিত্ত এস্থানে আগমন করিয়াছ?

নারদ বলিলেন, হে দেবেশ! আমি মর্ত্যলোকে গমন করিয়াছিলাম, তথায় উপস্থিত হইয়া দেখিলাম, জীবসকল নানাযোনিসমুৎপন্ন ও নানাশোকসমন্বিত হইয়া অতিশয় ক্লেশ-ভোগ করিতেছে, তাহাদিগের উদ্ধারের কোন উপায় নাই।

বিশেষতঃ কলিযুগ সমাগতপ্রায় দেখিয়া আমি অতি ভীত হইয়াছি। যাহাতে কলিযুগের জীব স্বল্পায়াসে ধর্ম্মপরায়ণ হইয়া তব পাদপদ্মের আশ্রয় গ্রহণপূর্ব্বক দুঃখসাগর হইতে উত্তীর্ণ হইতে পারে, কৃপা করিয়া তাহার উপায় বর্ণন করুন। ভগবান নারদের এই বাক্য শ্রবণ করিয়া তাহাকে সাধুবাদ প্রদানপূর্ব্বক সহাস্যবদনে বলিলেন, হে সর্ব্বজনহিতৈষিন্ নারদ! কলিযুগে জীবসকলের দুঃখ হইতে পরিত্রাণ পাইবার আর অন্য কোন উপায় দেখিনা, কেবল সত্যনারায়ণদেবের পূজা ও তাঁহার ব্রতকথা সমাহিতচিত্তে শ্রবণ করিলে সদ্যঃ ঈপ্সিত ফল, অনন্ত সুখ ও সম্পদ প্রাপ্ত হইবে ও পরে মোক্ষপদ স্বল্পায়াসে লাভ করিতে সমর্থ হইবে।

সূত বলিলেন, দেবর্ষি নারদ, কমলাপতি নারায়ণের মুখ-নির্গলিত এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্! কোন্ ব্যক্তি, কোথায়, কোন সময়ে, কিকারণে এবং কিরূপবিধানে সত্যনারায়ণদেবের ব্রত করিয়াছিলেন তাহা আমার নিকট কৃপা করিয়া বিস্তারপূর্ব্বক বর্ণন করুন, উহা শ্রবণ করিতে আমার অতিশয় কৌতূহল জন্মিয়াছে।

ভগবান বলিলেন, হে নারদ! আমার কথিত ব্রতের ফল শ্রবণ কর। এই ব্রত করিলে শোক ও দুঃখ বিনষ্ট হয়। ধন ধান্য পরিবর্দ্ধিত, সৌভাগ্যের প্রকাশ, সুসন্তান উৎপন্ন, এবং সর্ব্বত্র বিজয় লাভ হয়। এই ব্রত যে কোন দিবসে মনুষ্যগণ সায়ংকালে সন্তুষ্টচিত্তে, বন্ধুবান্ধব ও ব্রাহ্মণগণ মিলিত এবং ধর্ম্মতৎপর হইয়া ভক্তিশ্রদ্ধাপূর্ব্বক করিবে। হে মহাভাগ!

এই সত্যনারায়ণদেবপূজায় যে যে উপচার আবশ্যক তাহাও শ্রবণ কর।

রম্ভাফল, ঘৃত, ক্ষীর, গোধূমচূর্ণ অথবা শালিচূর্ণ, এবং শর্করা অভাবে গুড়, এই সমস্ত দ্রব্য সপাদক্রমে অর্থাৎ প্রত্যেক দ্রব্য সওয়াপোয়া বা সওয়াসের ওজনে একত্র করিয়া নিবেদন করিবে। পরে ব্রতকথা শ্রবণ করিবে এবং ব্রাহ্মণকে দক্ষিণা দান করিয়া বন্ধুবান্ধবসহিত ভক্তিযুক্ত হইয়া প্রসাদ গ্রহণপূর্ব্বক ব্রাহ্মণাদি ভোজন করাইবে। তৎপরে নৃত্যগীতাদি শ্রবণ করিবে। হে নারদ! এই নিয়মে এই ব্রত করিলে জীবের বাঞ্ছাসিদ্ধি হয়। বিশেষতঃ কলিযুগে মনুষ্যসকল এই ব্রত করিলে নিশ্চয় হরি-পরায়ণ হইয়া অবশেষে দিব্যদেহ পরিগ্রহ করিয়া দিব্যধামে গমন করিবে। এই ব্রত করিয়া এক ব্রাহ্মণ যেরূপে কৃতকার্য্য হইয়াছিল, তাহার বৃত্তান্ত বলিতেছি শ্রবণ কর।

মর্ত্ত্যলোকে কাশীপুর নামক কোন গ্রামে একটী নির্ধন দরিদ্র ব্রাহ্মণ বাস করিতেন। একদা সেই ব্রাহ্মণ ক্ষুধাতৃষ্ণায় আকুল হইয়া ভ্রমণ করিতেছেন, এমন সময়ে ব্রাহ্মণপ্রিয় ভগবান নারায়ণ সেই দুঃখিত ব্রাহ্মণকে দর্শন করিয়া বৃদ্ধব্রাহ্মণরূপ ধারণপূর্ব্বক তাঁহার নিকট সমাগত হইয়া জিজ্ঞাসা করিলেন, হে বিপ্র! কি কারণে দুঃখিতচিত্তে তুমি ভ্রমণ করিতেছ? আমি সেই সমস্ত কথা শুনিতে ইচ্ছা করি, যদ্যপি তোমার ইচ্ছা হয় আমার নিকট সবিস্তার বর্ণন কর। ব্রাহ্মণ বলিলেন, আমি অতিদরিদ্র, ভিক্ষার নিমিত্ত নানা স্থান ভ্রমণ করিলাম, কিন্তু আজ অদৃষ্টক্রমে ভিক্ষালাভে বঞ্চিত হইয়াছি। এক্ষণে ক্ষুৎ-

পিপাসায় অতিশয় কাতর হইয়াছি, কি উপায়ে জীবনধারণ করিব তাহা স্থির করিতে পারিতেছি না। হে প্রভো! যদি ইহার কোন প্রতিবিধান থাকে কৃপা করিয়া আমাকে বলুন, নচেৎ আমার প্রাণ যায়। এই কথা শ্রবণ করিয়া ব্রাহ্মণ-বেশধারী ভগবান বলিলেন, হে দ্বিজশ্রেষ্ঠ! মনুষ্যগণের ঈপ্সিত ফল অনায়াসে লাভ করিবার জন্য পৃথিবীতে এক মাত্র সত্যনারায়ণদেবের পূজা ও তাঁহার ব্রতকথা শ্রবণ ও প্রসাদ গ্রহণ করা ভিন্ন আর কোন উপায় নাই। এই ব্রত করিলে সর্ব্বদুঃখ হইতে মুক্তিলাভ হয় এবং যে ব্যক্তি যে কোন ফল-লাভের কামনা করে তাহা সুলভে প্রাপ্ত হয়। তুমি একাগ্র চিত্ত হইয়া যথাবিধানে সত্যনারায়ণদেবের পূজা ও তাঁহার ব্রতকথা শ্রবণ কর, তাহা হইলে সর্ব্বদুঃখ হইতে মুক্তিলাভ করিবে। এই কথা বলিয়া বৃদ্ধব্রাহ্মণরূপধারী ভগবান সেই স্থান হইতে অন্তর্হিত হইলেন। তখন সেই দরিদ্র ব্রাহ্মণ বৃদ্ধব্রাহ্মণের অন্তর্দ্ধ্যান দেখিয়া বিস্ময়াপন্ন হইয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, এই বৃদ্ধব্রাহ্মণ আর কেহই নহেন, সেই বিপদ-ভঞ্জন মধুসূদন কৃপা করিয়া আমার দুঃখমোচন করিবার জন্য ব্রাহ্মণরূপ ধারণপূর্ব্বক আমাকে সত্যনারায়ণদেবের ব্রতে ব্রতী হইতে আদেশ করিলেন। এই চিন্তা করিতে করিতে ব্রাহ্মণ স্বীয় বাটীতে প্রত্যাবর্ত্তন করিলেন, এবং এই ঘটনা চিন্তা করিয়া রাত্রিযোগে নিদ্রালাভ করিলেন না। পরদিন প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া সত্যনারায়ণদেবের যথাবিধানে ব্রত করিতে কৃতসংকল্প হইয়া ভিক্ষার্থে গমন করিলেন।

ভগবৎকৃপায় ব্রাহ্মণ সেইদিন ভিক্ষা করিয়া প্রচুর ধন লাভ করিলেন, এবং প্রফুল্লচিত্তে যথাবিধানে সত্যনারায়ণদেবের পূজার আয়োজন করিতে লাগিলেন। রাত্রিযোগে বন্ধুবান্ধব-মিলিত হইয়া সত্যনারায়ণদেবের পূজা ও তাহার ব্রতকথা শ্রবণ করিলেন, এবং প্রসাদগ্রহণ করিয়া আপনাকে চরিতার্থ মনে করিলেন। সত্যনারায়ণদেবের কৃপায় ব্রাহ্মণ অতি অল্পদিনের মধ্যে সর্ব্বদুঃখবিনির্মুক্ত হইয়া পরম ঐশ্বর্য্যশালী হইলেন। সেই দিন হইতে প্রতি মাসে সেই ব্রাহ্মণ যথাবিধানে সত্যনারায়ণ-দেবের পূজা করিতে লাগিলেন। সেই দ্বিজশ্রেষ্ঠ নারায়ণের এবম্বিধ ব্রত করিয়া সমস্ত পাপ হইতে বিনির্মুক্ত হইয়া অবশেষে দুর্লভ মোক্ষপদ লাভ করিয়াছিলেন। হে নারদ! এই ব্রত যে সময়ে পৃথিবীতে প্রচলিত হইবে সে সময়ে মনুষ্যসকলের কোনরূপ ক্লেশ থাকিবে না, সর্ব্বপাপ হইতে বিনিমুক্ত হইয়া অবশেষে বৈকুণ্ঠ ধামে গমন করিবে।

সূত বলিলেন, হে শৌনক! মহাত্মা নারদের নিকট নারায়ণ মুখনিঃসৃত ব্রতকথা আমিও তোমাদিগের নিকট বর্ণন করিলাম।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গতরেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণব্রতকথায়াং বিপ্রসংবাদনামকঃ প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

দ্বিতীয় অধ্যায়।

শৌনক বলিলেন, হে মুনে! ব্রাহ্মণ আচরিত এই ব্রত পৃথিবীতে আর কে করিয়াছিলেন, কৃপা করিয়া আমাদিগের নিকট বিস্তারপূর্ব্বক বর্ণন করুন।

সূত বলিলেন, তাহার পর কে পৃথিবীতে এই ব্রত আচরণ করিয়াছিলেন, আমি বলিতেছি শ্রবণ কর।

একদা সেই দ্বিজশ্রেষ্ঠ স্বগৃহে বন্ধুবান্ধব মিলিত হইয়া সত্য-নারায়ণদেবের ব্রত করিতেছেন, এমন সময়ে কাষ্ঠকেতু নামক একজন কাঠুরিয়া ক্ষুৎপিপাসায় নিতান্ত কাতর হইয়া সেই স্থানে উপস্থিত হইল। কাঠুরিয়া কাষ্ঠের বোঝা বাহিরে সংস্থাপনপূর্ব্বক ব্রাহ্মণের বাটীর মধ্যে প্রবেশ করিল। ব্রাহ্মণকে পূজায় নিযুক্ত দেখিয়া প্রণতিপূর্ব্বক তাঁহাকে জিজ্ঞাসা করিল, প্রভো! আপনি কি পূজা করিতেছেন? এই পূজা করিলে কি ফললাভ হয় তাহা আমাকে কৃপা করিয়া বলুন্। বিপ্র বলিলেন, আমি সত্যনারায়ণ-দেবের পূজা করিতেছি, এই ব্রত করিলে বাঞ্ছিত ফললাভ, দুঃখ ও শোকাদি বিনষ্ট, এবং সর্ব্বস্থানে বিজয়, ধনসম্পত্তি ও সুপুত্র লাভ হয়। এই ব্রতপ্রসাদে আমি প্রচুর ঐশ্বর্য্যশালী হইয়াছি। কাঠুরিয়া ব্রাহ্মণের নিকট কিরূপে ব্রত করিতে হয় জানিয়া এবং ব্রত ফল কথা শ্রবণ করিয়া আনন্দিত চিত্তে প্রসাদ গ্রহণপূর্ব্বক স্বীয় গৃহে গমন করিল।

পরদিন কাষ্ঠকেতু স্থিরচিত্তে সত্যনারায়ণদেবকে স্মরণ করিয়া প্রতিজ্ঞা করিল, যে অদ্য কাষ্ঠ বিক্রয় করিয়া যে ধন প্রাপ্ত হইব

তদ্দ্বারা আমিও সত্যদেবের ব্রত করিব। এইরূপ চিন্তা করিয়া কাষ্ঠ লইয়া নগরের যে স্থানে ধনাঢ্য ব্যক্তিগণ বাস করে তথায় গমন করিল। সত্যনারায়ণদেবের এমনি মহিমা যে সেই দিনে কাঠুরিয়া কাষ্ঠের দ্বিগুণ মূল্য পাইয়া সহর্ষে সপাদ শর্করা, ঘৃত, দুগ্ধ, গোধূমচূর্ণ, ও সুপককদলীফলাদি পূজার উপচার সকল ক্রয় করিয়া গৃহে প্রত্যাগমন করিল। পরে রাত্রিযোগে বন্ধুবান্ধব আহ্বান করিয়া যথাবিধি ব্রত আচরণ করিল। সত্যনারায়ণদেবের কৃপায় সেই কাঠুরিয়া অল্পদিনের মধ্যে প্রচুর ধনসম্পত্তি ও সুসন্তান লাভ করিল, ইহলোকে সুখী হইয়া কালক্রমে সত্যদেবেরপুরী গমন করিল।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গতরেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণব্রতকথায়াং বিপ্রকাষ্ঠকেতুসংবাদনামকো দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ।

তৃতীয় অধ্যায়।

সূত বলিলেন, হে ঋষিশ্রেষ্ঠ শৌনক! ভগবান পতিতপাবন হরি, দেবর্ষি নারদের নিকট অন্য উপাখ্যান যাহা বলিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর।

কোন নগরে সত্যবাদী, জিতেন্দ্রিয়, স্বধর্ম্মপরায়ণ, মহাপ্রতাপান্বিত উল্কামুখ নামক এক রাজা বাস করিতেন। তিনি প্রতিদিন ব্রাহ্মণদিগকে প্রচুর ধন দান করিয়া তাঁহাদিগের সন্তোষ পরিবর্দ্ধন করিতেন। নিয়ত অতিথিসৎকার, ধর্ম্মালোচনা

প্রভৃতি সৎকার্য্য ভিন্ন তাঁহার আর কোন কার্য্য ছিলনা। রাজ্য-শাসনপ্রণালীও তিনি বিশেষরূপে জানিতেন এবং প্রজাবর্গের দুঃখ বিমোচন করিতেন ও তাহাদিগের হিতসাধনে সর্ব্বদা যত্নবান থাকিতেন। রাজা উল্কামুখের কোন বিষয়ের চিন্তা ছিলনা, কেবল মাত্র নিঃসন্তান বলিয়া সর্ব্বদাই দুঃখিত ভাবে কালযাপন করিতেন। অশেষরূপগুণসম্পন্না, পতিব্রতা, ধর্ম্মপরায়ণা, সরোজ-বদনা ভদ্রশীলা নাম্নী তাঁহার ভার্য্যা নিঃসন্তান বলিয়া সর্ব্বদা ক্ষুন্নমনে ও বিষণ্নবদনে কালযাপন করিতেন। একদা রাজা উল্কামুখ সত্যনারায়ণ ব্রত, ঈপ্সিত ফলপ্রদ শ্রবণ করিয়া, পুত্র কামনায় পত্নীসহ সাগরতীরে সত্যনারায়ণদেবের পূজা করিতেছিলেন, এমন সময়ে এক সাধুসদাগর বাণিজ্যার্থে বহুধনরত্নপরিপুরিত নৌকাসহ সেই স্থান দিয়া গমন করিতেছিলেন। রাজা উল্কামুখ সস্ত্রীক পূজা করিতেছেন, দেখিয়া তীরে নৌকা সকল রক্ষা করিয়া, তাঁহাদিগের সমীপে উপস্থিত হইয়া প্রণতিপূর্ব্বক রাজাকে জিজ্ঞাসা করিলেন, হে রাজন! ভক্তিযুক্তচিত্তে এই সাগরতীরে কাহার পূজা করিতেছেন? আমাকে কৃপা করিয়া বলুন, শুনিতে আমার সাতিশয় কৌতূহল জন্মিয়াছে। রাজা অভ্যাগত সদাগরের কথা শ্রবণ করিয়া উত্তর করিলেন, হে সদাগর! আমি সস্ত্রীক পুত্র কামনায় অতুলতেজসম্পন্ন সত্যনারায়ণদেবের পূজা করিতেছি। সদাগর শ্রবণ করিয়া প্রণামপূর্ব্বক রাজাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, হে রাজন! আমার নিকট সত্য করিয়া বলুন এই ব্রত সুতপ্রদ কিনা? আমি সন্তানবিহীন, যদ্যপি এই ব্রত আচরণ করিলে সুসন্তান

উৎপন্ন হয়, তাহা হইলে আমিও পুত্র কামনা করিয়া এই ব্রত অবলম্বন করিব। রাজা বলিলেন, এই ব্রত বাঞ্ছিত ফলপ্রদ, যাহা কামনা করিয়া এই ব্রত আচরণ করিবে তাহাই অনায়াসে ফলপ্রদ হইবে। সদাগর রাজার নিকট ব্রত বৃত্তান্ত শ্রবণ করিয়া, রাজাকে অভিবাদনপূর্ব্বক, বাণিজ্য হইতে নিবৃত্ত হইয়া, নিজ গৃহে প্রত্যাগমন করিলেন। গৃহে প্রত্যাগমন করিয়া সাধু তাঁহার ধর্ম্মপরায়ণা ভার্য্যা লীলাবতীকে রাজকথিত সুতপ্রদব্রতবৃত্তান্ত বলিলেন। লীলাবতী ব্রত কথা শ্রবণ করিয়া প্রতিজ্ঞা করিলেন যে দিন আমার সন্তান জন্মগ্রহণ করিবে, সেই দিন আমি এই সত্যনারায়ণদেবের ব্রত আচরণ করিব। সত্যনারায়ণদেবের কি অপার মহিমা, যে দিন সদাগরপত্নী ব্রতাচরণের সংকল্প করিলেন সেই দিনই তিনি গর্ভবতী হইলেন। লীলাবতী ক্রমে পূর্ণগর্ভা হইয়া শুভক্ষণে একটী সুন্দরী কন্যা প্রসব করিলেন। সদাগর এবং তাঁহার পত্নী অভীষ্টফলপ্রদব্রতের মাহাত্ম্য দেখিয়া পরমানন্দিত হইলেন। তাঁহারা উভয়ে কন্যার মুখ দর্শন করিয়া আপনাদিগকে কৃতার্থ মনে করিলেন। সুকুমারী কন্যা দিন দিন শুক্লপক্ষীয় শশিকলার ন্যায় পরিবর্দ্ধিত হইতে লাগিল। ক্রমে সদাগর, কন্যার জাতকর্ম্মাদিসংস্কার করিয়া কলাবতী নাম রাখিলেন। কিছুকাল পরে বণিক্‌পত্নী লীলাবতী স্বামীকে জিজ্ঞাসা করিল, হে স্বামিন্! কন্যার জন্মগ্রহণের পূর্ব্বে আপনি যে সত্যনারায়ণদেবের ব্রত করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, তাহা কি নিমিত্ত বিস্মরণ হইতেছেন? আপনিত জানেন দেবতার নিকট প্রতিশ্রুত প্রতিপালন না করিলে অবশেষে

অত্যন্ত পরিতাপ পাইতে হয়, এবং দেবতা রুষ্ট হইলে তাহা হইতে কাহারই নিরাপদ হইবার সম্ভাবনা নাই। সদাগর পত্নীকে আশ্বাসিতা করিয়া বলিলেন, হে ভদ্রে! আমি স্থির করিয়াছি যে কলাবতীর বিবাহসময়ে আমরা উভয়ে একত্রিত হইয়া একাগ্রচিত্তে সত্যনারায়ণদেবের ব্রত আচরণ করিব। তদনন্তর কলাবতী দিন দিন পিতৃগৃহে বর্দ্ধিতা হইতে লাগিল। সদাগর কন্যাকে বর্দ্ধিতা দেখিয়া তাহার বিবাহের জন্য বন্ধুবান্ধব মিলিত হইয়া পরামর্শ করিতে লাগিলেন, এবং উত্তম পাত্র স্থির করিবার জন্য নানাদেশে দূত প্রেরণ করিলেন। অনেক অনুসন্ধান করিয়া কাঞ্চননগরস্থ সর্ব্বাঙ্গসুন্দর ও সর্ব্ব-গুণান্বিত এক বণিকপুত্রের সহিত কলাবতীর বিবাহ স্থির করিলেন। শুভদিনে শুভক্ষণে মহাসমারোহে সমস্ত বন্ধুবান্ধবের সহিত বণিকপুত্রকে নিজ বাটীতে আনয়নপূর্ব্বক যথাবিধানে কন্যাদান করিলেন। অদৃষ্টের ফল অখণ্ডনীয়! অদৃষ্টে সুখ বা দুঃখ থাকিলে তাহা কেহই খণ্ডন করিতে পারেনা। সদাগর এবং তাঁহার পত্নী সত্যনারায়ণদেবের ব্রত করিতে কৃত সংকল্প হইয়া সুকুমারী কন্যা লাভ করিলেন, কিন্তু ধনমদে মত্ত হইয়া কন্যার বিবাহের পরও প্রতিশ্রুত ব্রত করিতে একেবারে বিস্মরণ হইলেন; সুতরাং সত্যনারায়ণদেবের কোপনয়নে তাহারা উভয়ে পতিত হইলেন।

কিছুকাল পরে সেই নিজধর্ম্মবিশারদ বণিক্ জামাতার সহিত বাণিজ্য করিতে অভিলাষ করিলেন। নানাবিধ অর্ণবযান সুসজ্জিত করিয়া বহু রত্ন লইয়া বাণিজ্য করিতে যাত্রা

করিলেন। ক্রমে সাগরতীরে রত্নসারনগরে গমন করিয়া বাণিজ্য করিতে লাগিলেন। কিছুদিন পরে সাধুসদাগর তথায় বাটী নির্ম্মাণ করিয়া জামাতার সহিত বাস করিতে লাগিলেন। এই সময়ে প্রভু সত্যনারায়ণদেব বণিক্‌কে ভ্রষ্টপ্রতিজ্ঞ দেখিয়া তাহাকে অভিসম্পাত করিলেন, যে সন্তান কামনা করিয়া আমার ব্রত করিতে প্রতিজ্ঞা করিয়াছিলে সেই জন্য কলাবতী কন্যা লাভ করিয়াছ, কিন্তু ঐশ্বর্য্য মদে মত্ত হইয়া তখন আমার পূজা না করিয়া কন্যার বিবাহের সময় ব্রত করিবে এই প্রতিজ্ঞা করিয়াছিলে, তাহাও সময় ক্রমে বিস্মরণ হইয়াছ; অতএব তুমি ভ্রষ্টপ্রতিজ্ঞ, এই জন্য আজ হইতে তোমার মহাদুঃখ উপস্থিত হইবে। ভগবান সত্যনারায়ণদেব এই বলিয়া সেই বণিক্‌কে অভিসম্পাত করিলেন। দেবতা রুষ্ট হইলে এবং তাঁহার কোপ-নয়নে পতিত হইলে এজগতে কাহার সাধ্য তাহাকে রক্ষা করে! বণিক্ শাপগ্রস্থ হইয়া সেই দিন হইতেই তাহার প্রতিফল ভোগ করিতে আরম্ভ করিলেন৷

সেই রত্নসারনগরাধিপতি চন্দ্রকেতু অতিশয় প্রতাপশালী, ধার্ম্মিক ও প্রজাহিতৈষী ছিলেন। যে দিন বণিকের প্রতি অভিসম্পাত হইল সেই দিনই তস্করে চন্দ্রকেতুরাজার ধনাগার হইতে প্রচুর ধন অপহরণ করিয়া যে স্থানে সাধুসদাগর পুরী নির্ম্মাণ করিয়া বাস করিতেছিলেন সেই পুরীর নিকটবর্ত্তি পথে পৃষ্ঠদেশ অবলোকন করিয়া গমন করিতেছিল। তস্করেরা পশ্চাৎধাবিত রাজদূত সকলকে দর্শন করিয়া ভীত হইয়া অপহৃত ধন সমুদায় সেই সাধুসদাগরের বাটীর সম্মুখে সংস্থাপনপূর্ব্বক

অলক্ষিত হইল। রাজদূতগণ ক্রমে সদাগরের বাটীর নিকট উপস্থিত হইয়া সমস্ত ধন তথায় দর্শন করিল। তাহারা সাধুসদাগর ও তাহার জামাতাকে তস্কর নিশ্চয় করিয়া উভয়কে বন্ধনপূর্ব্বক মহাহর্ষযুক্ত হইয়া রাজসমীপে উপস্থিত করিল। দূতগণ রাজাকে দর্শন করিয়া বলিল, হে প্রভো! এই দুই দুষ্টতস্কর আপনার ধনাগার হইতে ধন অপহরণ করিয়াছিল, আমরা উহাদিগকে বন্ধন করিয়া সমস্তধনসহ আনিয়াছি, আপনি উহাদিগের দণ্ড বিধান করুন। রাজা অমাত্যবর্গের সহিত বিচার করিয়া উভয়কে দৃঢ়বন্ধনপূর্ব্বক কারাগারে বদ্ধ করিতে অনুমতি করিলেন, এবং সদাগরের গৃহ হইতে সমস্ত ধনাদি আনয়ন করিয়া নিজ ধনাগারে রাখিতে আদেশ করিলেন। বণিক্ ও তাঁহার জামাতা রাজার নিকট বারম্বার স্বীয় নিরপরাধ প্রমাণ করিতে চেষ্টা করিল, কিন্তু সত্যদেবের মায়ায় মুগ্ধ হইয়া রাজা চন্দ্রকেতু তাঁহাদিগের কথায় কর্ণপাত করিলেন না।

এদিকে বণিকের পত্নী সত্যনারায়ণদেবের অভিসম্পাতজনিত অতিশয় দুঃখ ও ক্লেশ ভোগ করিতেছেন। তাঁহার গৃহে যে সমস্ত ধন রত্নাদি ছিল তাহা সমুদয় দস্যুতে অপহরণ করিল। বণিক্‌পত্নী অবশেষে এরূপ দুরবস্থায় পতিত হইলেন যে তিনি অল্প কালের মধ্যে ব্যাধিযুক্তা এবং ক্ষুৎপিপাসায় পীড়িতা ও অন্নচিন্তায় কাতরা হইয়া নগরের গৃহে গৃহে ভ্রমণ করিতে লাগিলেন। দুঃখের আর সীমা পরিসীমা রহিল না। এমন কি জীবনান্ত হইবার সম্ভাবনা হইল।

একদা সদাগরকন্যা কলাবতী পল্লীতে ভ্রমণ করিতে করিতে

ক্ষুৎপিপাসায় কাতরা হইয়া এক ব্রাহ্মণের বাটীতে উপস্থিত হইল। তথায় দেখিল ব্রাহ্মণ বন্ধুবান্ধবসহিত সত্যনারায়ণ-দেবের পূজা করিতেছেন। ইহা দর্শন করিয়া তথায় উপবেশন পূর্ব্বক পূজাদর্শন, পরে সংযত হইয়া সত্যনারায়ণদেবের ব্রতকথা শ্রবণ করিয়া কায়মনোবাক্যে প্রার্থনা করিল যে হে সত্যনারায়ণ দেব! আমার পিতা ও ভর্ত্তা যেন বাণিজ্যে বিলক্ষণ লাভ করিয়া অতিশীঘ্র দেশে প্রত্যাগমন করেন। হে দেব! আমরা স্ত্রীজাতি সাতিশয় ক্লেশ ভোগ করিতেছি, যন্ত্রণা আর সহ্য করিতে পারিনা, পিতা ও ভর্ত্তা শীঘ্র গৃহে প্রত্যাগমন করিলে আমিও এই ব্রাহ্মণের ন্যায় তোমার পূজা ও ব্রতকথা ভক্তিপূর্ব্বক শ্রবণ করিব। এই প্রার্থনা করিয়া কলাবতী প্রসাদ গ্রহণপূর্ব্বক বাটী প্রত্যাগমন করিল। লীলাবতী কন্যাকে রাত্রিকালে অনুপস্থিতা দেখিয়া বারম্বার তিরস্কার করিয়া বলিতে লাগিলেন, রে পুত্রি! রাত্রিযোগে কোথায় গমন করিয়াছিলে? তোমার মনের ভাব কি আমার নিকট প্রকাশ করিয়া বল। কলাবতী মাতার ক্রোধ দর্শন করিয়া ভীতা হইয়া বলিতে লাগিল, হে মাতঃ! ব্রাহ্মণগৃহে অভীষ্টসিদ্ধিপ্রদ সত্যনারায়ণদেবের ব্রতকথা শ্রবণ করিতেছিলাম, সেইজন্য বিলম্ব হইয়াছে, আমি অন্য কোন স্থানেই গমন করি নাই। লীলাবতী, কন্যার বাক্য শ্রবণ করিয়া বিস্ময়ান্বিতা হইলেন, তখন সত্যনারায়ণদেবের পূজার কথা তাহার স্মরণ হইল। তিনি মনে মনে চিন্তা করিতে লাগিলেন, যে আমি সত্যনারায়ণদেবের পূজা করিতে প্রতিশ্রুত হইয়াছিলাম, তাহা করিতে একবারে বিস্মরণ হইয়াছি, সেই

জন্যই আমার এই দুর্দ্দশা হইয়াছে। লীলাবতী এইরূপ চিন্তা করিয়া সত্যনারায়ণদেবের পূজা করিতে কৃতসংকল্প হইলেন। তিনি পূজার আয়োজন করিয়া স্বজন এবং বন্ধুগণ মিলিত হইয়া প্রফুল্লিতান্তঃকরণে সত্যনারায়ণদেবের পূজা ও ব্রতকথা শ্রবণ করিলেন ও ভক্তিসহকারে প্রসাদগ্রহণকরিয়া সত্যনারায়ণদেবের নিকট বারম্বার প্রার্থনা করিলেন, হে দেব! আমার স্বামী ও জামাতা উভয়ে যেন শীঘ্র নিরাপদে গৃহে প্রত্যাগমন করেন। হে প্রভো! যদ্যপি তাঁহারা কোন কারণে আপনার নিকট অপরাধী হইয়া থাকেন, আপনি কৃপা করিয়া তাঁহাদিগের অপরাধ মার্জ্জনা করুন। আমিও নিতান্ত অপরাধিনী, আমার অপরাধ মার্জ্জনা করুন। আপনি ভিন্ন আমার এই সন্তপ্ত হৃদয়ে শান্তিদান করে এমন কাহারও সামর্থ্য নাই, হে দেব! আমি একান্ত শরণাপন্না, আমাকে মার্জ্জনা করুন। সত্যনারায়ণদেব বণিক্‌পত্নী লীলাবতীর ব্রতে সন্তুষ্ট হইয়া সেই রাত্রিযোগেই রত্নসারাধিপতি চন্দ্রকেতু রাজাকে স্বপ্নে জানাইলেন, হে নৃপশ্রেষ্ঠ! তোমার কারাগারে জামাতার সহিত যে বণিক্ বন্দী আছে, রাত্রিপ্রভাতমাত্রেই তাহাদিগকে মোচন করিবে, এবং তাহাদিগের যে ধনসম্পত্তি রাজকোষে অর্পণ করিয়াছ, তাহা দ্বিগুণ করিয়া দিবে। পরন্তু তাহাদিগকে যথাযথ সম্মানপূর্ব্বক নিজগৃহে প্রত্যাগমন করিতে আদেশ দিবে। যদ্যপি আমার বাক্য প্রতিপালন না কর, তাহা হইলে রাজ্য সহিত ধন ও পুত্রসমূহ সমূলে বিনাশ করিব। সত্যনারায়ণদেব রাজাকে স্বপ্নে এইরূপ জানাইয়া অন্তর্হিত হইলেন। পরদিন প্রাতঃ-

কালে রাজা চন্দ্রকেতু সভামধ্যে উপবিষ্ট হইয়া স্বপ্নকথা ব্যক্ত করিলেন এবং মন্ত্রণা করিয়া বণিক্‌দ্বয়কে মোচন করিয়া সভামধ্যে আনয়ন করিতে আদেশ করিলেন। দূত তৎক্ষণাৎ বণিক্‌দ্বয়কে কারামুক্ত করিয়া রাজসন্নিধানে আনয়নপূর্ব্বক রাজাকে কহিল, হে প্রভো! নিগড়বন্ধন মুক্ত করিয়া বণিক্‌দ্বয়কে রাজসমীপে আনয়ন করিয়াছি। রাজা চন্দ্রকেতু বণিক্‌দ্বয়কে দর্শন করিয়া নমস্কারপূর্ব্বক বলিলেন, হে সাধুবণিক্‌দ্বয়! দৈবযোগে স্বীয় কর্ম্মফলহেতু তোমরা উভয়ে অতিশয় কষ্ট পাইয়াছ, তোমাদিগের কোন ভয় নাই। সম্প্রতি ক্ষৌরকার্য্য ও স্নানাদি সমাপন করিয়া আমার নিকট আগমন কর। রাজা এই বলিয়া বণিক্‌দ্বয়কে দূতের সহিত প্রেরণ করিলেন। কিয়ৎক্ষণপরে তাহারা স্নানাদি করিয়া পুনরায় রাজসমীপে উপস্থিত হইলে রাজা চন্দ্রকেতু তাহাদিগকে স্বর্ণ ও রত্নালঙ্কারে বিভূষিত করিয়া বারম্বার শান্তনা করিলেন। অনন্তর তাহাদিগকে দ্বিগুণ ধনদান করিয়া বলিলেন, তোমরা উভয়ে নিরাপদে গৃহে প্রত্যাগমন কর। তখন বণিক্‌দ্বয় রাজাকে প্রণাম করিয়া বলিলেন, হে মহারাজ! আপনার বিচারে আমরা যারপর নাই সন্তুষ্ট হইয়াছি এবং আপনার অনুমতিক্রমে এক্ষণে আমরা উভয়ে গৃহে প্রত্যাগমন করিব, এই বলিয়া রাজাকে প্রণাম করিয়া প্রস্থান করিলেন। অনন্তর সদাগরদ্বয় পুনর্ব্বার অর্ণবযান সুসজ্জিত করিয়া এবং মঙ্গলাচরণপূর্ব্বক ব্রাহ্মণগণকে ধনদান করিয়া শুভক্ষণে স্বদেশাভিমুখে যাত্রা করিলেন। সদাগর কিয়-দ্দূর গমন করিলে পর প্রভু সত্যনারায়ণদেব দণ্ডিরূপ ধারণ

করিয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন, হে সাধো! তুমি কোথায় গমন করিতেছ? সদাগর ধনমদে মত্ত হইয়া অবহেলা পূর্ব্বক পরিহাস করিয়া বলিলেন, হে দণ্ডিন্! তুমি কে? এবং কি নিমিত্ত তুমি আমাকে জিজ্ঞাসা করিতেছ? তুমি কি আমার নিকট ধনাকাঙ্ক্ষী? দণ্ডী শ্রবণ করিয়া বলিলেন, আমি ধনের প্রত্যাশা করিনা, তোমার নৌকায় কি আছে জানিতে বড়ই কৌতূহলাক্রান্ত হইয়াছি। তখন সাধু দণ্ডিরূপী সত্যনারায়ণদেবকে পরিহাস করিয়া বলিলেন, আমার নৌকায় ধনরত্নাদি কিছুই নাই, কেবল লতা ও পত্রাদিতে পরিপূর্ণ। দণ্ডী বণিকের এই নিষ্ঠুর বাক্য শ্রবণ করিয়া ক্রোধান্বিত হইয়া বলিলেন, তোমার বাক্যই সত্য হউক, নৌকাতে লতা পত্রাদি ভিন্ন আর যেন কিছুই থাকেনা, এই বলিয়া দণ্ডী তথা হইতে শীঘ্র প্রস্থান করিলেন। তদনন্তর বণিক্ কিয়দ্দূর গমন করিয়া সাগরতীরে নৌকা বন্ধনপূর্ব্বক নিত্যক্রিয়া সমাধান করিলেন, পরে তরণীতে আরোহণ করিয়া অতি বিস্ময়ান্বিত হইলেন। দেখিলেন তরণীসকল লতাপত্রাদিতে পরিপূর্ণ, ধনরত্নাদি কিছুই নাই। বণিক্ এবং তাঁহার জামাতা উভয়ে মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন। কিয়ৎক্ষণপরে সংজ্ঞালাভ করিয়া অতীব চিন্তিত হইয়া অবস্থান করিতে লাগিলেন। তখন বণিকের জামাতা বলিল, হে মহাশয়! দুঃখ পরিত্যাগ করুন, এই যে সমস্ত লতা পত্রাদি দেখিতেছেন, ইহা সমস্তই সেই দণ্ডীর অভিশাপে হইয়াছে। আমি নিশ্চয় বলিতেছি, দণ্ডিরূপ ধারণ করিয়া স্বয়ং সত্যনারায়ণদেব আমাদিগকে ছলনা করিতে আসিয়াছিলেন।

আসুন আমরা সেই দণ্ডীর নিকট গমন করি, তাঁহার নিকট গমন করিলেই আমরা ঈপ্সিত ফল লাভ করিব। জামাতার এই বাক্য শ্রবণ করিয়া বণিক্ তাহার সহিত তীরে গমন করিলেন, এবং দণ্ডী যেস্থানে অবস্থিতি করিতেছিলেন তথায় উপস্থিত হইয়া দ্রুতবেগে তাঁহার চরণধারণপূর্ব্বক রোদন করিতে লাগিলেন, এবং বলিলেন, হে প্রভো! আমার অপরাধ মার্জ্জনা করুন, আমি ভ্রমবশতঃ আপনাকে না জানিতে পারিয়া আপনার ক্রোধ উৎপাদন করিয়াছি। হে দেব! আমি দুরাত্মা, আপনার মায়ায় মুগ্ধ হইয়া আপনাকে দুর্ব্বাক্য বলিয়াছি। আমি আপনার নিকট নিতান্ত অপরাধী হইয়াছি, আমাকে মার্জ্জনা করুন, আপনি ভিন্ন আমার আর গতি নাই। বণিক্ অতি বিহ্বল হইয়া সেই দণ্ডীর চরণ ধারণপূর্ব্বক বারম্বার রোদন করিতে লাগিলেন। অনন্তর দণ্ডী বণিক্‌কে অতি বিহ্বল ও দুঃখিত দেখিয়া বলিলেন, হে সদাগর! আমার বাক্য শ্রবণ কর, তুমি দুর্বুদ্ধিবশতঃ আমাকে অবজ্ঞা করিয়া আমার পূজায় পরাঙ্মুখ হইয়াছ। তুমি ধনমদে মত্ত হইয়া প্রতিজ্ঞাভ্রষ্ট হইয়াছ, সেই জন্যই এত ক্লেশ পাইতেছ। তখন সদাগর সেই দণ্ডীর কথা শ্রবণ করিয়া অতি বিনীত ভাবে তাঁহার স্তব করিতে লাগিলেন। হে প্রভো! ব্রহ্মাদিদেবগণ আপনার শক্তিস্বরূপিণী মহামায়ায় বিমোহিত হইয়া আপনার রূপ ও গুণের মাহাত্ম্য প্রকাশ করিতে পারেন্ না, আমি অতিমূঢ়মতি, ভক্তিবিহীন মনুষ্য হইয়া আপনার অচিন্তনীয় মাহাত্ম্য কি রূপে অবগত হইব। আমি মায়ায় মুগ্ধ হইয়া আপনাকে অবজ্ঞা করিয়াছি, সেই জন্যই আমি এই রূপ

দুরবস্থায় পতিত হইয়াছি, হে দেব! আমি আপনার একান্ত শরণাপন্ন, প্রসন্ন হইয়া আমার অপরাধ মার্জ্জনা করুন, আমি যথাসাধ্য বিভবদ্বারা ভক্তিসহকারে আপনার পূজা করিব। জনার্দ্দন, বণিকের স্তবে সন্তুষ্ট হইয়া তাহাকে বাঞ্ছিত বরদান করিয়া অন্তর্হিত হইলেন। পরে বণিক্ নৌকায় আরোহণ করিয়া দেখিলেন নৌকাসকল রত্নাদিতে পরিপূর্ণ। তখন তিনি মনে করিলেন সত্যদেবের কৃপায় আমি বাঞ্ছিত ফল প্রাপ্ত হইয়াছি। তৎপরে বণিক্ স্বজনের সহিত যথাবিধি সত্যদেবের পূজা করিয়া অতিবেগে নৌকাসঞ্চালনপূর্ব্বক স্বদেশাভিমুখে যাত্রা করিলেন।

কিছুদিন পরে সদাগর জামাতার সহিত হৃষ্টচিত্তে স্বদেশে উপস্থিত হইলেন এবং তরণীসকল ঘাটে রক্ষা করিয়া জামাতাকে বলিলেন, হে বৎস! সত্যদেবের কৃপায় আমরা নিরাপদে স্বদেশে উপস্থিত হইলাম, ঐ আমার পুরী দর্শন কর, এক্ষণে এক জন দূতদ্বারা বাটীতে সংবাদ প্রেরণ করা উচিত। জামাতা এই বাক্য শ্রবণ করিয়া তৎক্ষণাৎ একজন দূত বাটীতে পাঠাইলেন। দূত নগরমধ্যে প্রবেশ করিয়া সাধুসদাগরের বাটীতে উপস্থিত হইল এবং সদাগরের ভার্য্যাকে দেখিয়া কৃতাঞ্জলিপুটে নমস্কার করিয়া বলিল, হে মাতঃ! সাধুসদাগর জামাতা ও বন্ধুবর্গের সহিত বহু ধন লইয়া এই নগরের ঘাটে উপস্থিত হইয়াছেন, আপনারা অভিবাদন পূর্ব্বক তাঁহাদিগকে বাটীতে আনয়ন করুন। দূতমুখে এইবাক্য শ্রবণ করিয়া বণিক্‌ভার্য্যা মহাহর্ষযুক্তা হইলেন এবং সেইস্থানে সত্যদেবের পূজা করিয়া কন্যা কলাবতীকে সম্বোধনপূর্ব্বক

বলিলেন,হে বৎসে! শীঘ্র আইস, ঘাটে সদাগর জামাতার সহিত প্রত্যাগমন করিয়াছেন, তাঁহাদিগকে দর্শনার্থে গমন করিব। সাধুকন্যা এই কথা শ্রবণ করিয়া আনন্দে একান্ত বিহ্বলা হইয়া মাতার সহিত পিতা ও ভর্ত্তাকে দর্শনার্থ গমন করিলেন। কিন্তু কালের কি বিচিত্র গতি! কাল উপস্থিত হইলে বিধির বিড়ম্বনা কেহই খণ্ডন করিতে সমর্থ হয় না। যে সময়ে কন্যা কলাবতী মাতার সহিত গমন করিতেছিলেন,সেই সময়ে তিনি সত্যনারায়ণ দেবের প্রসাদগ্রহণ করিয়াছিলেন, কিন্তু পিতা ও ভর্ত্তার আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া আনন্দে বিহ্বলা হইয়া প্রসাদ পরিত্যাগপূর্ব্বক গমন করিয়াছিলেন, সেই কারণে সত্যদেব তাঁহার প্রতি নিতান্ত ক্রোধাবিষ্ট হইলেন, এবং তৎক্ষণাৎ বণিক্‌জামাতা, রত্নাদি পরিপূরিত তরণীর সহিত সেই অগাধ জলধিতলে নিমগ্ন হইলেন। সাধুভার্য্যা ও কন্যা ইত্যবসারে সেইস্থানে উপস্থিত হইয়া দেখি-লেন, সাধুসদাগর ও তাঁহার বন্ধুগণ অন্য তরণীতে দণ্ডায়মান হইয়া রোদন করিতেছেন। সাধুপত্নী ও কলাবতী জামাতার ও ভর্ত্তার নিধন বার্ত্তা শ্রবণ করিয়া হাহাকার শব্দ করিয়া রোদন করিতে করিতে ভূতলে পতিত হইলেন। কন্যার বিবিধ বিলাপ শ্রবণ করিয়া সাধু ও তাঁহার ভার্য্যা শোকে নিতান্ত অভিভূত হইলেন। তখন সাধু বলিতে লাগিলেন, হে সত্যদেব! আপনার কৃপায় অনেক বিঘ্ন ও বাধা অতিক্রম করিয়া বহুকাল পরে স্বদেশে প্রত্যাগমনপূর্ব্বক কোথায় আজ ভার্য্যা, কন্যা ও স্বজনগণ মিলিত হইয়া আপনার পূজা এবং আনন্দোৎসব করিব, না বাটীতে উপস্থিত না হইতেই

তরণীসহ জামাতা জলে নিমগ্ন হইলেন। হে বিধাতঃ! ইহা অপেক্ষা রত্নসারনগরে আমাদিগের যাবজ্জীবন কারারুদ্ধ থাকা ভাল ছিল। হে সত্যদেব! আপনার কৃপায় আমি পুনরায় তরণীসকলের মধ্যে লতা পত্রাদির স্থানে বহুরত্ন প্রাপ্ত হইয়াছিলাম এবং আপনারই কৃপায় আজ স্বদেশে নিরাপদে আগমন করিয়াছি,এক্ষণে কোন্ পাপে আমার এ সর্ব্বনাশ উপস্থিত হইল! এই বলিয়া বহুবিধ বিলাপ করিতে লাগিলেন। এদিকে সাধুপত্নী কন্যাকে স্বীয় ক্রোড়ে লইয়া রোদন করিতে লাগিলেন এবং বলিতে লাগিলেন, হে সত্যদেব! আমরা আপনার কোপনয়নে পতিত হইয়া নানাবিধ ক্লেশ পাইয়াছিলাম এবং আপনারই কৃপায় সর্ব্বদুঃখ হইতে বিমুক্ত হইয়াছিলাম, তবে আজ কোন্ পাপে আমার এই সর্ব্বনাশ হইল। আজ কোথায় আমি পতি ও জামাতাকে বহুদিবসের পর প্রাপ্ত হইয়া আনন্দোৎসব করিব, না একেবারে আমাদিগকে চিরদুঃখিনী করিলেন, এই বলিয়া নানাবিধ দুঃখ প্রকাশ করিতে লাগিলেন। কলাবতী স্বামীশোকে একান্ত বিহ্বলা হইয়া রোদন করিতে লাগিলেন এবং বলিতে লাগিলেন, হে নাথ! তুমি কি কারণে নৌকার সহিত অলক্ষিত হইলে? আমি স্ত্রীজাতি,জানিনা কোন্ দৈবকর্ত্তৃক তুমি অপহৃত হইলে। আমরা বারম্বার সত্যদেবের পূজা করিয়াছি, তাহাতে আমাদিগের মনোবাঞ্ছা পূর্ণ হইয়াছিল। আজ তোমার আগমনবার্ত্তা শ্রবণ করিয়া যেন মৃতদেহে পুনর্জ্জীবন প্রাপ্ত হইয়াছিলাম, কিন্তু কোন্ অপরাধে আমাকে চিরকালের জন্য পরিত্যাগ করিলে! অনন্তর কলাবতী স্বামীশোকে নিতান্ত

দুঃখিতা হইয়া পতির পাদুকা বক্ষে ধারণপূর্ব্বক পতির অনুগমন করিতে ইচ্ছা করিলেন। সমস্ত লোক কলাবতীর ঈদৃশ শোকবিহ্বলতা দেখিয়া হাহাকার করিতে লাগিল। তখন সাধুসদাগর ভার্য্যার সহিত সত্যদেবকে বারম্বার নমস্কার করিয়া বলিতে লাগিলেন, হে সত্যদেব! আমাদিগকে অনেক বিপদ হইতে কৃপা করিয়া উদ্ধার করিয়াছেন, এক্ষণে জামাতাকে পুনর্জ্জীবন প্রদান করুন, আমরা যথাসাধ্য আপনার পূজা করিব। আমরা বিষম বিপদে পতিত হইয়াছি,আমাদিগকে উদ্ধার করুন। আপনি ভিন্ন এবিপদ হইতে আমাদিগকে কে আর উদ্ধার করিবে? হে প্রভো! আপনি সর্ব্বান্তর্যামিন্, আমাদিগের মনের ভাব সকলি জানিতে পারিতেছেন। হে মধুসূদন! লোকে আপনাকে বিপদভঞ্জন মধুসূদন বলে, যে হেতু আপনি লোকের বিপদ নাশ করেন, অতএব হে প্রভো! আপনাকে নমস্কার করি, আপনি কৃপা করিয়া আমাদিগকে এই বিপদ হইতে উদ্ধার করুন। এইরূপ বারম্বার স্তব করিতে লাগিলেন। সত্যনারায়ণদেব বণিকের স্তবে পরিতুষ্ট হইয়া আকাশপথ হইতে দৈববাণীক্রমে বলিলেন, তোমার কন্যা পতির আগমনবার্ত্তা শ্রবণ করিয়া আনন্দে বিহ্বলা হইয়া আমার প্রসাদ পরিত্যাগপূর্ব্বক সাগরতীরে পতি সন্দর্শনে গমন করিয়াছিল, সেই পাপে তোমার জামাতা তরণীসহ জলে নিমগ্ন হইয়াছেন। হে বণিক্! তোমার কন্যা শীঘ্র গৃহে গমন করিয়া সেই পরিত্যক্ত প্রসাদ ভোজন করুক, তাহার পর পুনরায় সাগরতীরে আসিলে তোমার জামাতাকে দেখিতে পাইবে। গগনমণ্ডল হইতে সেই প্রাণপ্রিয়

বাক্য শ্রবণ করিয়া বণিক্‌কন্যা তৎক্ষণাৎ গৃহে গমন করিয়া পরিত্যক্ত প্রসাদ গ্রহণ করিলেন এবং পুনরায় সাগরতীরে স্বজনের সহিত আসিয়া নৌকায় পতিকে দর্শন করিলেন। তখন তাঁহারা সকলে মিলিত হইয়া সত্যনারায়ণদেবকে পুনঃ পুনঃ নমস্কার করিতে লাগিলেন এবং লোকে এই সকল ব্যাপার দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইয়াছিল। তদনন্তর বণিক্, ভার্য্যা, কন্যা, জামাতা এবং বন্ধুগণের সহিত নিজ গৃহে গমনপূর্ব্বক সত্যনারায়ণদেবের পূজা করিয়া ব্রাহ্মণগণকে প্রচুর ধনদান করিলেন। পরে স্বীয়গৃহে পরিবারসহ সুখে কালযাপন করিয়া দেহান্তে বৈকুণ্ঠধামে গমন করিলেন। লোকে পৌর্ণমাসী বা সংক্রান্তি দিবসে সত্যনারায়ণদেবের পূজা করিলে ইহলোকে সুখসম্ভোগ করিয়া দেহান্তে সত্যদেবপুরী গমন করে।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গতরেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণব্রতকথায়াং বণিক্‌সাধুমোক্ষবর্ণনো নাম তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ॥

চতুর্থ অধ্যায়।

শৌনকাদি ঋষিগণ সূতমুখে এই অপূর্ব্ব আখ্যান শ্রবণ করিয়া তাঁহাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, হে মুনিপুঙ্গব! আপনার মুখনিঃসৃত এই অপূর্ব্ব সত্যনারায়ণদেবের ইতিহাস শ্রবণ করিয়া আমরা যারপর নাই চরিতার্থ হইলাম। আপনার মুখনিঃসৃত বাক্যামৃতপান করিয়া আমাদিগের শ্রবণেচ্ছা অধিকতর পরিবর্দ্ধিত হইতেছে, যদ্যপি আর কোন উপাখ্যান থাকে, তাহা আমরা শুনিতে ইচ্ছা করি, কৃপা করিয়া বর্ণন করুন।

সূত বলিলেন, আমি অন্য আখ্যান বলিতেছি। হে ঋষিশ্রেষ্ঠগণ! আপনারা শ্রবণ করুন। বংশধ্বজনামক রাজা সত্যদেবের প্রসাদ পরিত্যাগ করিয়া যেরূপ কষ্ট পাইয়াছিলেন তাহা বর্ণন করিতেছি, আপনারা সমাহিতচিত্তে শ্রবণ করুন।

একদা প্রজাপালনতৎপর, ধর্ম্মপরায়ণ রাজা বংশধ্বজ মৃগয়ার্থে বনে গমন করেন। তথায় বিবিধ মৃগ বিনাশ করিয়া শ্রমাপনোদন করিবার অভিলাষে প্রত্যাগমনকালীন এক বটবৃক্ষ-মূলে উপবেশন করিলেন। কিয়ৎক্ষণপরে রাজা দেখিলেন, কিয়দ্দূরে নগরবাসী গোপসকল মিলিত হইয়া সত্যদেবের পূজা করিতেছে। রাজা উহা দর্শন করিয়াও পূজা দর্শন করিতে অভিলাষ করিলেন না। এদিকে গোপগণ পূজার পর রাজাকে দেখিয়া সসম্ভ্রমে সত্যদেবের প্রসাদ লইয়া রাজসন্নিধানে উপস্থিত হইল। রাজাকে অভিবাদনপূর্ব্বক প্রসাদ তথায় সংস্থাপন করিয়া পুনর্ব্বার পূজার স্থানে প্রত্যাগমন করিল। সকলেই সেই ঈপ্সিতফলপ্রদ সত্যদেবের প্রসাদ ভোজন করিয়া স্ব স্ব গৃহে গমন করিল। রাজা বংশধ্বজ দুর্ভাগ্য-বশতঃ গোপগণকে ঘৃণা করিয়া সত্যদেবের প্রসাদ পরিত্যাগ করিয়া স্বীয় নগরে প্রত্যাগমন করিলেন। সেই দিবস হইতেই রাজা সত্যদেবের কোপদৃষ্টিতে পতিত হইলেন। কিছুকাল পরে রাজা বংশধ্বজের শতপুত্র বিনষ্ট হইল, এবং তিনি অতিকষ্টে দিন যাপন করিতে লাগিলেন। এক দিবস রাজা মনে মনে চিন্তা করিতে লাগিলেন, কোন্ দোষে আমার এই সর্ব্বনাশ ঘটিল। আমি জ্ঞানপূর্ব্বক জগদীশ্বরের নিকট কোন

দোষ করি নাই, তবে কি নিমিত্ত আমার এই বিপদ্ হইল। এইরূপ চিন্তা করিয়া স্থির করিলেন, যে মৃগয়ার্থে বনে গমন করিয়া গোপগণদত্ত সত্যদেবের প্রসাদ পরিত্যাগ করিয়াছিলাম, সেই অপরাধেই আমার এই সমস্ত বিপদ উপস্থিত হইয়াছে। অতএব আমি গোপগণসমীপে উপস্থিত হইয়া তাহাদিগের সহিত সেই বনমধ্যে প্রবেশ করিয়া ভক্তিপূর্ব্বক সত্যদেবের পূজা করিব এবং তাঁহার প্রসাদ গ্রহণ করিব। রাজা মনে মনে এই স্থির করিয়া এক দিবস গোপগণ নিকটে গমন করিলেন এবং স্বীয় মনের ভাব তাহাদিগের নিকট ব্যক্ত করিলেন। গোপগণ রাজার কথা শ্রবণ করিয়া পূজার উপচার গ্রহণপূর্ব্বক রাজাকে সমভিব্যাহারে লইয়া যে স্থানে সত্যদেবের পূজা করিয়াছিল তথায় উপস্থিত হইয়া ভক্তিপূর্ব্বক সত্যদেবের পূজা তৎপরে প্রসাদ গ্রহণপূর্ব্বক স্ব স্ব বাটীতে প্রত্যাগমন করিল। সত্যদেবের কৃপায় অতি অল্প কালের মধ্যে রাজা বহু পুত্রবান হইলেন এবং ধনধান্য লাভ করিয়া অতুল ঐশ্বর্য্যশালী হইলেন। সত্যদেবের প্রসাদে এজগতে রাজা বংশধ্বজ বিপুল সুখসম্ভোগ করিয়া অন্তে বৈকুণ্ঠধামে গমন করিয়াছিলেন।

যে ব্যক্তি এই পরম দুর্লভ সত্যনারায়ণদেবের কথা ভক্তি-পূর্ব্বক শ্রবণ করে, সত্যনারায়ণদেবের প্রসাদে সে ব্যক্তি সমস্ত দুঃখ হইতে বিমুক্ত হয়, দরিদ্রের দুঃখ মোচন হয়, বন্ধন ও ভয় হইতে মুক্তিলাভ করে এবং বাঞ্ছিতফল লাভ করিয়া পরে সত্য-পুরে গমন করে। হে ঋষিশ্রেষ্ঠগণ! যে সত্যনারায়ণদেবের পূজা

করিলে মানবগণ ঈপ্সিতফললাভ করে সেই উপাখ্যান তোমা-দিগের নিকট বর্ণন করিলাম। সেই সত্যদেব নানারূপ ধারণ করিয়া সমস্ত জীবের ঈপ্সিত ফল প্রদান করিয়া থাকেন। বিশেষতঃ কলিযুগে জীবের দুঃখ বিমোচন হইবার আর কোন উপায় নাই, কেবল সত্যদেবের পূজা এবং ব্রতকথা শ্রবণ করিয়া প্রসাদ গ্রহণ করিলেই নিশ্চয় লোকে দুঃখ হইতে বিমুক্ত এবং পবিত্র ও হরিপরায়ণ হইবে। হে ঋষিশ্রেষ্ঠগণ! যে স্থানে সত্যনারায়ণদেবের কথা পাঠ হয় সেই স্থান পুণ্যভূমি হয় এবং যাহারা শ্রবণ করে তাহারা সত্যদেবের প্রসাদে সমস্ত পাপ হইতে নিস্তার লাভ করে।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গতরেবাখণ্ডে সত্যনারায়ণব্রতকথায়াং চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

ইতি শ্রীসত্যনারায়ণব্রতকথা সমাপ্তা।

অনন্তর পরিমাণে (ওজনে) সপাদ অর্থাৎ সওয়া পোয়া, সওয়াসের ইত্যাদি ঘৃত, ক্ষীর অথবা দুগ্ধ, গোধূমচূর্ণ কিম্বা শালিচূর্ণ, শর্করা অভাবে গুড়, এবং রম্ভাফল একত্র করিয়া সত্য-নারায়ণদেবকে নিবেদন করিবে। সমর্থ হইলে ইহার পর হোম করা বিধি। অবশেষে আরতি করিয়া দক্ষিণান্ত করিবে। যথা—

বিষ্ণুরোমদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীসত্যনারায়ণপ্রীতিকামনয়া কৃতৈতৎসত্যনারায়ণপূজাতৎকথা-শ্রবণাদিকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং শ্রীসত্যনারায়ণায় তুভ্যমহং সম্প্রদদে। পরে অচ্ছিদ্রাব-ধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

অচ্ছিদ্রাবধারণ। যথা—

ওমস্তকৃতৈতৎশ্রীসত্যনারায়ণপূজাতৎকথাশ্রবণাদিকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

বৈগুণ্যসমাধান। যথা—

ওমস্তকৃতেঽস্মিন্ শ্রীসত্যনারায়ণপূজাতৎকথাশ্রবণাদিকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ।

ইতি শ্রীসত্যনারায়ণব্রতং সমাপ্তং।

অথ শিবরাত্রিব্রতং।

গৌণফাল্গুনমাসে কৃষ্ণপক্ষে চতুর্দ্দশীতিথিতে রাত্রিকালে শিবরাত্রিব্রত করা বিধি।

পূর্ব্বদিনে সংযম (হবিষ্যান্নাদিভক্ষণ) করিয়া পরদিন প্রাতঃকালে প্রাতঃকৃত্যাদি সমাপনানন্তর স্নান করিয়া উত্তরমুখে বিহিতাসনে উপবেশন করিবে। পরে দুই বার আচমন, সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি * ও গণেশাদি পঞ্চদেবতার পূজা করিয়া স্বস্তিবাচন † করিবে। স্বস্তিবাচনে "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শিবরাত্রিব্রতকর্ম্মণি" ইত্যাদি উল্লেখ করিবে। পরে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ‡ পাঠ করিবে।

তৎপরে তাম্রাদিপাত্রে (কোশাতে) কুশ (ত্রিপত্র) পুষ্প, ফল, তিল, জল লইয়া এই সকল মন্ত্র পাঠ করিবে। যথা—

---

* সাধারণবিধিতে দ্রষ্টব্য।

† সাধারণবিধিতে দ্রষ্টব্য।

‡ সাধারণবিধিতে দ্রষ্টব্য।

ওঁ তৎসৎ—

ওঁ সূর্য্যঃসোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃক্ষপা।
পবনোদিক্‌পতির্ভূমি রাকাশং খচরা নরাঃ।
ব্রাহ্মং শাসন মাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং॥

পরে সংকল্পবাক্য পাঠ করিবে। যথা—

* ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য ফাল্গুনেমাসি কৃষ্ণে পক্ষে চতুর্দ্দশ্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীশিবপ্রীতিকামঃ শিবরাত্রিব্রতকর্ম্মাহং করিষ্যে। এই সকল পাঠ করিয়া তাম্রপাত্রের জল অন্যপাত্রে প্রক্ষেপপূর্ব্বক স্বস্ববেদীয়সংকল্পসূক্ত † পাঠ করিবে।

প্রাতঃকালে ত্রয়োদশীতিথি থাকিলে "ত্রয়োদশ্যাং তিথাবারভ্য" বলিবে। পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ শিবরাত্রিব্রতঞ্চৈতৎ করিষ্যেঽহং মহাফলং।
নির্ব্বিঘ্নমস্তু মে চাত্র ত্বৎপ্রসাজ্জগৎপতে॥

প্রাতঃকালে এই রূপ সংকল্প করিয়া সংযতভাবে ঈশ্বর চিন্তায় দিন যাপন করিবে।

পরে রাত্রিতে পার্থিবশিবলিঙ্গপূজার বিধি অনুসারে চারি প্রহরে চারিবার শিবের পূজা করিবে কিন্তু বিশেষ এই পার্থিব শিবলিঙ্গপূজায় প্রদর্শিত প্রাণপ্রতিষ্ঠা পর্য্যন্ত কার্য্য করিয়া

---

* স্ত্রী ও শূদ্র "প্রণব" স্থানে "নমঃ" বলিবে। স্ত্রীলোক "অমুকদেবশর্ম্মা" স্থানে "অমুকীদেবী, অথবা অমুকীদাসী" বলিবে। শূদ্র "অমুকদাসঃ" বলিবে।

† জন্মাষ্টমী পূজায় দ্রষ্টব্য।

প্রথমে দুগ্ধাদি ও জলদ্বারা স্নান করাইবে পরে অর্ঘ্য দিয়া দশোপচারদ্বারা পূজা করিবে *। তৎপরে অন্যান্য কার্য্য বিধিমত করিবে।

প্রথমপ্রহরে।

স্নানমন্ত্রঃ।

দুগ্ধদ্বারা স্নান করাইবে।

মন্ত্রঃ—হৌং ঈশানায় নমঃ।

পুনর্ব্বার উক্ত মন্ত্র পাঠ করিয়া জলদ্বারা স্নান করাইবে। পরে অর্ঘ্য দিবে। যথা—

অর্ঘ্যমন্ত্রঃ।

ওঁ শিবরাত্রিব্রতং দেব পূজাজপপরায়ণঃ।
করোমি বিধিবদ্দত্তং গৃহাণার্ঘ্যং মহেশ্বর॥

দ্বিতীয়প্রহরে।

স্নানমন্ত্রঃ।

দধিদ্বারা স্নান করাইবে।

মন্ত্রঃ—হৌং অঘোরায় নমঃ।

পুনর্ব্বার উক্ত মন্ত্র পাঠ করিয়া জলদ্বারা স্নান করাইবে। অনন্তর অর্ঘ্য দিবে। যথা—

* পাষাণাদিগঠিত প্রতিষ্ঠিত শিবলিঙ্গ পূজা করিলে প্রাণপ্রতিষ্ঠাদি করিবে না।

অর্ঘ্যমন্ত্রঃ।

ওঁ নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং প্রসীদ উময়া সহ॥

তৃতীয়প্রহরে।

স্নানমন্ত্রঃ।

ঘৃতদ্বারা স্নান করাইবে।

মন্ত্রঃ—হৌং বামদেবায় নমঃ।

পুনর্ব্বার উক্ত মন্ত্র পাঠ করিয়া জলদ্বারা স্নান করাইবে। পরে অর্ঘ্য দিবে। যথা—

অর্ঘ্যমন্ত্রঃ।

দুঃখদারিদ্র্যশোকেন দগ্ধোঽহং পার্ব্বতীশ্বর।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্য মুমাকান্ত প্রসীদ মে॥

চতুর্থপ্রহরে।

স্নানমন্ত্রঃ।

মধুদ্বারা স্নান করাইবে।

মন্ত্রঃ—হৌং সদ্যোজাতায় নমঃ।

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া জলদ্বারা স্নান করাইবে। অনন্তর অর্ঘ্য দিবে। যথা—

অর্ঘ্যমন্ত্রঃ।

ময়াকৃতান্যনেকানি পাপানি হর শঙ্কর।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্য মুমাকান্ত গৃহাণ মে॥

এইরূপে রাত্রিতে পূজাকার্য্য সমাপন করিয়া পরদিন প্রাতঃকালে স্নানাদিপ্রাতঃকৃত্য ও একটি শিবপূজা করিয়া নিম্নোক্ত মন্ত্র সকল পাঠ করিবে।

অবিঘ্নেন ব্রতং দেব ত্বৎপ্রসাদাৎ সমর্পিতং।
ক্ষমস্ব জগতাং নাথ ত্রৈলোক্যাধিপতে হরে॥
যন্ময়াদ্য কৃতং পুণ্যং তদ্রুদ্রস্য নিবেদিতং।
ত্বৎপ্রসাদান্ময়া দেব ব্রতমদ্য সমর্পিতং॥
প্রসন্নো ভব মে শ্রীমন্ মদ্ভূতিং প্রতিপদ্যতাং।
তদালোকনমাত্রেণ পবিত্রোঽহস্মি ন সংশয়ঃ॥

পরে পূজিতশিবলিঙ্গ বিসর্জ্জন করিয়া ব্রতকথা শ্রবণ করিবে।

অথ শিবরাত্রিব্রতকথা।

পুরা কৈলাসশিখরে সর্ব্বরত্নবিভূষিতে।
দেবদানবগন্ধর্ব্বসিদ্ধচারণসেবিতে॥
অপ্সরোভিঃ পরিবৃতে নৃত্যন্তীভিঃ রিতস্ততঃ।
সর্ব্বর্ত্তুকুসুমাকীর্ণে সর্ব্বর্ত্তুফলশোভিতে॥
স্থিরচ্ছায়াদ্রুমাকীর্ণে সন্তানকবনাবৃতে।
পারিজাতপ্রসূনোত্থগন্ধামোদিতদিঙ্মুখে॥
আকাশগঙ্গাসলিলতরঙ্গগণনাদিতে।
ত্রৈগুণ্যললিতৈশ্চারুমরুদ্ভিরুপবীজিতে॥
ব্রহ্মর্ষিবদনোদ্ভূতবেদধ্বনিনিনাদিতে।
উবাস সুচিরং প্রীতো ভবো গিরিজয়া সহ॥
সুখোষিতা কদাচিত্তু দেবী পপ্রচ্ছ শঙ্করং॥

দেব্যুবাচ।

কর্ম্মণা কেন ভগবন্ ব্রতেন তপসাপি বা।
ধর্ম্মার্থকামমোক্ষাণাং হেতুস্ত্বং পরিতুষ্যসি॥
ইতি দেব্যা বচঃ শ্রুত্বা ভগবান্ শঙ্করোঽব্রবীৎ॥

শ্রীভগবানুবাচ।

ফাল্গুনে কৃষ্ণপক্ষস্য যা তিথিঃ স্যাচ্চতুর্দ্দশী।
তস্যাং যা তামসী রাত্রিঃ সোচ্যতে শিবরাত্রিকা॥
তত্রোপবাসং কুর্ব্বাণঃ প্রসাদয়তি মাং ধ্রুবং।
ন স্নানেন ন বস্ত্রেণ ন ধূপেন ন চার্চ্চয়া॥
তুষ্যামি ন তথা পুষ্পৈর্যথা তত্রোপবাসতঃ।
ত্রয়োদশ্যাং কৃতস্নানো ব্রহ্মচারীসমাহিতঃ॥
নিরামিষং হবিষ্যং বা সকৃৎ ভুঞ্জীত নান্যথা।
মন্নাম সংস্মরন্ রাত্রৌ শয়িতঃ স্থণ্ডিলে কুশে॥
রাত্রিশেষে সমুত্থায় কুর্য্যাদাবশ্যকং ততঃ।
সন্ধ্যামুপাস্য বিধিবদ্ বিল্বপত্রাণ্যুপার্জ্জয়েৎ॥
ততোনিত্যক্রিয়াং কৃত্বা সন্ধ্যাঞ্চোপাস্য পশ্চিমাং।
নদ্যাদৌ স্থণ্ডিলে বাপি লিঙ্গে বা স্থাবরে চরে॥
বিল্বপত্রৈ র্বিনির্ম্মায়াথ লিঙ্গপীঠং প্রযত্নতঃ।
একতঃ সর্ব্বপুষ্পং স্যাৎ বিল্বপত্রং তথৈকতঃ॥
মণিমুক্তাপ্রবালৈশ্চ স্বর্ণপুষ্পাদিভিস্তথা।
ন তথা জায়তে প্রীতি র্বিল্বপত্রৈ র্যথা মম॥
প্রহরে প্রহরে স্নানং পূজাঞ্চৈব বিশেষতঃ।
দুগ্ধেন প্রথমং স্নানং দধ্না চৈব দ্বিতীয়কে॥

তৃতীয়েন তথাজ্যেন চতুর্থে মধুনা তথা
পঞ্চাক্ষরবিধানেন মূলমন্ত্রেণ চৈব হি॥
পূজয়েন্মাং সদা ভক্ত্যা নৃত্যগীতাদিভির্নরাঃ।
অপরেহ্ন্যু স্ততো বিপ্রান্ মম ভক্তান্ শুভব্রতান॥
ভোজয়িত্বা তথাভ্যর্চ্চ্য পারণং স্বয়মাচরেৎ।
এবমেতৎ ব্রতং দেবী মম প্রীতিকরং শুভং॥
যজ্ঞদানং তপাংস্যাস্ত কলাং নার্হন্তি ষোড়শীং।
এতদ্ব্রতপ্রভাবেন গাণপত্যমবাপ্নুয়াৎ॥
সপ্তদ্বীপেশ্বরঃ পৃথ্ব্যাং জায়তে কামচারতঃ।
তিথে রস্যাশ্চ মাহাত্ম্যং কথ্যমানং ময়া শৃণু॥
অস্তি বারাণসী নাম পুরী সর্ব্বগুণৈর্যুতা।
ব্যাধস্তত্র বসেদ্ঘোরঃ সর্ব্বদা প্রাণিহিংসকঃ॥
খর্ব্বকৃষ্ণবপুঃক্রূরঃপিঙ্গাক্ষঃ পিঙ্গকেশকঃ।
বাগুরাপাশশৈল্যাদিপ্রপূরিতগৃহান্তরং॥
স একদা বনং গত্বা হত্বা চ বিবিধান্ পশূন্।
মাংসভারং বহন্ গেহং স্বকীয়ং গন্তুমুদ্যতঃ॥
সোঽসমর্থস্তু তং ভারং বোঢ়ুংশ্রান্তো বনান্তরে।
বিশ্রামহেতোঃ সুষ্বাপ মূলে বৈ কস্যচিত্তরোঃ॥
অথাস্তমগমৎ সূর্য্যো নিশাভূৎ সুভয়প্রদা।
তত উত্থায় সোপশ্যৎ ন কিঞ্চিত্তিমিরাবৃতং॥
হস্তামর্ষবশাত্তত্র বৃক্ষে শ্রীফলসংজ্ঞকে।
লতা পাশৈর্বহুবিধৈর্মাংসভারং ববন্ধ সঃ॥

তমেব বৃক্ষকোত্তস্থো মূলে শ্বাপদভীষিতে।
শিতার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ কম্পান্বিতকলেবরঃ॥
জজাগার তদারাত্রৌ প্লুতো নিহারবারিণা।
দৈবযোগাচ্চ তন্মূলে লিঙ্গং তিষ্ঠতি মামকং॥
শিবরাত্রিতিথিঃ সাচ নিরাহারশ্চ লুব্ধকঃ।
অথ তদ্দেহসংসর্গী হিমপাতো মমোপরি॥
যজ্ঞে তদা বরারোহে ভগ্নপত্রচ্যুতিঃ ক্ষণাৎ।
তস্য তেনৈবভাবেন মম তোষো মহানভূৎ॥
তিথিমাহাত্ম্যতো দেবী বিল্বপত্রস্য চেশ্বরী।
ন স্নানং ন তথা পূজা ন নৈবেদ্যাদিসম্ভবঃ॥
তথাপি তিথিমাহাত্ম্যাত্তত্র মেহর্চ্চা মহাফলা।
ততঃপ্রভাতে বিমলে গতোহসৌ নিজমন্দিরং॥
কদাচিদায়ুষঃ শেষে যমদূতস্তমভ্যাগাৎ।
বদ্ধ্বা কামস্ত তং দূতং পাশেন বিবিধেন চ॥
পুরুষো বারয়ামাস মদীয়ো মন্নিয়োগতঃ।
অথোভয়ো র্ব্যাধহেতোঃ কলহশ্চ মহানভূৎ॥
অথাহতো মদীয়েন দূতেন যমকিঙ্করঃ।
যমং সমানয়ামাস মৎপুরদ্বারমুত্তমং॥
দৃষ্ট্বা তু নন্দিনং তত্র সর্ব্বামকথয়ৎ কথাং।
ব্যাধস্য চ কুকর্ম্মত্বং যাবজ্জীবং তমব্রবীৎ॥
তৎশ্রুত্বা তস্য সর্ব্বজ্ঞো বচনং নন্দিকেশ্বরঃ।
ব্যাধস্য তদ্দিনে কর্ম্ম শ্রাবয়াসাস তং যমং॥

এবমেব ন সন্দেহো যাবজ্জীবং দুরাত্মবান্।
পাপমেবাকরোদ্ব্যাধো ধর্ম্মরাজ তথাপ্যসৌ ॥
শিবরাত্রিপ্রভাবেন নীতঃ সর্ব্বেশসন্নিধৌ।
ততোহসৌ বিস্ময়াবিষ্টো বন্দিত্বা নন্দিনং যমঃ ॥
দূতান্বিতো যযৌ গেহং স্বকীয়ং শিবভাবিতঃ।
এবমস্য প্রভাবেন ব্রতস্য বরবর্ণিনী ॥
অবোচং তব ভাবেন কিমন্যৎ কথয়ামি তে।
ত্বৎশ্রুত্বা ভগবদ্বাক্যং বিস্মিতা হিমশৈলজা ॥
প্রশশংস ততো দেবী শিবরাত্রিব্রতং মুদা।
বান্ধবেভ্যঃ প্রকথয়ৎ ব্রতমেতৎ সুগোপিতং ॥
তৈশ্চাপি কথিতং পৃথ্ব্যাং প্রকাশমুপপাদিতং ॥
ভূতেশ্বরাদিহপরোঽস্তি ন পূজনীয়ঃ
নৈবাশ্বমেধসদৃশঃ ক্রতুরস্তি লোকে।
গঙ্গাসমং ত্রিভুবনে নচ তীর্থমস্তি
নান্যদ্ব্রতং শিবরাত্রিসমং তথাস্তি ॥

ইতি ভবিষ্যপুরাণোক্তশিবরাত্রিব্রতকথা সমাপ্তা।

পরে ব্রাহ্মণ ভোজন করাইবে। অনন্তর পারণমন্ত্র পাঠ করিয়া পারণ করিবে।

পারণমন্ত্রঃ।

ওঁ সংসারক্লেশদগ্ধস্য ব্রতেনানেন শঙ্কর।
প্রসীদ সুমুখোনাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ॥

অবশেষে দক্ষিণান্ত করিবে। যথা—

বিষ্ণুরোমত্তেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীশিব-প্রীতিকামনয়া কৃতৈতৎশিবরাত্রিব্রতব্রতকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণা-মিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডং বা তাম্রখণ্ডং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।

পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

অচ্ছিদ্রাবধারণ। যথা—

ওমদ্যকৃতৈতৎ শিবরাত্রিব্রতকর্ম্মাচ্ছিদ্রমস্ত।

বৈগুণ্যসমাধান। যথা—

ওমদ্যকৃতেঽস্মিন শিবরাত্রিব্রতকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ।

ইতি শিবরাত্রিব্রতং সমাপ্তং।

অথ শুভবাচনী (সুবচনী) ব্রতং।

এ প্রদেশে বিবাহাদি শুভকার্য্যের পর সুবচনীব্রত করা ব্যবহার আছে।

প্রথমে বিহিতাসনে উপবেশন করিয়া দুইবার আচমন ও বিষ্ণুস্মরণপূর্ব্বক সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি, ভূতাপসারণ, দ্বারদেবতাপূজা, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসাদি ও প্রাণায়াম * করিবে।

পরে গণেশাদিপঞ্চদেবতার পূজা করিয়া কুশিতে আতপতণ্ডুল লইয়া স্বস্তিবাচন করিবে।

* সাধারণবিধিতে দ্রষ্টব্য।

স্বস্তিবাচনে "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভবাচনীব্রতকর্ম্মণি" ইত্যাদি উল্লেখ করিবে। স্বস্তিবাচন করিয়া স্বস্ববেদীয় স্বস্তিসূক্ত † পাঠ পূর্ব্বক তাম্রাদিপাত্রে (কোশাতে) ত্রিপত্র, তিল, হরিতকী, তুলসী ও জল লইয়া নিম্নোক্ত মন্ত্রসকল পাঠ করিবে। যথা—

ওঁ তৎসৎ—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতি র্ভূমিরাকাশং খচরা মরাঃ।
ব্রাহ্মং শাসন মাস্থায় কল্পধ্ব মিহসন্নিধিং॥

পরে সংকল্পবাক্য পাঠ করিবে। যথা—

বিষ্ণুরোং তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকে তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ বা দাস্যাঃ মনোঽভীষ্টসিদ্ধিকামঃ গণেশাদি নানাদেবতা পূজা পূর্ব্বকশুভবাচনীব্রতকর্ম্মাহং করিষ্যামি। এই সকল পাঠকরিয়া কোশার জল অন্য পাত্রে ফেলিবে।

অনন্তর বামহস্তে ঘণ্টা বাজাইয়া সংকল্পসূক্ত পাঠ ‡ করিবে। পরে ঘট স্থাপন § করিয়া তাহাতে গণেশাদিপঞ্চদেবতা, সূর্য্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, সর্ব্বদেব, সর্ব্বদেবী, গুরুও ব্রাহ্মণের পূজা করিবে।

পরে "হ্রীং" বীজদ্বারা অঙ্গন্যাস, করন্যাস, প্রাণায়াম করিয়া উক্ত ঘটে শুভবাচনীদুর্গার আবাহন করিবে। যথা—

---

† সাধারণবিধিতে দ্রষ্টব্য।
‡ জন্মাষ্টমী পূজায় দ্রষ্টব্য।
§ পরে দ্রষ্টব্য।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ শুভবাচনীদুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

তৎপরে কূর্ম্মমুদ্রাদ্বারা পুষ্প গ্রহণ করিয়া ধ্যানমন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ রক্তা পদ্মচতুর্ম্মুখী ত্রিনয়না চন্দ্রার্দ্ধকারাঙ্কিতা
পীনোত্তুঙ্গকুচা দুকূলবসনা হংসাধিরূঢ়া পরা।
ব্রহ্মানন্দময়ী কমণ্ডলুকরা যাভীতিহস্তা শিবা
ধ্যেয়া সা শুভবাচনী ত্রিজগতাং সর্ব্বাপদোদ্ধারিণী॥

এইরূপ ধ্যানমন্ত্র পাঠ করিয়া উক্ত পুষ্প মস্তকে স্থাপনপূর্ব্বক প্রার্থনামুদ্রাদ্বারা মানসোপচারে * পূজা করিবে।

পরে বিশেষার্ঘ্য † স্থাপন করিয়া পুনর্ব্বার ধ্যান পাঠপূর্ব্বক ষোড়শোপচারে বা দশোপচারে অথবা পঞ্চোপচারে শুভবাচনীদুর্গার পূজা করিবে। পূজা করিবার সময় "এতে গন্ধপুষ্পে ওঁ শুভবাচনীদুর্গায়ৈ নমঃ" ইত্যাদি উল্লেখ করিবে।

এইরূপে পূজা সমাপন করিয়া "হ্রীং" বীজদ্বারা অঙ্গন্যাস, করন্যাস ও প্রাণায়াম করিয়া "ওঁ হ্রীং শুভবাচনীদুর্গায়ৈ নমঃ" এই মন্ত্র যথাশক্তি জপ করিবে। জপান্তে পুনর্ব্বার অঙ্গন্যাস, করন্যাস ও প্রাণায়াম করিয়া জপ সমর্পণ ‡ করিবে। পরে স্তোত্রাদিপাঠ করিয়া প্রণাম করিবে।

---

* সাধারণবিধিতে দ্রষ্টব্য।
† সাধারণবিধিতে দ্রষ্টব্য।
‡ সাধারণবিধিতে দ্রষ্টব্য।

প্রণামমন্ত্রঃ।

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

অনন্তর শুভবাচনীদুর্গার ব্রতকথা শ্রবণ করিবে।

অথ সুবচনীব্রতকথা।

বন্দমাতা সুবচনী, পুরাণে মহিমা শুনি,
পতিতপাবনী পুরাতনী।
বলি আমি করপুটে, অধিষ্ঠান হও ঘটে,
শুন আপনার ব্রতবাণী॥

প্রণমিয়া দেবগুরু বিপ্রের চরণে।
সুবচনী মাতা বন্দ আনন্দিত মনে॥
প্রজা লয়ে রাজ্য করেন কলিঙ্গ ঈশ্বর।
সেই দেশে অনাথা ব্রাহ্মণী করে ঘর॥
সবে মাত্র এক পুত্র পড়ে পাঠশালে।
ভিক্ষামেগে যজ্ঞসূত্র দিল যথাকালে॥
পাঠশালে পড়ে সবে নানা দ্রব্য খায়।
দ্বিজপুত্র দুঃখী সবাকার পানে চায়॥
মনে করে আজি ত্বরা করে ঘরে যাব।
পরিপূর্ণ করে মৎস্য মাংস অন্ন খাব॥
ঘরে গিয়া পুত্র জননীর কাছে বলে।
উত্তম সুখাদ্য খায় বালকসকলে॥

ব্রাহ্মণীর পুত্র তখন্ কন হেসে হেসে।
পরম আনন্দে জননীর কোলে বসে॥
মাগো, অন্যের বালক সব নানাদ্রব্য খায়।
মৎস্য আদি পক্ষিমাংস খেতে সাধ যায়॥
ব্রাহ্মণী বলেন বাছা আমি কোথা পাব।
তনয় বলেন আমি কালি এনে দিব॥
উঠিয়া প্রভাতে তবে দ্বিজের তনয়।
নগরে ভ্রমণ করে ত্যজিয়া আলয়॥
হংসশালে নৃপতির আছে যত হাঁস।
দিবারাত্রি রক্ষক আছয়ে বারোমাস॥
হংস সব চরে সন্ধ্যাকালে যায় ঘরে।
পাছু ছিল খোঁড়া হাঁস দ্বিজ পুত্র ধরে॥
আছাড়িয়া মেরে জননীর কাছে দিল।
রন্ধন করিয়া মাংস গোপনে খাইল॥
প্রাতঃকালে দেখে সবে খোঁড়া হাঁস নাই।
রাজার শাসনে দূত চলে ধাওয়া ধাই॥
রাজা বলে আজি খোঁড়া হাঁস খুজে আন।
খোঁড়া হাঁস না পাইলে বধিব পরাণ॥
ভয়ে ব্যগ্র হয়ে খুঁজে যত হংস চর।
ঘাট বাট মহারণ্য সবাকার ঘর॥
হংসের সন্ধান কোন মতে নাহি পায়।
ব্রাহ্মণীর বাটীর নিকট দিয়া যায়॥

সেই হংস পাখা দেখে বিপ্র ভস্ম কুণ্ডে।
দ্বিজ পুত্রে ধরে সবে বজ্র পাড়ে মুণ্ডে॥
ব্রাহ্মণীরে যথোচিত তিরস্কার করে।
তার পুত্র ধরে দিল রাজার গোচরে॥
ব্রাহ্মণ দেখিয়া কলিঙ্গের অধিকারী।
ক্রোধে পরিপূর্ণ কহে আর্ত্তনাদ করি॥
রাজা বলে ওরে বেটা এত অহঙ্কার।
হংস মেরে খাইয়াছ পাবে ফল তার॥
আজ্ঞা দিল রাজা দ্বিজে রাখ বন্দিশালে।
বক্ষেতে পাথর দাও ভূমিতলে ফেলে॥
বন্দিশালে রাখে দূত নৃপ আজ্ঞা পেয়ে।
ব্রাহ্মণীরে সবে সমাচার দিল গিয়ে॥
শুনিয়া আছাড় খায় কেশ নাই বান্ধে।
তারিণী ব্রাহ্মণী বলে দ্বিজমাতা কান্দে॥ ০॥

ভয়ে দ্বিজমাতা কান্দে, কেশ পাশ নাহি বান্ধে,
অচেতনে পড়ে ভূমিতলে।
করে হাহাকার রব, শুনি ধেয়ে এল সব,
আহা উঠহ বলি তোলে॥
ব্রাহ্মণের নহে ধর্ম্ম, করেছে কুৎসিৎ কর্ম্ম,
হোক ব্রাহ্মণের ছেলে বটে।
শাম্যহোক্ নৃপ ক্রোধ, সবে গিয়া উপরোধ,
রাজারে করিব করপুটে॥

কেহ কহে উপদেশ, কহি শুন সবিশেষ,
কান্দিলে না হবে কিছু আর।
কাহতে কিছু না হয়, শাস্ত্রেতে এমন কয়,
ভাল মন্দ কর্ম্ম দেবতার॥

আর কেহ নাহি যায়, সুবচনী মাতা তায়,
এক ভাবে পদ ভাব তাঁর।
ভেবে হারা মরা পায়, এবা কোন বড় দায়,
তব পুত্রে করিবেন উদ্ধার॥

সেই গ্রামে এক ঘরে, সুবচনী পূজা করে,
তথা যায় এও নারীগণ।
শুনিয়া পূজার কথা, ব্রাহ্মণী গেলেন তথা,
এক ভাবে করয়ে মানন॥

আমার পুত্র রাজদ্বারে, উদ্ধারিয়া এলে ঘরে,
সুবচনী মায়েরে পূজিব।
সবে বলে সিদ্ধিহোক্, মায়ের মহিমা রৌক,
মিথ্যা হলে পরাণ ত্যজিব॥

ব্রাহ্মণী কাতর দেখি, সকলে সজল আঁখি,
করপুটে করিছে মানন।
উর মাতা নিজ গুণে, মুক্ত করিয়া ব্রাহ্মণে,
নিজপূজা করহ গ্রহণ॥

দেবী শুনিলেন কাণে, রাজা শুয়ে যেই স্থানে,
মহানিশি কাছে ছয় রাণী।

উদ্ধারিতে দ্বিজবরে, দেবী গিয়া সেই ঘরে,
রাজারে কহিছে স্বপ্নবাণী ॥
শুন রাজা তোরে কই, কার মন্দকারী নই,
এলাম হিত কথা কহিবারে।
যে মেরেছে খোঁড়া হাঁস, সে আমার ব্রত দাস,
বন্দিশালে রেখেছ তাহারে ॥
হলে তার অপমানে, ব্যথা বড় পাই মনে,
দেখ তোর সর্ব্বনাশ হয়।
হবে রক্ত অগ্নি বৃষ্টি, নষ্ট হবে সব সৃষ্টি,
পুরী সব হবে ভস্মময় ॥
যদি বল খোঁড়া হাঁস, ব্রাহ্মণ করেছে নাশ,
সে কেবল লোকের লাগান।
কালি প্রাতঃকাল হলে, তুমি গিয়া হংসশালে,
খোঁড়াকে দেখিবে বিদ্যমান ॥
দ্বিজপুত্রে করে মুক্ত, তবে তার উপযুক্ত,
রাজ্য দিয়া কর তার মান।
মোর কথা সত্য জ্ঞানে, মিথ্যা না ভাবিহ মনে,
শকুন্তলা কন্যাদিবে দান ॥
তবে রাজ্য রক্ষা হবে, দেশে দেশে কীর্ত্তি রবে,
এত বলি দেবী অন্তর্দ্ধান।
এ সব দেবীর রঙ্গ, নৃপতির নিদ্রা ভঙ্গ,
ভয় পেয়ে রাণীকে জাগান ॥

উঠ উঠ উঠ রাণী, শুন স্বপনের বাণী,
স্বপ্ন দেখি পরাণ বিকল।
নিদ্রাবশে যে দেখিনু, বুঝি সব হারাইনু,
রাজ্যধন পুত্রাদি সকল॥

কারাগারে দ্বিজ সুতে, ক্লেশ দিনু বিধি মতে,
সে দেবীর বর পুত্র হয়।
সেই অধর্ম্মের ফলে, রাজ্য পুত্রাদি সকলে,
বুঝি সুবচনী করে ক্ষয়॥

শুনি স্বপনের কথা, রাণী মনে পায় ব্যথা,
অতিশয় চঞ্চলা হইল।
ক্ষণে উঠে ক্ষণে বৈসে, ক্ষণেক রাজার পার্শ্বে,
উচ্চৈঃস্বরে কান্দিতে লাগিল॥

বলিতে বলিতে নিশা, পোহাইল হইল উষা,
উঠি রাজা হংসশালে যান।
নৃপতির কাছে কাছে, মৃত খোঁড়া হাঁস নাচে,
দেবীবরে পেয়ে প্রাণদান॥

দেখে রাজার হৈল বোধ, নৃপতির গেল ক্রোধ,
বৈসে এসে বাহিরদালানে।
উদ্বেগ উঠিছে মনে, পাত্র মিত্র বন্ধুগণে,
ত্বরা করে ডাকাইয়া আনে॥

বন্দিশালে আছে বিপ্র, মুক্ত করে আন ক্ষিপ্র,
তাহারে সঁপিব মম রাজ্য।

তাহার আশ্রয় লব, শকুন্তলা কন্যা দিব,
আজি সমাপিব শুভকার্য্য ॥
নৃপ আজ্ঞা পাবামাত্র, নৃপতির পাত্র মিত্র,
বিপ্রপুত্রে মুক্ত করে আনে।
দিব্য বস্ত্র পরাইয়া, নানা আভরণ দিয়া,
আপনারে ধন্য বলি মানে ॥
নৃপ, দ্বিজের নিকটে, দাণ্ডাইয়া করপুটে,
স্তুতি করে বিবিধ প্রকারে।
হয়ে মোরে অবতংশ, রক্ষা কর মোর বংশ,
সবান্ধব শরণাগতেরে ॥
চিনিতে নারিলাম তোমা, অপরাধ কর ক্ষমা,
যত দুঃখ তোমারে দিলাম।
দিয়া কন্যা রাজ্য দান, রাখিব তোমার মান,
আজি হৈতে আশ্রয় নিলাম ॥
পরে রত্ন সিংহাসনে, বসাইয়া ব্রাহ্মণে,
নিজ হস্তে চরণ ধুয়ায়।
দূত গিয়া ত্বরা করে, পুরোহিত ব্রাহ্মণেরে,
সেইক্ষণে সভায় আনায় ॥
জ্যোতিষ শাস্ত্রের মত, দিন করি আনন্দিত,
শুভলগ্ন করিলেন স্থির।
তবে কলিঙ্গ ঈশ্বর, নিজ রাজ্যে করে ঘর,
শোভা করে সভার মন্দির ॥

দেখে দিন শুভক্ষণে, স্ত্রীগণে ডাকিয়া আনে,
তৈল হরিদ্রা দিতে গায়।
বসন ভূষণ পরি, নানাবর্ণে বেশ করি,
সিমন্তিনি সারিসারি যায়॥

শুনি বিবাহের রব, বাদ্যকর যতসব,
রাজার রাজ্যেতে বাস ছিল।
যন্ত্র সুমিলন করি, সবে বেশ ভূষা ধরি,
রাজপুরিতে প্রবেশিল॥

এককালে বাদ্য ধ্বনি, সবে চমকিত শুনি,
ক্ষিতিতে বৈসছে লোক যত।
বাজিতেছে জগ ঝম্প, শব্দে হয় ভূমিকম্প,
শুনি রাণী হৈল আনন্দিত॥

এয়ো সব হৈল জড়, অন্তরে আহ্লাদ বড়,
যত নারী হরিদ্রা মাথায়।
শঙ্খরব হুলাহুলি, সব সীমন্তিনী মিলি,
সরোবরে স্নান জন্য যায়॥

ঘটেতে পুরিয়া বারি, লইল মস্তকে করি,
রাজরাণী অঞ্চল লুটায়ে।
প্রবেশি নিজ মন্দিরে, ঘটেতে প্রণাম করে,
রত্নদীপ বাসরে জ্বালিয়ে॥

জিজ্ঞাসয়ে রাজরাণী, শুন সব সীমন্তিনী,
হাইআমলা বাটিবেক কে।

স্বামী ধরিবেক ছাতা, না জীবেক কোন ব্যথা,
পতির প্রেয়সী হবে যে ॥
কাছে ছিল বিপ্র সুতা, বড় রূপগুণযুতা,
পতির প্রেয়সী সেই ধনী।
তাহারে আদেশ করি, সঙ্গে বহু সহচরী,
ছাইআমলা বাটাইল রাণী ॥
ব্রাহ্মণীর পুত্র লয়ে, মঙ্গলাচরণ করে,
করাইল স্নান অধিবাস।
সন্ধ্যায় লইয়া বরে, সবে স্ত্রী আচার করে,
নানামতে করে পরিহাস ॥
ছাওলায় দোঁহে লয়ে, পুরোহিত ডাকাইয়ে,
শুভকর্ম্ম করে আরম্ভণ।
দুহাত একত্র লয়ে, বান্ধে পুষ্পমাল্য দিয়ে,
রাজরাণী আনন্দে মগন ॥
পরে জলধারা দিয়ে, বর কন্যা গৃহে লয়ে,
বাসরঘরে করে জাগরণ।
সব সখীগণ সঙ্গে, নানামত খেলারঙ্গে,
প্রাতঃকালে উঠে দুই জন ॥
ব্রাহ্মণীর পুত্র কয়, বিলম্ব উচিত নয়,
বিদায় করহ ত্বরা করি।
মজল আসনোপরে, বসাইল কন্যাবরে,
রূপ হেরে যত নরনারী ॥

রাজ কন্যা বৈসে বামে, রতি যেন শোভা কামে,
নারায়ণে শোভে সিন্ধু সুতা।
শচী যেন আখণ্ডলে, হৈমবতী হরকোলে,
বশিষ্ঠেতে অরুন্ধতী যুতা॥
ধান্যদূর্ব্বা দিয়ে শিরে, সবে আশীর্ব্বাদ করে,
হাতে হাতে কন্যা সঁপে রাণী।
ধরি জামাতার হাতে, শকুন্তলার হস্ত তাতে,
দিয়া কহে মধুস্বর বাণী॥
মনে না করিবে রোষ, ক্ষমা কর সব দোষ,
শকুন্তলা লয়ে কর ঘর।
কন্যার বিদায় কালে, রাণী ভাসে অশ্রু জলে
আজি হইতে বাছা হলে পর॥
করে হাহাকার ধ্বনি, সকাতরে কান্দে রাণী,
ধূলায় ধূসর হয়ে গায়।
শুনিয়া ক্রন্দন বাণী, সকাতরে নৃপমণি,
সভামধ্যে কান্দে উভরায়॥
নানাবাদ্য শব্দ উঠে, আগে পিছে লোক ছুটে,
পদে পদে নাহি পায় পথ।
দেখিয়া আশ্চর্য্য হইল, ব্রাহ্মণীর পুত্র আইল,
ধনে পরিপূর্ণ সঙ্গে রথ॥
ধেয়ে গিয়া কহে লোক, ঠাকুরাণী ত্যজ শোক,
দেখ সে তোমার মন ভাল।

বন্দি পুত্র কারাগারে, বিবাহ করিয়া ঘরে,
রাজার তনয়া লয়ে এল ॥
শুনে এই শুভবাণী, আনন্দিত ঠাকুরাণী,
মনে করে এমন কি হব।
সুবচনী মাতা বুঝি, হাতে তুলে দিল নিধি,
হারাধন ঘরে বসে পাব ॥
অঙ্গের অম্বর তার, সম্বরা হইল ভার,
অমনি ধাইল এলোকেশে।
এতেক বলিয়া উঠে, বাদ্য শুনে সন্নিকটে,
আনন্দ সাগরে যেন ভাসে ॥
পুত্র আসিয়া নিকটে, দাণ্ডাইয়া করপুটে,
জননীরে করিল প্রণাম।
ব্রাহ্মণী বলেন এসো, অভাগিনীর কোলে বসো,
এবে দেবী পুরাল মনস্কাম ॥
তবে জলধারা দিয়ে, বর কন্যা গৃহে লয়ে,
আঙ্গিনায় পূজে সুবচনী।
চারি কোণা করি ঘর, কাটিল আঙ্গিনা পর,
আলিপনা দিলেন ব্রাহ্মণী ॥
চিত্র বিচিত্র করি, খোঁড়া হাঁস সারি সারি,
লিখি তীর আরোপিলা তাতে।
আম্রশাখা পূর্ণবারি, ছন্দেতে এহেন পুরী,
দিব্য শোভা পদ্মেরি পত্রেতে ॥

সুবচনী পূজা সব, সাঙ্গকরে শঙ্খ রব,
শুনে সব দণ্ডবৎ হয়ে ।
এয়োরে করয়ে দান, লাড়ু রম্ভা গুয়া পান,
তৈল সিন্দুর সব দিয়ে ॥
সীমন্তিনী সারি সারি, দাণ্ডাইল শোভা করি,
ব্রাহ্মণী চরণে দিল জল ।
অঞ্চল লোটায়ে তাতে, দিল পুত্র বধূমাথে,
মনোবাঞ্ছা হইল সফল ॥
প্রসাদীয় দ্রব্য যাহা, কিঞ্চিৎ কিঞ্চিৎ তাহা,
ব্রাহ্মণী আপনি বেটে দিল ।
একান্ত মনে সকলে, বিস্তার করি অঞ্চলে,
ভক্তি ভাবে সকলে লইল ॥
দক্ষিণান্ত সমর্পিয়া, ঘটে বিসর্জ্জন দিয়া,
পুরোহিত করিল গমন ।
তবে পুত্রবধূ লয়ে, পূর্ণঘট কক্ষে দিয়ে,
গৃহ মধ্যে প্রবেশে তখন ॥
সুবচনী ব্রতকথা, হয়ে মনে একাগ্রতা,
যেবা শুনে বন্ধুগণ লয়ে ।
মনস্কাম পূর্ণ হয়, নাহিক ইথে সংশয়,
সুখে থাকে দারাসুত লয়ে ॥

ইতি সুবচনীব্রতকথা সমাপ্তা ।

অনন্তর আরতি করিয়া ভোগ দিবে ।

পরে দক্ষিণান্ত করিবে। যথা—

বিষ্ণুরোং তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকে তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকীদেব্যাঃ বা দাস্যাঃ মনোঽভীষ্টসিদ্ধিকামনয়া কৃতৈতৎগণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীশুভবাচনীব্রতকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং শ্রীশুভবাচনীদুর্গাদেবতায়ৈ তুভ্যমহং সংপ্রদদানি।

পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

অচ্ছিদ্রাবধারণ। যথা—

ওমদ্যকৃতৈতৎ শ্রীশুভবাচনীব্রতকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

বৈগুণ্যসমাধান। যথা—

ওমদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ শ্রীশুভবাচনীব্রতকর্ম্মণি যৎকিঞ্চি-দ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ।

ইতি শ্রীশুভবাচনীব্রতং সমাপ্তং।

অথ মিতু (ইঁতু) পূজা।

সূর্য্যের নাম মিত্র, মিত্রপূজা হইতে ক্রমশঃ মিতু বা ইঁতুপূজা হইয়াছে। বিষ্ণুপদীসংক্রান্তি হইতে আরম্ভ করিয়া অগ্রহায়ণ মাসের প্রত্যেক রবিবারে শস্যবৃদ্ধিকামনায় সূর্য্যের পূজা করিতে হয়। পৌষমাসের সংক্রান্তিতে এই পূজা সমাপন করিবে।

প্রথমতঃ পরিবারবর্গের মধ্যে যতগুলি স্ত্রীলোক থাকিবে প্রত্যেকের জন্য এক একটী অর্থাৎ ততগুলি ছোট ছোট ইঁতুঘট মৃত্তিকার সরার উপর স্থাপন করিবে। ঘট বসাইবার পূর্ব্বে সরার উপর মৃত্তিকা দিয়া পঞ্চশস্য ছড়াইবে এবং তাহাতে ধান্য মান ও হরিদ্রা বৃক্ষ রোপণপূর্ব্বক ছোট খুরির উপর ঘট বসাইবে। ঘটগুলি গঙ্গাজলে পূর্ণ করিয়া তাহার মুখে হরতকী বা সুপারি দিবে। তাহার পর সাধারণ বিধ্যনুসারে সামান্যার্ঘ্যাদি করিয়া সূর্য্যের ধ্যানমন্ত্র পাঠপূর্ব্বক দশোপচারদ্বারা বা পঞ্চোপচারদ্বারা পূজা * করিবে। তাহার পর ইঁতুর কথা শ্রবণ করিবে।

বীজমন্ত্রাণামর্থাঃ।

অনেকেই গুরুর নিকট দীক্ষা গ্রহণ করিয়া বীজমন্ত্রের অর্থ না জানিয়া উপদেশানুক্রমে তাহাই জপ করিয়া থাকেন কিন্তু যে কোন কার্য্য বা জপ করিতে হইলে বীজমন্ত্রের অর্থ জানা বিশেষ আবশ্যক এবং অর্থ না জানিয়া কার্য্য করিলে তাহার ফল লাভ হয় না। অতএব কতিপয় বীজমন্ত্রের অর্থ এইস্থানে প্রদর্শিত হইল।

"ওঁ" বীজে অ উ ম্ এই তিন বর্ণ আছে। অ বর্ণে সত্ত্বগুণ, ব্রহ্মা, স্বর্গ, ঋগ্বেদ ও উদাত্তস্বর বুঝায়। উ বর্ণে রজোগুণ, বিষ্ণু, মর্ত্ত্যলোক, যজুর্ব্বেদ ও অনুদাত্ত স্বরবুঝায়। ম বর্ণে তমোগুণ, পাতাল, সামবেদ; স্বরিত স্বরবুঝায়। অতএব ওঁ শব্দে যিনি ত্রিগুণান্বিত হইয়া যথাক্রমে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরস্বরূপ ত্রিমূর্ত্তি

* সূর্য্যের ধ্যান, ও পূজাবিধি ২৬৬ পাতায় প্রদর্শিত হইয়াছে।

ধারণ করেন এবং স্বর্গ মর্ত্ত্য পাতাল যাঁহার বিরাট দেহ ও বেদত্রয় যাঁহাকে উদাত্ত অনুদাত্ত ও স্বরিত এই ত্রিবিধস্বরে কীর্ত্তন করেন। ইদৃশ অপ্রাকৃতপৌরুষান্বিত সেই ভগবান আমাদের আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক সন্তাপ বিনাশ করুন।

"হ্রীং" বীজে হ্ র্ ঈ ং এই চারিটি বর্ণ আছে। হ বর্ণে শিব, র বর্ণে প্রকৃতি, ঈ বর্ণে মহামায়া, ং বর্ণে দুঃখ বিনাশ অতএব হ্রীং বীজের অর্থ শিবের ব্রহ্মাণ্ডপ্রসবিনী মহামায়া প্রকৃতি দেবী আমাদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিবে।

"ক্রীঁ" বীজে ক্ র্ ঈ ং এই চারিটি বর্ণ আছে। ক বর্ণে কালী, র বর্ণে ব্রহ্মা, ঈ বর্ণে মহামায়া, ং বর্ণ দুঃখ বিনাশ অতএব ক্রীঁ বীজের অর্থ ব্রহ্মময়ী মহামায়াস্বরূপিণী কালী মাদৃশ অজ্ঞ ব্যক্তিদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিবে।

"ঐং" বীজে, ঐ, ং এই দুইটি বর্ণ আছে। ঐ বর্ণে সরস্বতী দেবী, ং বর্ণে দুঃখ বিনাশ অতএব ঐং বীজের অর্থ সরস্বতী দেবী আমাদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিতে হইবে।

"দুং" বীজে দ্, উ, ং এই তিনটি বর্ণ আছে। দ্ বর্ণে দুর্গা, উ বর্ণে রক্ষা করা. ং বর্ণে দুঃখ বিনাশ অতএব দুং বীজের অর্থ দুর্গা দেবী আমাদের দুঃখ বিনাশ করিয়া আমাদিগকে বিপদ হইতে রক্ষা করুন ইহাই জানিতে হইবে।

"হৌং" বীজে হ্, ঔ, ং এই তিনটি বর্ণ আছে। হ বর্ণে মহাদেব, ঔ বর্ণে সদাশিব, ং বর্ণে দুঃখ বিনাশ অতএব হৌং বীজের অর্থ কল্যাণদাতা মহেশ্বর আমাদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিতে হইবে।

"ক্লীঁ" বীজে ক্, ল্, ঈ ং এই চারিটি বর্ণ আছে। ক বর্ণে কৃষ্ণ, ল বর্ণে ইন্দ্র, ঈ বর্ণে সন্তোষ, ং বর্ণে দুঃখ বিনাশ অতএব ক্লীঁ বীজের অর্থ পরমেশ্বর কৃষ্ণ সন্তুষ্ট হইয়া আমাদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিতে হইবে।

"শ্রীঁ" বীজে শ, র, ঈ, ং এই চারিটি বর্ণ আছে। শ বর্ণে লক্ষ্মী, র বর্ণে ধনদাত্রী, ঈ বর্ণে তুষ্টি, ং বর্ণে দুঃখ বিনাশ অতএব শ্রীঁ বীজের অর্থ ধনদায়িনী লক্ষ্মী সন্তুষ্টা হইয়া আমাদের দুঃখ বিনাশ করুন ইহাই জানিতে হইবে।

সংকল্পঃ।

উত্তর মুখে উপবেশন করিয়া দক্ষিণজানু ভূমিতে স্থাপন পূর্ব্বক অঙ্গুলিমধ্যে কোশা রাখিয়া তাহাতে তিল, তুলসী, কুশ ত্রিপত্র ও হরীতকী দিয়া * নিম্নোক্ত বাক্য পাঠ করিবে।

ওঁ বিষ্ণু ওঁ তৎসদদ্য † অমুকে মাসি (তান্ত্রিক কার্য্য করিলে অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে বলিবে) অমুকপক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (শূদ্র—অমুক গোত্রঃ শ্রীঅমুকদাসঃ, স্ত্রীলোক—অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী বা দাসী) শ্রীঅমুদেবতাপ্রীতিকামঃ (স্ত্রীলোক শ্রীঅমুকদেবতাপ্রীতিকামা) শ্রীঅমুকদেবতাপূজনকর্ম্মাহং করিষ্যে।

তৎপরে কোশার জল ঈশান-কোণে অন্য পাত্রে ফেলিয়া, কোশাটি উপুড় করিয়া রাখিবে. এবং তদুপরি পুষ্প দিয়া বামহস্তে ঘণ্টাধ্বনি করিতে করিতে সংকল্পসূক্ত পাঠ করিবে। (স্ত্রীলোক ও শূদ্র 'নমঃ নমঃ' বলিবে।

* সধবা স্ত্রী—তিলের পরিবর্ত্তে যব এবং কুশের পরিবর্ত্তে দূর্ব্বা ব্যবহার করিবে।

† স্ত্রী ও শূদ্র—শ্রীবিষ্ণুর্নমোঽদ্য বলিবে।

সামবেদীয়সঙ্কল্পসূক্তং।

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ, পূর্ণা॰ বিবষ্ট্যাসিচং। উদ্ বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদিদ্ বো দেব ওহতে॥

ঋগ্বেদীয়সঙ্কল্পসূক্তং।

ওঁ যা গুংগূর্যা সিনীবালী, যা রাকা যা সরস্বতী। ইন্দ্রাণী-মহ্ব উতয়ে, বরুণানীং স্বস্তয়ে॥

যজুর্ব্বেদীয়সঙ্কল্পসূক্তং।

ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবং, তদু সুপ্তস্য তথৈবৈতি। দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং, তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু॥

পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে।

ওঁ সঙ্কল্পিতেঽস্মিন্ কর্ম্মণি সিদ্ধিরস্তু। পুরোহিত—"ওঁ অস্তু" বলিবে। ওঁ অয়মারম্ভঃ শুভায় ভবতু। পুরোহিত—"ভবতু" বলিবে।

ঘটস্থাপনং।

দেবদেবীর প্রতিমাদিতে পূজা করিতে হইলে অথবা প্রতিমাদি না করিয়া পূজা করিলেও ঘটস্থাপন করিতে হয়। প্রথমে মৃত্তিকার বেদী করিয়া তাহার উপরে পঞ্চশস্য (যব, গম, মুগ, তিল এবং ধান্য) প্রক্ষেপ করিবে। পরে তদুপরি জলপূর্ণ ঘটস্থাপন করিয়া তন্মুখে পঞ্চপল্লব (অশ্বত্থ, বট, আম্র, পাকুড় ও যজ্ঞডুম্বুর) অভাবে কেবল আম্রপল্লব দিবে। তদুপরি তণ্ডুল পরি-পূর্ণ সরা ও সশীস্ ডাব অভাবে কলা বা সুপারি ও অন্যান্য ফল দিয়া ঘটগাত্রে দধ্যক্ত ও সিন্দূরের পুত্তলিকা করিয়া দিবে।

ঘটে মাল্য, আল্‌তা ও অন্যান্য আভরণ দেওয়াও ব্যবহার আছে।

শান্তিঘটে পঞ্চরত্ন (স্বর্ণ, রৌপ্য, মণি, মুক্তা ও প্রবাল) দিতে হয়। উক্ত রূপ ঘট সজ্জিত করিয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ করিবে।

সামবেদিঘটস্থাপনমন্ত্রাঃ।

ভূমি স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ মহি ত্রীণামবোঽস্তু দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্ণঃ। দুরাধর্ষং বরুণস্য।

ধান্য স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ধানাবন্তং করম্ভিণ-মপূপবন্ত-মুক্‌থিনং। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

ঘট স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ আবিশন্ কলশং সুতো, বিশ্বা অর্ষন্নভি শ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে।

জল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ আ নো মিত্রাবরুণা ঘৃতৈর্গব্যূতিমুক্ষতং। মধ্বা রজাংসি সুক্রতূ।

পল্লব স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ, উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা, নুত্বা চ সূয়তাং রয়িঃ।

ফল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে, যৎ পার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শবসশ্চকান; আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ।

পুষ্প স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ শ্রীরসি, ময়ি রমস্ব।

সিন্দুর স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং। হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্নতে।

পরে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া স্থিরীকরণ করিবে। যথা—

ওঁ স্থাবতঃ পুরুবসো বয়মিন্দ্র প্রণেতঃ। স্মসি স্থাতর্হরীণাং।

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া এই সকল মন্ত্র পাঠ করিবে।

ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি, সর্ব্বদেব-সমন্বিতং।
ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ।

স্ত্রীদেবতাপূজায়—"তিষ্ঠ দেবি গণৈঃ সহ" এইরূপ পাঠ করিবে।

ঋগ্বেদিঘটস্থাপনমন্ত্রাঃ।

ভূমি স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ উর্ব্বী সদ্মনী বৃহতী ঋতেন, হুবে দেবানা-মবসা জনিত্রী। দধাতে যে অমৃতং সুপ্রতীকে,দ্যাবা রক্ষতং পৃথিবী নো অভ্যাৎ।

ধান্য স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ধানাবন্তং করম্ভিণ মপূপবন্ত-মুক্থিনং। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

ঘট স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ এতানি ভদ্রা কলশ ক্রিয়াম, কুরুশ্রবণ দদতো মঘানি। দান ইদ্ বো মঘবানঃ সো, অস্ত্বয়ঞ্চ সোমো হৃদি যং বিভর্ম্মি।

জল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ বরুণস্যোত্তম্ভনমসি, বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমা সীদ।

ফল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ যাঃ ফলিনীর্যা অফলা, অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ।

পরে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া স্থিরীকরণ করিবে। যথা—

ওঁ স্থিরো ভব বীড্বঙ্গ, আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহণঃ।

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি, সর্ব্বদেব সমন্বিতং।
ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ।

স্ত্রীদেবতাপূজায়—"তিষ্ঠ দেবি গণৈঃ সহ" এইরূপ পাঠ করিবে।

যজুর্ব্বেদিঘটস্থাপনমন্ত্রাঃ।

ভূমি স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ভূরসি ভূমিরস্যদিতির্ধসি, বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ, পৃথিবীং দৃংহ, পৃথিবীং মা হিংসীঃ।

ধান্য স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ধান্যমসি, ধিনুহি দেবান্, ধিনুহি যজ্ঞং। ধিনুহি যজ্ঞপতিং, ধিনুহি মাং যজ্ঞন্যং।

ঘট স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দবঃ। পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব, সা নঃ সহস্রং ধুক্ষ্বোরুধারা পয়স্বতী, পুনর্মা বিশতাদ্রয়িঃ।

জল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ বরুণস্যোত্তম্ভনমসি। বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমা সীদ।

পল্লব স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি, ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম।

ফল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ যাঃ ফলিনীর্যা অফলা, অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি প্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ।

পুষ্প স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে, নক্ষত্রাণি রূপ মশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ, সর্ব্বলোকং ম ইষাণ।

সিন্দূর স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো, বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ।

পরে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া স্থিরীকরণ করিবে। যথা—

ওঁ স্থিরো ভব বীড্বঙ্গ, অশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহণঃ।

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া এই মন্ত্র পাঠ করিবে।

ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি, সর্ব্বদেব সমন্বিতং।
ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ।

স্ত্রীদেবতাপূজায়—"তিষ্ঠ দেবি গণৈঃ সহ" এইরূপ পাঠ করিবে।

তান্ত্রিকঘটস্থাপনং ।

"ক্লীং" বলিয়া জলপ্রোক্ষণ করিবে "ঐং" বলিয়া মার্জ্জন করিবে এবং "হ্রীং" বলিয়া জলপূরণ করিবে।

তৎপরে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সরাংসি জলদা নদাঃ।
হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গপাতালভূগতাঃ।
সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিং ॥

অনন্তর।—

"শ্রীং" বলিয়া পল্লব স্পর্শ করিবে। "হূং" বলিয়া ফল স্পর্শ করিবে। "যং" বলিয়া পুষ্প স্পর্শ করিবে। "হ্রীং" বলিয়া দূর্ব্বা স্পর্শ করিবে। "রং" বলিয়া সিন্দূর স্পর্শ করিবে। "ওঁ" বলিয়া অভ্যুক্ষণ করিবে। "হূং ফট্‌স্বাহা" বলিয়া কুশদ্বারা তাড়ন করিবে। "স্ত্রীং" বলিয়া স্থিরীকরণ করিবে।

পুষ্পনির্ণয়ঃ ।

মালতী মল্লিকা চৈব যূথিকাচাতিমুক্তকঃ।
পাটলা করবীরঞ্চ জয়া সেবতিরেব চ ॥
কুব্জক স্তগুরুশ্চৈব কর্ণিকারঃ কুরুণ্টকঃ।
চম্পক স্তগরঃ কুন্দো বাণাবর্ব্বরমল্লিকা ॥
অশোক স্তিলকশ্চম্পস্তথা চৈবাটরুষকঃ।
অমী পুষ্পপ্রকারাস্তু শস্তাঃ কেশবপূজনে ॥

কেতকীপত্রপুষ্পঞ্চ পুষ্পং ভৃঙ্গারকস্ত চ।
তুলস্যামলকী চৈব সদ্যস্তুষ্টিকরং হরে॥
পদ্মান্যম্বুসমুথানি রক্তনীলে তথোৎপলে।
সিতোৎপলঞ্চ কৃষ্ণস্য দয়িতানি সদা নৃপ
তানি পুষ্পানি দেয়ানি বিষ্ণবে প্রভবিষ্ণবে॥

মালতী, মল্লিকা, যুঁই, অতিমুক্তক (ভ্রমরানন্দা), পাটল, করবীর, জয়া, সেবতি (সেঁউতি), কুব্জক (কুজা) অগুরু (অগর) কর্ণিকার (কর্ণিয়ার) কুরুণ্টকা (পীতবর্ণ ঝিণ্টী) চাঁপা, টগর, কুন্দ, বাণ, বর্ব্বরমল্লীকা, অশোক, তিল, চম্পা, বৈরাটরুষক, কেতকীপুষ্প ও পত্র ভৃঙ্গারকপুষ্প (ভীমরাজ) তুলসী, আমলকী, পদ্ম, রক্ত ও নীলবর্ণ উৎপল, শুভ্র উৎপল পুষ্প, বিষ্ণুপূজনে প্রশস্ত।

নিষিদ্ধপুষ্পাণি।

উগ্রগন্ধীন্যগন্ধীনি কুসুমানি ন দাপয়েৎ।
অন্যায়তনজাতানি কণ্টকানি তথৈবচ॥
রক্তানি যানি ধর্ম্মজ্ঞ চৈত্যবৃক্ষোদ্ভবানিচ।
শ্মশানজাতান্যনানি যানি চাকালজানি চ॥
কুটজশাল্মলীপুষ্পং শিরীষঞ্চ জনার্দ্দনে।
নিবেদিতং ভয়ং রোগং নিম্বত্বঞ্চপ্রযচ্ছতি॥
বন্ধুজীবকপুষ্পানি রক্তান্যপি চ দাপয়েৎ।
অযুক্তরক্তকুসুমদানাৎ দৌর্ভাগ্য মাপ্নুয়াৎ॥

উগ্রগন্ধবিশিষ্ট ও গন্ধহীন পুষ্পদ্বারা পূজা করিবে না। অন্যোদ্যানজাত, কণ্টকীবৃক্ষোৎপন্ন, শ্মশানস্থিতবৃক্ষোৎপন্ন, অকালজ, কুঁড়্চি, সিমুল, শিরীষ পুষ্প দ্বারা পূজা করিবেনা। বন্ধুজীবক, পদ্মও করবীর পুষ্প ভিন্ন রক্তবর্ণ পুষ্প বিষ্ণুপূজায় বিহিত নহে। ক্রিমিকীটাদিভক্ষিত, শীর্ণ, ভগ্ন, কেশ ও কীট সহিত, যাচিত, পরকীয়, পর্য্যুসিত, শূদ্রাদিস্পৃষ্ট, পদস্পৃষ্ট পুষ্পদ্বারা পূজা করিবেনা।

গণপতি ও চণ্ডী ভিন্ন প্রায় সমস্ত দেবতাকে তুলসীদ্বারা পূজা করা যায়। লক্ষ্মীকে ঝাঁটি পুষ্প, কাঞ্চন ও তুলসীদ্বারা, নারায়ণকে কৃষ্ণাঅপরাজিতা ও কুঁড়্চি পুষ্পদ্বারা, সরস্বতীকে তুপরেস্যূর্য্যামুখী এবং দ্রোণ পুষ্পদ্বারা পূজা করিবে না। নারায়ণ ও মহাদেব ভিন্ন প্রায় সমস্ত দেবতাকে জবাপুষ্পদ্বারা পূজা করা যাইতে পারে।

মল্লিকা, মালতি, জাঁতি, কুন্দ, শেফালিকা, জবা, ও কাষ্টটগর শিবপূজায় বিহিত নহে।

শেফালিকা (সিউলি) এবং বকুল পুষ্প ভিন্ন বৃক্ষ হইতে স্বয়ং পতিত পুষ্প দেবকার্য্যে বিহিত নহে।

তুলসী, কুন্দ, হেলা, বিল্বপত্র, চাঁপা, বকুল, পদ্ম, এবং যে পুষ্পের কলিকা তুলিলে প্রস্ফুটিত হয় তাহা পর্য্যুসিত (বাসি) হয় না। স্বর্য্যোদয়ের পূর্ব্বকালে উত্তোলিত ধুস্তুরপুষ্প শিবপূজায় প্রশস্ত। বিল্বপত্র ছয়মাসের পর পর্য্যুসিত হয়।

পুষ্প স্বয়ং আহরণ করিয়া পূজা করিবে। অন্যাহৃত পুষ্প দেবপূজায় বিহিত নহে।

পুষ্প, ফল এবং বিল্বপত্রাদি যে ভাবে প্রস্ফুটিত হয় সেই ভাবে গ্রহণ করিয়া দেবতাকে নিবেদন করিবে।

পঞ্চগব্যং ।

স্ত্রী ও শূদ্রাদি যদি শালগ্রামশিলাদি স্পর্শ করে অথবা শাল-গ্রামশিলাদি যদি অস্পৃশ্যবস্তুদ্বারা দূষিত হয় তাহা হইলে পঞ্চ গব্যদ্বারা স্নান করাইতে হয় ; এবং স্ত্রীলোকের প্রথম ঋতুসময়ে গর্ভাধানসংস্কার না হইলে তাহাকেও পঞ্চগব্য পান করান ব্যব-হার আছে। এইরূপ অনেক কার্য্যে পঞ্চগব্য প্রাশনের বিধান আছে।

গোমূত্র, গোময়, গব্যদুগ্ধ গব্যদধি, গব্যঘৃত এই পাঁচ দ্রব্যকে একত্র করিলে পঞ্চগব্য হয়। পঞ্চগব্যের পরিমাণ গোমূত্র ৮ তোলা, গোময় ২ তোলা, দুগ্ধ ৮ তোলা, দধি ১ গণ্ডূষ, ঘৃত ৮ তোলা, অথবা সকল দ্রব্যই সমানভাবে লইবে। পরে পৃথক্ পৃথক্ পাত্রে স্থাপন করিয়া প্রত্যেক দ্রব্য ধরিয়া এক একটি মন্ত্র উচ্চারণ করিবে, অনন্তর তাহাতে কুশের জল দিয়া গায়ত্রীপাঠপূর্ব্বক অন্য পাত্রে সমস্ত দ্রব্য একত্র করিবে।

সামবেদীয়পঞ্চগব্যশোধনমন্ত্রাঃ ।

প্রথমে গোমূত্র শোধন করিতে গায়ত্রী পাঠ করিবে।

গোময় স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ গাবশ্চিদ্ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ॥

দুগ্ধ স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ গব্যো ষু ণো অথা পুরাশ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাং॥

দধি স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ দধিক্রাব্ণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্র ণ আয়ুংষি তারিষৎ॥

ঘৃত স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ ঘৃতবতী ভুবনানা মভিশ্রিয়োর্ব্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিষ্কভিতে অজরে ভূরি রেতসা॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া কুশোদক ক্ষেপণ করিবে।

ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে॥

পরে গায়ত্রী পাঠ করিয়া একত্র করিবে।

ঋগ্বেদীয়পঞ্চগব্যশোধনমন্ত্রাঃ।

প্রথমে গোমূত্র শোধন করিতে গায়ত্রী পাঠ করিবে।

গোময় স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ গাবশ্চিদ্‌ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ॥

দুগ্ধ স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ আপ্যে অদ্যান্বচারিষং, রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আগহি, তং মা সংসৃজ বর্চ্চসা॥

দধি স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ উদ্ বুধ্যধ্বং সমনসঃ সখায়ঃ, সমগ্নিমিন্ধং বহবঃ সনীড়াঃ। দধিক্রামগ্নিমুষসঞ্চ দেবী মিন্দ্রাবতোঽবসে নি হ্বয়ে বঃ॥

ঘৃত স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ অগ্নিরস্মি জন্মনা জাতবেদা, ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতু রজসো বিমানোঽজস্রো ঘর্ম্মো হবিরস্মি নাম॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া কুশোদক ক্ষেপণ করিবে।

ওঁ যোগে যোগে তবস্তরং, বাজে বাজে হবামহে। সখায় ইন্দ্রমূতয়ে॥

অবশেষে গায়ত্রী পাঠ করিয়া একত্র করিবে।

যজুর্ব্বেদীয়পঞ্চগব্যশোধনমন্ত্রাঃ।

প্রথমে গোমূত্র শোধন করিতে গায়ত্রী পাঠ করিবে।

গোময় স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ং॥

দুগ্ধ স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ আ প্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোম বৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে॥

দধি স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ দধিক্রাব্ণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্র ণ আয়ূংষি তারিষৎ॥

ঘৃত স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানা মনাধৃষ্টং দেবযজনং॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া কুশোদক ক্ষেপণ করিবে।

ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে॥

পরে গায়ত্রী পাঠ করিয়া একত্র করিবে।

পঞ্চগব্যপানমন্ত্রঃ।

ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি।
গর্ভং তে আশ্বিনৌ দেবা-বা ধত্তাং পুষ্করস্রজা * ॥

পঞ্চামৃতং।

দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও শর্করা (চিনি) এই পাঁচ দ্রব্যকে একত্র করিলে পঞ্চামৃত হয়। প্রথমে স্বস্ববেদোক্ত পঞ্চগব্যের মন্ত্রে দধি, দুগ্ধ ও ঘৃত সংশোধন করা বিধি। মধু এবং শর্করা স্পর্শ করিয়া "মধু বাতা" ইত্যাদি নিম্নোক্ত তিনটি মন্ত্র পাঠ করিবে। অনন্তর গায়ত্রীপাঠপূর্ব্বক একত্র করিবে।

ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো, মধুমৎপার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্ নো বনস্পতি-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ।

---

* সামবেদীয়েরা পুষ্করস্রজৌ বলিবে।

পঞ্চামৃতপানমন্ত্রঃ।

ওঁ পিব পঞ্চামৃতং দেবি যতস্ত্বং গর্ভধারিণী।
দীর্ঘায়ুষং বংশধরং পুত্রং জনয় সুব্রতে॥

স্নানসঙ্কল্পঃ।

গঙ্গাসাগরসঙ্গমস্নানসংকল্পবাক্যং।

মকর সংক্রান্তি দিবসে গঙ্গাসাগরসঙ্গমে স্নান করিতে হয়। আচমন করিয়া নিম্নোক্ত সংকল্প বাক্য পাঠ করিবে।

* ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ গঙ্গা-সাগরসঙ্গমে স্নানমহং করিষ্যে।

এইরূপ সংকল্প করিয়া স্নানবিধির অনুসারে স্নান করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ ত্বং দেব সরিতাং নাথ ত্বং দেবি সরিতাং বরে।
উভয়োঃ সঙ্গমে স্নাত্বা মুঞ্চামি দুরিতানি বৈ॥

ব্রহ্মপুত্রস্নানসংকল্পবাক্যং।

চান্দ্র চৈত্রমাসের শুক্লপক্ষীয় অষ্টমীতিথিতে অর্থাৎ অশোকাষ্টমীতে ব্রহ্মপুত্রে স্নান করিতে হয়।

আচমন করিয়া নিম্নোক্ত সংকল্পবাক্য পাঠ করিবে।

---

* "সংকল্পবাক্যে সর্ব্বত্র স্ত্রীলোক "অমুকগোত্রা অমুকীদেবী বা দাসী অমুককামা" বলিবে। শূদ্র "অমুকদাসঃ" বলিবে, এবং "প্রণব" স্থানে "নমঃ" পাঠ করিবে।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মোক্ষপ্রাপ্তিকামঃ ব্রহ্মপুত্রনদে স্নানমহং করিষ্যে।

পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

ওঁ ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন।
অমোঘাগর্ভসম্ভূত পাপং লৌহিত্য মে হর॥

গ্রহণস্নানসংকল্পবাক্যং।

সূর্য্য বা চন্দ্র গ্রহণ কালে নিম্নলিখিত সংকল্পবাক্য পাঠ করিয়া স্নানবিধির অনুসারে স্নান করিবে। যথা।—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ রাহুগ্রস্তদিবাকরে (চন্দ্রগ্রহণ হইলে "রাহুগ্রস্তনিশাকরে") অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা দশকোটিগুণ-গঙ্গাস্নানজন্যফলসমফল প্রাপ্তিকামঃ (চন্দ্রগ্রহণ হইলে "বহুশতচন্দ্রগ্রহণকালীনগঙ্গাস্নান-জন্যফলসমফলপ্রাপ্তিকামঃ") গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

গ্রহণমুক্তির পর একবার মন্ত্ররহিতস্নান করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ উত্তিষ্ঠ গম্যতাং রাহো ত্যজ্যতাং সূর্য্যসঙ্গমঃ *।
কর্ম্মচাণ্ডালযোগোত্থং কুরু পাপক্ষয়ং মম॥

পরে নিম্নোক্ত মন্ত্রপাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে। যথা—

ওঁ সদ্যঃ পাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

* চন্দ্রগ্রহণ হইলে "চন্দ্রসঙ্গমঃ" পাঠ করা বিধি।

দশহরাস্নানসঙ্কল্পবাক্যং।

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমীতিথিতে দশহরা স্নান করিতে হয়।

আচমন করিয়া নিম্নোক্ত সংকল্প বাক্য পাঠ করিবে।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য জৈষ্ঠেমাসি শুক্লে পক্ষে দশম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা দশবিধপাপক্ষয়কামঃ গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

স্নানকালে হস্তানক্ষত্রযুক্ত দশমীতিথি হইলে "হস্তানক্ষত্রযুক্ত দশম্যাং তিথৌ এবং দশজন্মার্জ্জিতদশবিধপাপক্ষয়কামঃ" বলিতে হইবে। হস্তানক্ষত্রযুক্তদশমীতিথিতে যদি মঙ্গলবার হয় তাহা হইলে "কুজবারাধিকরণকহস্তানক্ষত্রযুক্তদশম্যাং তিথৌ দশজন্মার্জ্জিতদশবিধপাপক্ষয়শতগুণাশ্বমেধজনিতপুণ্যসমপুণ্যপ্রাপ্তিকামঃ" পাঠ করিতে হইবে।

সংকল্প করিয়া নিম্নোক্তমন্ত্র পাঠপূর্ব্বক স্নানবিধ্যনুসারে স্নান করিবে। যথা—

ওঁ অদত্তানা মুপাদানং হিংসা চৈবাবিধানতঃ।
পরোদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতং॥
পারুষ্য মনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ।
অসম্বন্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধং॥
পরদ্রব্যেষভিধ্যানং মনসানিষ্টচিন্তনং।
বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্মমানসং॥

এতানি দশ পাপানি প্রশমং যান্তু জাহ্নবি।
স্নাতস্য মম তে দেবি জলে বিষ্ণুপদোদ্ভবে॥

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

নন্দাস্নানসংকল্পবাক্যং।

প্রতিপদ ষষ্ঠী এবং একাদশী তিথিকে নন্দাতিথি বলে। নন্দাতিথিতে স্নান করিতে হইলে নিম্নোক্ত সংকল্পবাক্য পাঠ করিয়া স্নানবিধানুসারে স্নান করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ নন্দায়াং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সপ্তজন্মাবচ্ছিন্নপতিতান্ন-ভক্ষণপতিতসংসর্গজন্যপাপপঞ্চমহাপাতকানির্ব্বচনীয়পাপক্ষয়রজস্ব-লাস্পৃষ্টান্নভোজনসত্তাসত্যকথনস্বর্ণমনিরত্নাপহরণসামান্যসকলবস্ত্ব পহরণসখিবধমিত্রহিংসাদিজনিতমহাঘোরবাদ্যনবরতযমকিঙ্করতা-ড়নপ্রশমনজন্মকৌমারাদিদশপাতকক্ষয়ব্রহ্মলোকা[illegible]করণকপরমহং সাবলোকনপুরঃসরবাসাধীতচতুর্ব্বেদসংপ্রদানককপিলধেনুলক্ষদান-জনিতফলশ্রীমন্নারায়ণদক্ষিণকরবাসতদুত্তরমর্ত্ত্যলোকীয়জন্মগুণাশ্র-য়ত্বসর্ব্বসুখভোগযশঃপ্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

বারুণীস্নানসঙ্কল্পবাক্যং।

গৌণচৈত্রমাসের কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশীতিথিতে শতভিষা-নক্ষত্র হইলে বারুণী হয়। শনিবারে বারুণী হইলে তাহাকে মহাবারুণী বলে। মহাবারুণীতে শুভযোগ হইলে মহামহা বারুণী হয়।

নিম্নলিখিত সঙ্কল্পবাক্য পাঠ করিয়া স্নানবিধির অনুসারে স্নান করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য চৈত্রেমাসি কৃষ্ণে পক্ষে শতভিষানক্ষত্র যুক্তত্রয়োদশ্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশত সূর্য্যগ্রহণকালীনগঙ্গাস্নানজন্যফলসমফলপ্রাপ্তিকামঃ গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

মহাবারুণীস্নানসংকল্পঃ।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শনিবারাধিকরণ শতভিষানক্ষত্রযুক্তত্রয়োদশ্যাং তিথৌ মহাবারুণ্যং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুকোটিসূর্য্যগ্রহণকালীনগঙ্গাস্নানজন্যফলসমফলপ্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

মহামহাবারুণীস্নানসঙ্কল্পঃ।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শনিবারাধিকারণক শুভযোগশতভিষানক্ষত্রযুক্তত্রয়োদশ্যাং তিথৌ মহামহাবারুণ্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ত্রিকোটিকুলোদ্ধরণকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

অর্দ্ধোদয়স্নানসঙ্কল্পবাক্যং।

পৌষ অথবা মাঘমাসের অমাবস্যায় দিবাভাগে রবিবার শ্রবণানক্ষত্র ও ব্যতীপাতযোগ হইলে তাহাকে অর্দ্ধোদয়যোগ কহে। ঐ দিনে সমস্ত জলাশয়ের জল গঙ্গাজলসদৃশ হইয়া থাকে। ঐ দিনে স্নান করিতে হইলে নিম্নলিখিত বাক্যে সংকল্প করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা রবিবারাধিকরণকব্যতীপাতযোগ শ্রবণানক্ষত্রান্বিতায়ামমাবাস্যায়াং তিথৌ অর্দ্ধোদয়ে কোটিসূর্য্য গ্রহণকালীন-গঙ্গাস্নানজন্ত-ফল-সমফলপ্রাপ্তি-কামঃ গঙ্গায়াং স্নান-মহং করিষ্যে।

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

কার্ত্তিকমাসীয়প্রাতঃস্নানসংকল্পবাক্যং।

কার্ত্তিকমাসীয় প্রাতঃস্নান চান্দ্র ও সৌর এই দ্বিবিধ মাসেই করিতে পারে এবং প্রত্যেক দিনে সংকল্প করিয়া কার্ত্তিকমাসীয় প্রাতঃস্নান করিতে পারে।

নিম্নলিখিত সংকল্পবাক্য ও মন্ত্র পাঠ করিয়া স্নান বিধির অনুসারে স্নান করিবে।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথাবারভ্য তুলাস্থরবিং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রাতঃস্নান মহং করিষ্যে *।

চান্দ্রস্নান সংকল্পে :—"ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে প্রতিপত্তিথাবারভ্য কার্ত্তিকমাসং যাবৎ প্রত্যহং" এই মাত্র বিশেষ।

দৈনিকস্নান সংকল্পে :—"ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ" এইমাত্র বিশেষ।

---

* গঙ্গাগর্ভে স্নান করিলে "গঙ্গায়াং প্রাতঃস্নানমহং করিষ্যে" বলিবে।

পরে নিম্নোক্ত মন্ত্রপাঠ করিয়া স্নান করিবে।

কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন।
প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ॥

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

রটন্তীস্নানসংকল্পবাক্যং।

পৌণমাঘমাসের কৃষ্ণপক্ষীয়চতুর্দ্দশীতিথিতে অরুণোদয় কালে রটন্তীস্নান করিতে হয়।

নিম্নোক্ত সংকল্পবাক্য পাঠ করিয়া স্নানবিধির অনুসারে স্নান করিবে।

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ রটন্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যমদর্শনাভাবকামোঽরুণোদয়বেলায়াং গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

মাঘমাসীয়প্রাতঃস্নানসঙ্কল্পবাক্যং।

অরুণোদয় হইতে আরম্ভ করিয়া অর্দ্ধসূর্য্যোদয় অবধি চারিদণ্ডকাল প্রাতঃস্নানে বিহিত। মাঘমাসীয়স্নান চান্দ্র ও সৌর এই দ্বিবিধমাসেই করিতে পারে, এবং প্রত্যেক দিনে সংকল্প করিয়াও স্নান করিতে পারা যায়। নিম্নোক্ত সংকল্পবাক্য পাঠ করিয়া স্নান বিধির অনুসারে স্নান করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য মাঘে মাসি মকররাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথাবারভ্য মকরস্থরবিং যাবৎ প্রত্যহং অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রাতঃস্নানমহং করিষ্যে *।

* গঙ্গাতে স্নান করিলে "গঙ্গায়াং প্রাতঃস্নানমহং করিষ্যে" বলিতে হইবে।

চান্দ্রমাঘস্নানসংকল্পে :—"ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে প্রতিপত্তিথাবারভ্য মাঘমাসং যাবৎ প্রত্যহং" এই মাত্র বিশেষ।

প্রতিদিন স্নানসংকল্পে :—"ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ" এই মাত্র বিশেষ।

স্নান করিয়া নিম্নলিখিত মন্ত্রসকল পাঠ করিবে। যথা—

ওঁ মাঘমাসমিমং পুণ্যং স্নাম্যহং দেব মাধব।
তীর্থস্যাস্য জলে নিত্যং প্রসীদ ভগবন্ হরে॥ ১
ওঁ দুঃখদারিদ্র্যনাশায় শ্রীবিষ্ণোস্তোষণায় চ।
প্রাতঃস্নানং করোম্যদ্য মাঘে পাপবিনাশনম্॥ ২
ওঁ মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব।
স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব॥ ৩
ওঁ দিবাকর জগন্নাথ প্রভাকর নমোঽস্তু তে।
পরিপূর্ণং কুরুষ্বেদং মাঘস্নানং মহাব্রতম্॥ ৪

এই চতুষ্টয় মন্ত্রের মধ্যে চান্দ্রমাসীয়স্নানে ও দৈনিকসঙ্কল্পিত-স্নানে তৃতীয় মন্ত্রটি পাঠ করিবে না। এই সকল মন্ত্র পাঠ করিয়া শ্রীকৃষ্ণ, শ্রীধর, শ্রীহরি, শ্রীবসুদেব, ইহাদিগকে স্মরণ করিবে।

* মাকরীসপ্তমীস্নানসঙ্কল্পবাক্যং।

মাঘমাসের শুক্লপক্ষীয় সপ্তমীতিথিকে মাকরীসপ্তমী বলে। এই মাকরীসপ্তমীতে নিম্নলিখিত সঙ্কল্প বাক্য পাঠ করিয়া মস্তকে সাতটি আকন্দ পত্র ও সাতটি কুলপত্র স্থাপনপূর্ব্বক মন্ত্রপাঠান্তে স্নান করিবে।

* মাকরীসপ্তমীতে চন্দ্রভাগায় স্নান প্রশস্ত।

সংকল্পবাক্যং।—ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে করীসপ্তম্যাং তিথৌ অরুণোদয়বেলায়াং অমুকগোত্রঃ শ্রীঅমুক-রবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণকালীন-গঙ্গাস্নানজন্যফলসমফলপ্রাপ্তি-নামঃ গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

স্নানমন্ত্রঃ।—যদ্‌যজ্জন্মকৃতং পাপং ময়া সপ্তসু জন্মসু।
তন্মে রোগঞ্চ শোকঞ্চ মাকরী হন্তু সপ্তমী॥

স্নান করিয়া "ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্" ইত্যাদি মন্ত্র পাঠ-র্ব্বক সূর্য্যার্ঘ্য দিয়া "ওঁ জবাকুসুমসঙ্কাশং" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া সূর্য্যকে প্রণাম করিবে। পরে করপুটে নিম্নলিখিত মন্ত্র দুইটী পাঠ করিবে। যথা—

ওঁ জননি সর্ব্বভূতানাং সপ্তমি সপ্তসপ্তিকে।
সপ্তব্যাহৃতিকে দেবি নমস্তে রবিমণ্ডলে॥
ওঁ সপ্তসপ্তিবহ প্রীত সপ্তলোকপ্রদীপন।
সপ্তম্যাং হি নমস্তভ্যং নমোঽনন্তায় বেধসে॥

পরে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া গঙ্গাকে প্রণাম করিবে।

মানসিকহরিপূজনং (হরির লুট দেওয়া বিধি।)

প্রথমে আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া, যে ব্যক্তির মানসিক, তাহার নামে সঙ্কল্প করিবে। যথা—

ওঁ বিষ্ণু ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ মনোভীষ্টসিদ্ধ্যর্থং মানসিকহরিপূজন-মহং করিষ্যামি।

অনন্তর যথাশক্তি হরি পূজা করিয়া ভোগ দান বিধি অনুসারে মিষ্টান্ন নিবেদন করিবে, পরে হরিধ্বনি করিয়া তিন বার ছড়াইয়া দিবে, অনন্তর "নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে হরিকে প্রণাম করিবে।

ঘটোৎসর্গঃ।

সৌরবৈশাখমাসের যে কোন দিবসে ঘটদান করিতে পারা যায়। তন্মধ্যে মহাবিষুবসংক্রান্তি, অক্ষয়তৃতীয়া ও বৈশাখীপূর্ণিমায় ঘটদান প্রশস্ত।

প্রথমে আচমন করিয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক বামহস্তে ঘট ধারণ করিবে। পরে "এতস্মৈ * সযবোপকরণগঙ্গাজলপূর্ণঘটায় নমঃ" এই মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার জলের ছিটা দিবে। অনন্তর "এতে গন্ধপুষ্পে এতস্মৈ সযবোপকরণগঙ্গাজলপূর্ণঘটায় নমঃ" বলিয়া ঘটের পূজা করিবে। তৎপরে "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া বিষ্ণুর পূজা করিবে। অনন্তর "এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" বলিয়া উদ্দেশে ব্রাহ্মণের পূজা করিবে।

পরে দক্ষিণ হস্ত কোশায় জলে স্থাপন করিয়া "ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদন্ত অমুকে মাসি † অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ

---

* গঙ্গাজল না হইলে কেবল "জলপূর্ণ" বলিবে।

† সংক্রান্তি দিবসে ঘটদান করিলে "বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে রবে মহাবিষুবসংক্রান্ত্যাং" ইত্যাদি উল্লেখ করিবে।

শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ * ইমং সযবোপকরণঘট মর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মনায়াহং সংপ্রদদে" † বলিবে।

এইরূপে ঘটোৎসর্গ করিয়া নিম্নোক্ত মন্ত্র সকল পাঠ করিবে। যথা—

এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ॥
ঘট ত্বং ধর্ম্মরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা।
ত্বয়ি লিপ্তে সন্তু লিপ্তা শ্চন্দনৈঃ সর্ব্বদেবতাঃ॥
পানীয়ং প্রাণিনাং প্রাণাঃ পানীয়ং প্রাণিনাং মহৎ।
পানীয়স্য প্রদানেন তৃপ্তির্ভবতু শাশ্বতী॥

পরে দক্ষিণান্ত করিবে। যথা—

ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকে তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎ সযবোপকরণঘটদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রহ্মণায়াহং সংপ্রদদানি।

---

* ইষ্টদেবতার উদ্দেশে ঘটদান করিলে তাঁহার নাম স্মরণ করিয়া "প্রীতিকামঃ" বলিবে। পিতা, মাতা, পিতামহাদিকে দিলে তাহাদের গোত্র ও সম্বন্ধিপদ (পিতুঃ পিতামহস্য ইত্যাদি) এবং নাম উল্লেখ করিয়া "অক্ষয় তৃপ্তিকামঃ" বলিবে। যথা—"অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অক্ষয়তৃপ্তি-কামঃ" ইত্যাদি।

† পিত্রাদির উদ্দেশে দিলে "সম্প্রদদানি" বলিবে।

পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

অচ্ছিদ্রাবধারণ। যথা—

ওমস্তু কৃতৈতৎ সযবোপকরণঘটদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

বৈগুণ্যসমাধান। যথা—

ওমস্তু কৃতেঽস্মিন্ ঘটদানকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।

ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ।

পরে বিষ্ণুপ্রণাম করিয়া গুরুপ্রণাম ও পিতৃপ্রণাম করিবে।

বিষ্ণুপ্রণামমন্ত্রঃ।

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়েত্যাদি।

গুরুপ্রণামমন্ত্রঃ।

ওঁ অখণ্ডমণ্ডলাকার মিত্যাদি।

পিতৃপ্রণামমন্ত্রঃ।

ওঁ পিতা ধর্ম্মঃ পিতা স্বর্গঃ পিতা হি পরমন্তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

ভ্রাতৃদ্বিতীয়াকৃত্যং।

কার্ত্তিক মাসে কালীপূজার পর দ্বিতীয়া তিথিকে ভ্রাতৃদ্বিতীয়া বলে। ঐ দিবসে ভগ্নি ভ্রাতাকে নূতন বস্ত্র পরিধান করাইয়া ফোঁটা দিবে, পরে অন্ন দিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। যথা—

* ভ্রাতস্তবাগ্র জাতাহং ভুঙ্‌ক্ষ্ব ভক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥

* কনিষ্ঠা ভগিনী হইলে "ভ্রাতস্তবানুজাতাহং" বলিবে।

গোগ্রাসদানমন্ত্রঃ।

* কার্ত্তিকমাসের গোষ্ঠাষ্টমীতে গো-পূজা করা বিধি।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া পূজা করিবে।

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্ণন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

গোপ্রণাম-মন্ত্রঃ।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া প্রণাম করিবে।

নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

আকাশপ্রদীপদানমন্ত্রঃ।

কার্ত্তিকমাসের সংক্রান্তি হইতে আরম্ভ করিয়া সমস্ত কার্ত্তিকমাসে প্রত্যেক দিন সায়ংকালে আকাশে দীপদান করিতে হয়।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া দীপ দান করিবে।

ওঁ দামোদরায় নভসি তুলায়াং লোলয়া সহ।
প্রদীপস্তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে॥

নষ্টচন্দ্রদর্শনদোষবিনাশমন্ত্রঃ।

ভাদ্রমাসের শুক্ল ও কৃষ্ণপক্ষের চতুর্থীতিথিতে চন্দ্র দর্শন করা নিষেধ। দৈবাৎ দর্শন করিলে নিম্নোক্ত মন্ত্রপাঠদ্বারা অভি-

* গোস্বামীমতে কার্ত্তিকমাসের শুক্লা প্রতিপদে গোপূজা বিধি।

মন্ত্রিত জল পান করা কর্ত্তব্য ; এবং স্যমন্তকমণির উপাখ্যান শ্রবণ করা বিধি।

সিংহঃ প্রসেন-মবধীৎ সিংহো জাম্ববতা হতঃ।
সুকুমারক মা রোদী-স্তব হ্যেষ স্যমন্তকঃ॥

একতারাদর্শনদোষক্ষয়মন্ত্রঃ।

আকাশে একটিমাত্র তারা দর্শন করিলে নারদ মুনিকে স্মরণ করা বিধি।

বজ্রভয়-নিবারণমন্ত্রঃ।

বজ্রপাত সময়ে নিম্ন লিখিত মন্ত্র পাঠ করিলে বজ্রভয় থাকেনা।

রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরং।
যে স্মরন্তি বিরূপাক্ষং ন তেষাং বিদ্যুতো ভয়ং॥
"জৈমিনি" মুনির স্মরণে বজ্রভয় থাকে না।

সর্পভয়-নিবারণমন্ত্রঃ।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিলে সর্পভয় থাকেনা।

অসিতঞ্চার্ত্তিমন্তঞ্চ সুনীথং বাপি যঃ স্মরেৎ।
দিবা বা যদি বা রাত্রৌ নাস্য সর্পভয়ং ভবেৎ॥

শেষ নিবেদন।

কর্ম্মণোহ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণোগতিঃ॥

শাস্ত্রে কর্ম্ম, অকর্ম্ম ও বিকর্ম্মভেদে ত্রিবিধকর্ম্ম লিখিত আছে। জীবের সম্বন্ধে অবশ্যকর্ত্তব্যরূপে বিহিত কর্ম্মই কর্ম্ম এবং নিষিদ্ধরূপে বিহিত কর্ম্ম অকর্ম্ম ও বিহিত কর্ম্মের অনুষ্ঠান না করা বিকর্ম্ম।

বিহিত কর্ম্মও নিত্য, নৈমিত্তিক ও কাম্যভেদে ত্রিবিধ। এই গ্রন্থে সকল কর্ম্মই প্রদর্শিত হইয়াছে। মনুষ্য যথাবিধি পূর্ব্বোল্লিখিত নিত্য ও নৈমিত্তিকরূপ বিহিত কর্ম্মের অনুষ্ঠান করিলে ক্রমশঃ চিত্তশুদ্ধি ও আনুসঙ্গিক পিতৃ-লোক এবং সত্যলোকাদিপ্রাপ্তিরূপ উত্তম ফল লাভ করে। কাম্যকর্ম্মানুষ্ঠানদ্বারা জীবের স্বর্গাদিপ্রাপ্তি ও চিত্তশুদ্ধি হইয়া থাকে। অকর্ম্ম এবং বিকর্ম্ম আচরণ করিলে নরকাদিপ্রাপ্তি ও চিত্তমালিন্য হয়; অতএব অকর্ম্ম ও বিকর্ম্ম পরিহার করিয়া অবশ্যকর্ত্তব্য বিহিত কর্ম্মের অনুষ্ঠান করাই শ্রেয়স্কর এবং সেই উদ্দেশেই এই গ্রন্থ প্রকাশিত হইল। যথাযথরূপে বিহিত কর্ম্মের অনুষ্ঠান করিলে জীবের ক্রমশঃ বিমলীকৃত অন্তঃকরণে পরমার্থতত্ত্বের অনুভূতিরূপ পরমপুরুষার্থের উপলব্ধি হয়। কাম্য-কর্ম্মের অনুষ্ঠানদ্বারা চিত্তশুদ্ধি হইলে স্বর্গাদিফলের ক্ষয়িষ্ণুত্ব ও ক্লেশদাতৃত্বাদি পর্য্যালোচনাদ্বারা কাম্যফলে অনাশক্তি হইয়া

থাকে। এবম্বিধ জীব পরমার্থ-সাধনে অধিকৃত হইয়া ক্রমশঃ মুক্তিলাভ করে।

অতএব প্রথমে কর্ম্মানুষ্ঠানদ্বারা কাম্যফলে যাহাতে অনাশক্তি হয় তাহা আমাদের একান্ত কর্ত্তব্য, কাম্যফলে অনাশক্তি হইলে জীব পরমার্থ-সাধনে অধিকারপ্রাপ্ত হইয়া বৈরাগ্য-সাধনে ও অর্পিত কর্ম্মফলদ্বারা ভগবৎ প্রীতিসাধনে তৎপর হইয়া থাকে। পরে পরমপুরুষার্থলাভেচ্ছায় শমদমাদিসাধনসম্পন্ন হইয়া বেদার্থ-নিপুন ব্রহ্মনিষ্ঠ সদগুরুর আশ্রয় গ্রহণপূর্ব্বক গুরূপদিষ্টজ্ঞান-দ্বারা সদসৎ বস্তুবিচারে প্রবৃত্ত হইয়া থাকে। পরে ব্রহ্মই সত্য অপর অনিত্য ইত্যাদিরূপ ব্রহ্মজ্ঞান লাভ করিয়া কৃতকৃত্য হইয়া শান্তিলাভ করে। যাহাতে সেইরূপ শান্তিলাভ করিতে পারা যায় তাহারই অধস্তন সোপানস্বরূপ এই ক্ষুদ্র পুস্তক প্রচার করিলাম। ইহাদ্বারা যদি লাকে অনুমাত্র শিক্ষা প্রাপ্ত হয় তাহা হইলে আমি পরিশ্রম সার্থক বোধ করিব।

সম্পূর্ণঃ।

কৃতজ্ঞতা স্বীকার।

কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে মেদিনীপুর নাড়াজোলের শ্রীল শ্রীযুক্ত রাজা নরেন্দ্রলাল খাঁন বাহাদুর "ডাকের কথা" প্রচার কল্পে ১১৫৲ টাকা সাহায্য করিয়াছেন।

ভোলানাথ দত্ত

মথুরাবাটী।